গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
বিয়ানীবাজার, সিলেট।

**বিষয় : উপজেলা পরিষদ সমন্বয় সভার (ডিসেম্বর ২০২১) কার্যবিবরণী।**

সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন
তারিখ : ০৯/১২/২০২১ খ্রি.
সময় : সকাল- ১০.০০ ঘটিকা
সভাপতি : জনাব আবুল কাশেম পল্লব, চেয়ারম্যান, বিয়ানীবাজার উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট।

সভায় উপস্থিত সদস্যদের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) পরিশিষ্ট "ক" তে সংযুক্ত করা হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বিয়ানীবাজার উপজেলা পরিষদের ডিসেম্বর-২০২১ মাসের সমন্বয় সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নোক্তভাবে সভার কার্যক্রম পরিচালনা করা হয় এবং সর্বসম্মত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

২। আলোচনা ও সিদ্ধান্ত সমূহ :

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশল বিভাগ | ০১। উপজেলা প্রকৌশলী সভায় তাঁর বিভাগের কার্যপত্র উপস্থাপন করেন। তিনি জানান যে, তাঁর বিভাগের কাজ স্বাভাবিক ভাবে চলছে। ২০২১-২২ অর্থ বছরে এডিপি প্রকল্পের আওতায় প্রকল্প বাস্তবায়নের জন্যে ইতোমধ্যে স্থানীয় ও জাতীয় পত্রিকায় দরপত্র আহবান করা হয়েছে। টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহে কার্যাদেশ প্রদান করা হবে। ২০২১-২২ অর্থ বছরের এডিপি প্রকল্পের কাজ আসন্ন বর্ষা মৌসুমের পূর্বেই বাস্তবায়নের জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | (০১) (ক) আসন্ন বর্ষা মৌসুমের পূর্বেই ২০২১-২২ অর্থ বছরের এডিপি প্রকল্পের কাজ শতভাগ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল |
| | | ০২। এলজিইডির আওতাধীন ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় মুড়িয়া ইউনিয়ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য মুড়িয়া ইউনিয়ন পরিষদ কর্তৃক পরিষদ সভার সিদ্ধান্ত সহকারে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। প্রস্তাবটি পরিষদ সভায় উপস্থাপন করা হয়। প্রস্তাবটি পরিষদ সভায় অনুমোদিত হলে মুড়িয়া ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রস্তাবিত প্রকল্পটি ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় বাস্তবায়ন করা যেতে পারে মর্মে সভাকে অবহিত করেন। | ০২। এ বিষয়ে আলোচনান্তে মুড়িয়া ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রস্তাবিত প্রকল্পটি ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় বাস্তবায়ন করার জন্য সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | ঐ |
| ০২ | শিক্ষা বিভাগ | প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, প্রাক প্রাথমিকের এক বিষয় ও প্রথম থেকে দ্বিতীয় শ্রেণির সকল বই এখনো প্রেস কর্তৃক সরবরাহ করা হয়নি। এ বিষয়ে প্রেস কর্তৃপক্ষের সহিত যোগাযোগ করা হলে সংক্ষিপ্ত সময়ের মধ্যে বই সরবরাহের আশ্বাস পাওয়া গিয়েছে। বই পৌঁছানোর প্রস্তুতি রয়েছে। এছাড়া তৃতীয় | ০১ জানুয়ারি ২০২১ এর মধ্যে সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানের বই বিতরণ কার্যক্রম নিশ্চিত সম্পন্ন করার জন্য সভায় গুরোত্বআরোপ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | শ্রেণি থেকে পঞ্চম শ্রেণির বই ইতোমধ্যে বিদ্যালয় পর্যায়ে সরবরাহ করা হয়েছে এবং ০১ জানুয়ারি ২০২২ তারিখ শিক্ষার্থীদের মাঝে বই বিতরনের প্রস্তুতি রয়েছে। | | |
| ০৩ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক কর্মকর্তা জানান যে, বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরনের লক্ষ্যে মাধ্যমিক পর্যায়ে ২৮%, দাখিল পর্যায়ে ৬.৯৮%, ইবতেদায়ী পর্যায়ে ৩১% পাঠ্যপুস্তক অত্র বিয়ানীবাজার উপজেলায় এসে পৌছেছে। আসা করা যাচ্ছে যে, নির্বাচিত সময়ের মধ্যে অবশিষ্ট পাঠ্যপুস্তক অত্র উপজেলায় এসে পৌছবে। এছাড়া দাপ্তরিক কার্যসমূহ স্বাভাবিক চলছে। | ০১ জানুয়ারি ২০২১ এর মধ্যে সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানের বই বিতরণ কার্যক্রম নিশ্চিত সম্পন্ন করার জন্য সভায় গুরোত্বআরোপ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ০৪ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর নভেম্বর- ২০২১ মাসের অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, চলতি মাসে<br><br>১। EOC কার্যক্রম অক্টোবর/২১ইং মাসে ডেলিভারী ভর্তি- ২৭৫ জন, ডেলিভারী হয়েছে- ২৩১ জন, সিজারিয়ান- ১৮, মাসিক গড় ডেলিভারী- ১৬৩ টি, ANC- ৩৭২ টি , PNC- ২২১ টি।<br><br>২। রোগী ঃ অক্টোবর/২১ইং মাসে বহির্বিভাগে রোগী- ৯০২০ জন,অন্তঃবিভাগে-৬৩৬ জন, জরুরী বিভাগে ৩৩৫০ জন।<br><br>৩। কমিউনিটি ক্লিনিক অক্টোবর/২১ইং মাসে মোট ১৩৬৪০ রোগী দেখা হয়েছে ।<br><br>৪। ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রে ঃ অক্টোবর/২১ইং মাসে রোগী ৬৩২৬ জন।<br><br>৫। মোবাইল সার্ভিসঃ বিয়ানীবাজার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে জরুরী স্বাস্থ্য পরামর্শে জন্য মোবাইল সার্ভিস চালু করা হয়েছে ।<br><br>মোবাইল নং-০১৭৩০-৩২৪৭৫০;<br><br>৬। ইপিআই কভারেজ অক্টোবর/২১ইং মাসে ৯৯%<br><br>৭। বেড অকুপেন্সী অক্টোবর/২১ইং মাসে ১০৭.১% | (ক) উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে স্বাস্থ্য সেবার মান নিশ্চিত করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।<br><br>(খ) করোনা ভাইরাস সংক্রামণ রোধে সকলকে বাধ্যতামূলকভাবে মাস্ক পরিধান করতে হবে এবং স্বাস্থ্যবিধি প্রতিপালন করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৫ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা তাঁর বিভাগের সকল কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতির নিম্নোক্ত প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। | যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম গতিশীল রাখার বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়। হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | চলতি মাসের আদায়যোগ্য টাকা- ১,৫০,২০৮/-<br>চলতি মাসে আদায়কৃত টাকা-১,৪৫,০০০/-<br>ক্রমপুঞ্জিত আদায়যোগ্য- ২,২২,৬৪,২১১/-<br>ক্রমপুঞ্জিত আদায়কৃত- ১,৯৩,১১,১০৮/- | | |
| ০৬ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে,<br>জানুয়ারি ,২০২২ ইং হতে মার্চ, ২০২২ পর্যন্ত ০৩ (তিন) মাসের জন্য ৩টি ট্রেড প্রশিক্ষণ যেমন- সেলাই, ফ্যাশন ডিজাইন ও বিউটি ফিকেশন চলমান রয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | চলতি অর্থ বছরের টার্গেট এবং অর্জন আগামী সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ০৭ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভাকে জানান যে, রবি/২০২১-২১ অর্থবছরে অত্র উপজেলায় বোরো ধান আবাদের লক্ষমাত্রা ৬১১০ হেক্টর ও বীজতলা প্রায় ৪৫০ হেক্টর নির্ধারণ করা হয়েছে। বোরো ধানের বীজতলা করা শেষ পর্যায়। রোপা আমন কর্তন শেষ পর্যায়। | রবি শস্য আবাদ ও আমন ফসল দ্রুত কর্তনের ব্যাপারে মাঠ পর্যায়ে কর্মরত এসএএওদের কৃষককে প্রয়োজনীয় পরামর্শ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা প্রশাসন/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/ ইউপি চেয়ারম্যান/ এসএএও (সকল) |
| | | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, রবি/২০২০-২১ মৌসুমে অত্র উপজেলায় ফসল ভিত্তিক ১ম ও ২য় বরাদ্দে মোট ১৬১০ জন (উফশী-৮০০ ও রবি প্রনোদনা-৮১০) ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার সহায়তা প্রদানের লক্ষ্যে প্রণোদনা কর্মসূচী বিতরণ সম্পন্ন করা হয়েছে। ২০২১-২২ অর্থবছরে রবি/২০২১-২২ মৌসুমে বোরোধানের হাইব্রিড জাতের বীজ ব্যবহারের মাধ্যমে উৎপাদন বৃদ্ধির জন্য কৃষকদের মাঝে বিনা মূল্যে বীজ সহায়তা কর্মসূচী বাস্তবায়নের নিমিত্তে ক্ষুদ্র, প্রান্তিক, মাঝারি ও বড় ৩৫৪০ জন কৃষকদের মাঝে ০২ কেজি হাইব্রিড বীজ সহায়তা হিসাবে সর্বমোট ৭০৮০ কেজি হাইব্রিড বীজ বিতরণ সম্পন্ন হয়েছে। | প্রণোদনা কর্মসূচি সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সকলের সহযোগিতা কামনা করা হয় | উপজেলা প্রশাসন/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/ ইউপি চেয়ারম্যান/ এসএএও (সকল) |
| | | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, অভ্যন্তরীন খাদ্যশস্য সংগ্রহ এর আওতায় সরকার কৃষকদের নিকট থেকে আমন ধান ক্রয় চলমান। কৃষক এপস এর মাধ্যমে আগ্রহী তালিকাভূক্ত কৃষকের নিকট হতে ধান ক্রয় করা হচ্ছে। | খাদ্যশস্য সংগ্রহ কর্মসূচি সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সকলের সহযোগিতা কামনা করা হয় | উপজেলা প্রশাসন/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/ ইউপি চেয়ারম্যান/ এসএএও (সকল) |
| | | উপজেলা কৃষি অফিসার সভাকে আরও জানান যে, অত্র উপজেলায় বিভিন্ন প্রকার রাসায়নিক সার ও বীজের পর্যাপ্ত মজুদ রয়েছে। বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে। | অত্র উপজেলায় যাতে কোন প্রকার রাসায়নিক সার ও বীজের সংকট না হয় সে ব্যাপারে উপজেলা কৃষি অফিসার সহ সংশ্লিষ্ট সকলকে সজাগ দৃষ্টি রাখার ব্যাপারে পরামর্শ প্রদান করা হয় | উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি ও সংশ্লিষ্ট (সকল) |
| ০৮ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় তাঁর বিভাগের কার্যপত্র উপস্থাপন করেন। তিনি জানান যে, | উপজেলা খাদ্য বিভাগের কার্যক্রম যথাযথভাবে নির্দেশনা অনুযায়ী চলমান | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/কৃষি |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | আসন্ন আমন সংগ্রহের লক্ষে কৃষি কর্মকর্তা এবং জনপ্রতিনিধিবৃন্দকে অত্র উপজেলার প্রকৃত কৃষক তালিকা প্রস্তুত করে প্রদানের অনুরোধ করেন। এছাড়াও তাঁর বিভাগের দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | রাখার বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়।<br><br>২। আসন্ন আমন সংগ্রহের লক্ষে কৃষি কর্মকর্তা এবং জনপ্রতিনিধিবৃন্দকে অত্র উপজেলার প্রকৃত কৃষক তালিকা প্রস্তুত করে খাদ্য অফিসে প্রেরণ করতে হবে। | কর্মকর্তা ও চেয়ারম্যান সকল। |
| ০৯ | সমাজসেবা বিভাগ | ০১। উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ২০২০-২১ অর্থবছরে বয়স্ক, বিধবা ও স্বামী পরিত্যাক্ত ভাতা ও অসচ্ছল প্রতিবন্ধীদের ব্যাংক হিসাবে টাকা ছাড়করণের কাজ চলমান রয়েছে। তাছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br>০২। উপজেলা নির্বাহী অফিসার জানান, মুক্তিযোদ্ধাদের ভাতা বিতরণের বিষয়ে অনেক অভিযোগ আসছে। কোন কোন ক্ষেত্রে এক সন্তান টাকা তুলছেন অন্যরা বঞ্চিত হচ্ছে। এ বিষয়ে দ্রুত অভিযোগ নিস্পত্তি করতে হবে। তাছাড়া মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভাড়া দেয়ার বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে। অসুস্থতা মুক্তিযোদ্ধা যারা আর্থিক সাহায্যের জন্য আবেদন করেছেন তাদের তালিকা যাচাই বাছাই করে দ্রুত তাদের মাঝে অর্থ বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। তাছাড়া অস্বচ্ছল মুক্তিযোদ্ধাদের আবাসনের জন্য বীর নিবাস নির্মাণের জন্য ১১ জনের তালিকা মন্ত্রণালয় হতে পাওয়া গেছে। জায়গা সঠিকতা যাচাই ও ডিজাইন অনুযায়ী ঘর হবে কিনা এ বিষয়ে সহকারী কমিশনার (ভূমি) ও উপজেলা প্রকৌশলী, এলজিইডি-র নিকট হতে প্রতিবেদন প্রাপ্তির পর দরপত্র আহবান করা হবে। মুক্তিযোদ্ধাদের কবর সংরক্ষণের কাজ দ্রুত সমাপ্ত করতে হবে। | ০১। উপজেলা সমাজসেবা বিভাগের কার্যক্রম যথাযথভাবে নির্দেশনা অনুযায়ী চলমান রাখার বিষয়ে গুরোত্ব আরোপ করা হয়।<br><br>০২। আলোচনায় উত্থাপিত বিষয় সমুহ অধিক গুরুত্ব সহকারে কার্যক্রম সম্পাদন করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ১০ | পৌরসভা | মেয়র, বিয়ানীবাজার পৌরসভা সভায় অনুপস্থিত। | মেয়র, বিয়ানীবাজার পৌরসভা বা তার প্রতিনিধি সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | মেয়র, বিয়ানীবাজার পৌরসভা |
| ১১ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা তাঁর বিভাগের কার্যপত্র সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে সকল জেলে এখনো জেলে আইডি কার্ড পায়নি বা জেলে আইডি কার্ড করতে ইচ্ছুক তারা উপজেলা মৎস্য অফিস হতে আবেদনপত্র সংগ্রহ পূর্বক আবেদন করতে পারবেন। এ বিষয়ে জনপ্রতিনিধিগণকে প্রচারণা অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন। | জেলে আইডি কার্ড করতে ইচ্ছুক মৎস্যজীবিদের জেলে আইডি কার্ড করণে স্থানীয়ভাবে উদ্বুদ্ধ করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান (সকল) ও ইসলামিক ফাউন্ডেশন, বিয়ানীবাজার। |
| ১২ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান | উপজেলা প্রাণিসম্পদ বিভাগের চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হয় এবং গবাদি পশু পাখি খামার রেজিস্ট্রেশন কার্যক্রমে ইউপি | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | যে, গত আগস্ট ২০২১ মাসে ১১৫ টি কৃত্রিম প্রজনন, ৬৮০টি গবাদি পশু পাখিকে টিকা প্রদান এবং ৯৯৫৬টি গবাদি পশু পাখিকে চিকিৎসা প্রদান করা হয়েছে। মুড়িয়া ইউনিয়নে একটি ফ্রি ভেটেনারি টিম পরিচালনা করা হয়েছে। এছাড়াও ৫টি উঠান বৈঠকের মাধ্যমে ৫৬ জন কৃষককে প্রাণিসম্পদ প্রযুক্তি সম্পর্কে ধারণা প্রদান করা হয়েছে। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভাকে আরো অবহিত করেন যে, গবাদি পশু পাখি খামার রেজিস্ট্রেশন কার্যক্রম চলমান রয়েছে। এ বিষয়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করেন। | চেয়ারম্যানগণকে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ জানানো হয়। | (সকল) |
| ১৩ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে,<br>১। নির্বাচন পরবর্তী একটি ভ্রাম্যমান প্রশিক্ষণ ও একটি উদ্বুদ্ধকরণ সভা সমবায়ীদের সমন্বয়ে অনুষ্ঠিত হবে। | ১। উপজেলা সমবায় বিভাগের চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা সমবায় অফিসার |
| ১৪ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী তাঁর বিভাগের কার্যপত্র সভায় উপস্থাপন করেন এবং সভাকে অবহিত করেন যে, জনস্বাস্থ্য প্রকৌশল কর্তৃক বাস্তবায়নাধীন "সমগ্র দেশে পানি সরবরাহ" শীর্ষক প্রকল্পের আওতায় ২০২১-২২ অর্থ বছরে বিয়ানীবাজার উপজেলায় ইউনিয়ন প্রতি ২৬টি একক পানির উৎস বরাদ্দ পাওয়া গেছে। অনুমোদিত ডিপিপি অনুযায়ী উক্ত বরাদ্দকৃত নলকূপের ৫০% স্থান মাননীয় সংসদ সদস্য কর্তৃক এবং অবশিষ্ট স্থান ইউনিয়ন ওয়াটস্যান কমিটি কর্তৃক নির্বাচন করা হবে। ইউনিয়ন ওয়াটস্যান কমিটির স্থান তালিকা উপজেলা ওয়াটস্যান কমিটি কর্তৃক অনুমোদিত হবে। এছাড়াও তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে বাস্তবায়িত হচ্ছে। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী তাঁর বিভাগের কার্যপত্র সভায় উপস্থাপন করেন এবং সভাকে অবহিত করেন যে, জনস্বাস্থ্য প্রকৌশল কর্তৃক বাস্তবায়নাধীন "সমগ্র দেশে পানি সরবরাহ" শীর্ষক প্রকল্পের আওতায় ২০২১-২২ অর্থ বছরে বিয়ানীবাজার উপজেলায় ইউনিয়ন প্রতি ২৬টি একক পানির উৎস বরাদ্দ পাওয়া গেছে। অনুমোদিত ডিপিপি অনুযায়ী উক্ত বরাদ্দকৃত নলকূপের ৫০% স্থান মাননীয় সংসদ সদস্য কর্তৃক এবং অবশিষ্ট স্থান ইউনিয়ন ওয়াটস্যান কমিটি কর্তৃক নির্বাচন করা হবে। ইউনিয়ন ওয়াটস্যান কমিটির স্থান তালিকা উপজেলা ওয়াটস্যান কমিটি কর্তৃক অনুমোদিত হবে। এছাড়াও তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে বাস্তবায়িত হচ্ছে। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ। |
| ১৫ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় অনুপস্থিত। বিগত কয়েকটি সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা অনুপস্থিত রয়েছেন যা সমীচীন নয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার বা তার প্রতিনিধি সভায় উপস্থিত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো। | পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১৬ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসের কাজ স্বাভাবিক ভাবে চলছে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস কর্তৃক গৃহীত প্রকল্প গুলোর গুণগতমান বজায় রাখার লক্ষ্যে তদারকি কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১৭ | বন বিভাগ | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন কেন্দ্র কর্মকর্তা তাঁর বিভাগের কার্যপত্র সভায় উপস্থাপন করেন। তাঁর বিভাগের কার্যক্রম | উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্রের চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা বন কর্মকর্তা |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকা |
|---|---|---|---|---|
| | | চলমান রয়েছে। | | |
| ১৮ | উপজেলা দারিদ্র্য বিমোচন কার্যালয় | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা সভাকে জানান যে,<br>মোট সদস্য= ৮০০ জন<br>ক্ষুদ্র ঋণ= ৪৭.০০ (১৩০ জন)<br>ক্ষুদ্র উদ্যোক্তা নারী= ৩৩.০০ (৭৫ জন)<br>প্রনোদনা= ১৬.৫০ (১৪ জন)<br>আদায়ের হার % = ৯৮%<br>প্রনোদনা= ১০০% | দারিদ্র্য বিমোচন কার্যালয়ের কার্যক্রমের মাধ্যমে অত্র উপজেলার অবহেলিত দারিদ্র্য জনগোষ্ঠীকে তাহার দপ্তরের সংশ্লিষ্ট সেবা যথাযথভাবে প্রদানের জন্য পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা |
| ১৯ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা তাঁর বিভাগের কার্যপত্র সভায় উপস্থাপন করেন। তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে মর্মে সভাকে অবহিত করেন। | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মক |
| ২০ | পল্লী বিদ্যুৎ সমিতি | ০১। ডিজিএম, বিয়ানীবাজার জোনাল অফিস, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ জানান পল্লী বিদ্যুৎ সমিতির কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান যে, বিভিন্ন এলাকায় বিদ্যুৎ লাইনের উপরে গাছ কর্তনের কাজ চলছে। নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ পেতে গাছ পালা কাটতে বিদ্যুৎ অফিসের লোকজনদের সহায়তা করার জন্য অনুরোধ জানান। অত্র উপজেলায় নিরবচ্ছিন্নভাবে বিদ্যুৎ সরবরাহের বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়। পাশাপাশি তাঁর বিভাগে জরুরী যোগাযোগের মোবাইল/টেলিফোন সার্বক্ষণিক সচল রাখার বিষয়ে পরামর্শ প্রদান করা হয়।<br>তাছাড়া মুজিব শতবর্ষ উপলক্ষে নির্মিত ঘরগুলোতে বিদ্যুৎ সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।<br>০২। অনতি বিলম্বে স্থানান্তরিত অফিসের বৈদ্যুতিক মিটার স্থানান্তর করতে হবে। | (ক) অত্র উপজেলায় নিবিচ্ছিন্নভাবে বিদ্যুৎ সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) মুজিব শতবর্ষ উপলক্ষে নির্মিত ঘরগুলোতে বিদ্যুৎ সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ডিজিএম, বিয়ানীবাজার জোনাল অফি পল্লী বিদ্যুৎ সমিতি- |
| ২১ | আমার বাড়ী আমার খামার | আমার বাড়ী আমার খামার প্রকল্পের সমন্বয়কারীর প্রতিনিধি সভায় জানান যে, তাঁর বিভাগ কর্তৃক বিভিন্ন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর বিভাগের অক্টোবর ২০২১ মাসের কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি নিম্নরূপঃ-<br>০১. ঋণ আদায় হয়েছে : ৬১,৮৪,৫৫৩/- টাকা<br>০২. ঋণ বিতরণ হয়েছে : ৪৯,৬০,০০০/- টাকা<br>০৩. সঞ্চয় আদায় : ৫,৭৮,৯৬১/- টাকা | (ক) আমার বাড়ী আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক এর কার্যক্রম আরোও জোরদার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) ব্যাংকিং কার্যক্রমের অগ্রগতির উপর হালনাগাদ তথ্যাদি আগামী সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | | | |
| | | ০১। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, মহান বিজয় দিবস, ২০২১ উপলক্ষ্যে বিয়ানীবাজার উপজেলা কমপ্লেক্স এর অভ্যন্তরে সব গাছের গোড়া সাদা রং করনের প্রয়োজনীয়তা দেখা দিলে উক্ত কাজ বাস্তবায়নের লক্ষ্যে সভায় প্রস্তাবনা পেশ করেন। | ০১। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা কমপ্লেক্স এর অভ্যন্তরে সব গাছের গোড়া সাদা রং করণ কাজটি ১৩,০০০/- (তেরো হাজার) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত কাজের ব্যয়িত টাকা উপজেলা রাজস্ব তহবিল থেকে নির্বাহের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী। |
| | | ০২। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের নতুন ভবনের এসডিবি ও এমডিডি বোর্ড ইলেকট্রিক কাজ করার প্রয়োজনীয়তা দেখা দিলে উক্ত কাজ বাস্তবায়নে প্রায় ২২,০০০/- (বাইশ হাজার) টাকা ব্যয় হতে পারে মর্মে সভায় প্রস্তাবনা উপস্থাপন করেন। | ০২। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের নতুন ভবনের এসডিবি ও এমডিডি বোর্ড ইলেকট্রিক কাজ উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে ২২,০০০/- (বাইশ হাজার) টাকা ব্যয়ে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী। |
| | | ০৩। উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান মহোদয়ের ব্যবহৃত জীপ গাড়ি নং- সিলেট ঘ-১১-০২৩১ এর যন্ত্রাংশ বিকল হয়ে যায়। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ ৩(গ) অনুচ্ছেদ মোতাবেক কর্তৃপক্ষের অনুমতিক্রমে গত ২৩/১১/২০২১ তারিখ জনাব ছাদেক আহমদ গাড়ি চালক, উপজেলা পরিষদ, বিয়ানীবাজার উক্ত বিকল হয়ে যাওয়া যন্ত্রাংশ ক্রয় পূর্বক গাড়িটি মেরামত করে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট বরাবর ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার একখানা বিল দাখিল করেন। দাকিলকৃত বিলটি যাচাইয়ান্তে সঠিক পাওয়ায় বিলটি অনুমোদনের নিমিত্ত উপজেলা প্রকৌশলী সভায় উপস্থাপন করেন। | ০৩। উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান মহোদয়ের ব্যবহৃত জীপ গাড়ি নং- সিলেট ঘ-১১-০২৩১ এর যন্ত্রাংশ ক্রয় পূর্বক মেরামত করণ বাবদ দাখিলকৃত ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকার বিলটি উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ ৩(গ) অনুচ্ছেদ মোতাবেক সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয় এবং উক্ত বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নির্বাহের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ঐ |
| | | ০৪। উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান মহোদয়ের ব্যবহৃত জীপ গাড়ি নং- সিলেট ঘ-১১-০২৩১ এর যন্ত্রাংশ বিকল হয়ে যায়। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ ৩(গ) অনুচ্ছেদ মোতাবেক কর্তৃপক্ষের অনুমতিক্রমে গত ২০/১২/২০২১ তারিখ জনাব ছাদেক আহমদ গাড়ি চালক,উপজেলা পরিষদ, বিয়ানীবাজার উক্ত বিকল হয়ে যাওয়া যন্ত্রাংশ ক্রয় পূর্বক গাড়িটি মেরামত করে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট বরাবর ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার একখানা বিল দাখিল করেন। | ০৪। উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান মহোদয়ের ব্যবহৃত জীপ গাড়ি নং- সিলেট ঘ-১১-০২৩১ এর যন্ত্রাংশ ক্রয় পূর্বক মেরামত করণ বাবদ দাখিলকৃত ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকার বিলটি উপজেলাপরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ ৩(গ) অনুচ্ছেদ মোতাবেক সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয় এবং উক্ত বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নির্বাহের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ঐ |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | দাকিলকৃত বিলটি যাচাইয়ান্তে সঠিক পাওয়ায় বিলটি অনুমোদনের নিমিত্ত উপজেলা প্রকৌশলী সভায় উপস্থাপন করেন। | | |
| | | ০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিয়ানীবাজার সভায় জানান যে, (১) আলীনগর রায়খাইল গ্রামের সুরমা নদীর পাড় সংলগ্ন প্রায় ৭০ মিটার এলাকা, (২) চারখাই সাফা ইয়াবল গ্রামের সুরমা নদীর পাড় সংলগ্ন প্রায় ৬০ মিটার এলাকা এবং (৩) কুড়ারবাজার ইউনিয়নের লাউঝারী গ্রামের কুশিয়ারা নদীর পাড় সংলগ্ন প্রায় ১০০ মিটার এলাকা নদীগর্ভে বিলীন হয়েগেছে । যতই দিন গড়াচ্ছে ততই উক্ত ভাংগন স্থান গুলো বৃদ্ধি পাচ্ছে। ইতোমধ্যে উল্লেখিত এলাকার অধিকাংশ সরকারি রাস্তাঘাট, ফসলী জমি ও বিভিন্ন স্থাপনা কুশিয়ারা ও সুরমা নদীর ভাংগনে অনেক ক্ষতি সাধিত হয়েছে। অনতি বিলম্বে নদী ভাংগন রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য স্থানীয় ভোক্তভোগী জনসাধারণ কর্তৃক একাধিক আবেদন করেছেন। নদী ভাংগন রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত সভায় উপস্থাপন করেন। | ০৫। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনায় উত্থাপিত (১) আলীনগর ইউনিয়নের রায়খাইল (২) চারখাই ইউনিয়নের সাফা এবং (৩) কুড়ারবাজার ইউনিয়নের লাউঝারী গ্রামের নদী ভাংগন রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, সিলেট বরাবর পত্র প্রেরণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, বিয়ানীবাজার, সিলেট। |
| | | ০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, জেলা পরিষদের মালিকানাধীন বিয়ানীবাজার উপজেলার কামারগ্রাম মৌজার ০৩নং খতিয়ানভূক্ত এস এ ২৬০ দাগের ০.৫০ একর পুকুর রকম (পরিত্যাক্ত) ভূমি নিয়ে স্কুল কর্তৃপক্ষ ও জেলা পরিষদের মধ্যে মতবিরোধ দেখা দেয়। এ বিষয়ে জেলা পরিষদ সিলেট কর্তৃক বিরোধপূর্ণ ভূমির সুষ্ঠু মীমাংসার জন্য গত ২৪/১১/২০২১ তারিখের স্মারক নং-৪৬.৬০.৯১০০.০০৪৩৯.০১৪.২০.৪৬৬(৪) মূলে একখানা একখানা পত্র প্রেরণ করেন। যেহেতু বিদ্যালয় ও জেলা পরিষদ সিলেটের মধ্যে অভিযুক্ত ভূমি নিয়ে মতাদ্বৈততা বিরাজমান সেহেতু উক্ত বিরোধপূর্ণ ভূমি সংক্রান্ত বিষয়টি শান্তিপূর্ণ মীমাংসার বিষয়ে উপজেলা পরিষদ কর্তৃক উদ্যোগ গ্রহণের জন্য সভায় প্রস্তাবনা উপস্থাপন করেন। | ০৬। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে জেলা পরিষদের মালিকানাধীন বিয়ানীবাজার উপজেলার কামারগ্রাম মৌজার ০৩নং খতিয়ানভূক্ত এস এ ২৬০ দাগের ০.৫০ একর পুকুর রকম (পরিত্যাক্ত) ভূমির ইজারা গ্রহণ/ইজারা প্রদানে সৃষ্ট মতদ্বৈতত'র বিষয়ে উভয় প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ/প্রতিনিধি গণকে সরেজমিন উপস্থিত রেখে সৃষ্ট বিরোধ শান্তিপূর্ণ মীমাংসার বিষয়ে সহযোগিতা করণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ জেলা পরিষদ, সিলেট/মেয়র, বিয়ানীবাজার পৌরসভা/ প্রধান শিক্ষক, চারখাই উচ্চ বিদ্যালয় ও সভাপতি, চারখাই উচ্চ বিদ্যালয় ম্যানেজিং কমিটি, বিয়ানীবাজার, |

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৬/১২/২০২১

(আবুল কাশেম পল্লব)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বিয়ানীবাজার,সিলেট।

স্মারক নম্বর : ০৫.৪৬.৯১১৭.০০০.০৬.০০৯.২১-

তারিখ : ০৯/১২/২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো।

০১। মাননীয় সংসদ সদস্য, সিলেট-৬ (বিয়ানীবাজার-গোলাপগঞ্জ)।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, সিলেট।
০৫। পুলিশ সুপার, সিলেট।
০৬। চেয়ারম্যান, বিয়ানীবাজার উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট।
০৭। মেয়র, বিয়ানীবাজার পৌরসভা বিয়ানীবাজার, সিলেট।
০৮। নির্বাহী প্রকৌশলী / সহকারী প্রকৌশলী,.............................................................................সিলেট।
০৯-১৩। জেলা ............................................................ কর্মকর্তা, সিলেট।
১৪। সহকারী কমিশনার (ভূমি) বিয়ানীবাজার, সিলেট ।
১৫। ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বিয়ানীবাজার,সিলেট।
১৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট।
১৭-৪০। উপজেলা ............................................................ কর্মকর্তা (সকল), বিয়ানীবাজার, সিলেট।
৪১। অফিসার ইনচার্জ, বিয়ানীবাজার থানা, বিয়ানীবাজার , সিলেট।
৪২-৫২। চেয়ারম্যান ..........................................................................................ইউপি ( সকল ), বিয়ানীবাজার, সিলেট।
৫৩। সভাপতি, প্রেসক্লাব, বিয়ানীবাজার , সিলেট ।
৫৪। জনাব ............................................................................বিয়ানীবাজার, সিলেট।

৯/১২/২১
(মোঃ আশিক নূর)
উপজেলা নির্বাহী অফিসার
বিয়ানীবাজার, সিলেট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
বিয়ানীবাজার, সিলেট

**বিষয় : উপজেলা পরিষদ সমন্বয় সভার (নভেম্বর ২০২১) কার্যবিবরণী।**

সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন
তারিখ : ১১/১১/২০২১ খ্রি.
সময় : সকাল- ১০.০০ ঘটিকা
সভাপতি : জনাব আবুল কাশেম পল্লব, চেয়ারম্যান, বিয়ানীবাজার উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট।

সভায় উপস্থিত সদস্যদের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) পরিশিষ্ট "ক" তে সংযুক্ত করা হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বিয়ানীবাজার উপজেলা পরিষদের নভেম্বর-২০২১ মাসের সমন্বয় সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নোক্তভাবে সভার কার্যক্রম পরিচালনা করা হয় এবং সর্বসম্মত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

২। আলোচনা ও সিদ্ধান্ত সমূহ :

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশল বিভাগ | ০১। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাছাড়া ২০২১-২২ অর্থ বছরের এডিপি প্রকল্পের আওতায় গৃহীত প্রকল্পগুলোর প্রাক্কলন প্রস্তুত কাজ প্রক্রিয়াধীন রয়েছে। আগামী ডিসেম্বর ২০২১ এর মধ্যেই পত্রিকায় টেন্ডার আহবান করা হবে। যথানিয়মে দরপত্র মূল্যায়ন শেষে এডিপি কাজ বাস্তবায়নের জন্য কার্যাদেশ প্রদান করা হবে। | ০১। উপজেলা প্রকৌশল বিভাগের চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল |
| | | ০২। এলজিইডির আওতাধীন ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় মুড়িয়া ইউনিয়ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য মুড়িয়া ইউনিয়ন পরিষদ কর্তৃক পরিষদ সভার সিদ্ধান্ত সহকারে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। প্রস্তাবটি পরিষদ সভায় উপস্থাপন করা হয়। প্রস্তাবটি পরিষদ সভায় অনুমোদিত হলে মুড়িয়া ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রস্তাবিত প্রকল্পটি ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় বাস্তবায়ন করা যেতে পারে মর্মে সভাকে অবহিত করেন। | ০২। এ বিষয়ে আলোচনান্তে মুড়িয়া ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রস্তাবিত প্রকল্পটি ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় বাস্তবায়ন করার জন্য সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | উপজেলা প্রকৌশলী, বিয়ানীবাজার। |
| ০২ | শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, সকল শিক্ষা প্রতিষ্ঠানের পাঠদান কার্যক্রম শুরু হয়েছে। এ লক্ষে সরকার কর্তৃক নির্দেশিত শর্তাদি অনুসরণ করে প্রতিষ্ঠানের পাঠদান কার্যক্রম সম্পর্কে সকলকে অবহিত করা হয়েছে। | (ক) মন্ত্রণালয়ের নির্দেশনা ও স্বাস্থ্যবিধি মেনে বিদ্যালয় পরিচালনা করতে হবে।<br>(খ) ঝড়ে পড়া রোধে অভিভাবক সমাবেশ নিয়মিত আয়োজন করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৩ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তাঁর বিভাগের কার্যপত্র সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, মাধ্যমিক পর্যায়ে সকল প্রতিষ্ঠানের পাঠদান কার্যক্রম শুরু হয়েছে। এ লক্ষে গত ০৮/০৯/২০২১ তারিখে সকল শিক্ষা প্রতিষ্ঠানদের নিয়ে সরকার/মাউশি কর্তৃক নির্দেশিত ১৯টি শর্তাদি অনুসরণ করে প্রতিষ্ঠানের পাঠদান কার্যক্রম সম্পর্কে সকলকে অবহিত করা হয়েছে। | (ক) মন্ত্রণালয়ের নির্দেশনা ও স্বাস্থ্যবিধি মেনে বিদ্যালয় পরিচালনা করতে হবে।<br><br>(খ) বাল্য বিবাহ বন্ধে ও ইভটিজিং প্রতিরোধে মা সমাবেশ করতে হবে। শিক্ষক ও জনপ্রতিনিধিগণ ভুমিকা পালন করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও সংশ্লিষ্ট সকল |
| ০৪ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর অক্টোবর- ২০২১ মাসের অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, চলতি মাসে<br>১। EOC কার্যক্রম অক্টোবর/২১ মাসে ডেলিভারী ভর্তি- ২৭৫ জন, ডেলিভারী হয়েছে- ২৩১ জন, সিজারিয়ান- ১৮ টি, মাসিক গড় ডেলিভারী- ১৬৩ টি, ANC - ৩৭২ টি , PNC -২২১ টি।<br>২। রোগী : অক্টোবর/২১ মাসে বহির্বিভাগে রোগী- ৯০২০ জন, অন্তঃবিভাগে-৬৩৬ জন, জরুরী বিভাগে-৩৩৫০ জন।<br>৩। কমিউনিটি ক্লিনিক অক্টোবর/২১ মাসে কমিউনিটি ক্লিনিকে মোট ১৩৬৪০ জন রোগীকে চিকিৎসা দেয়া হয়েছে।<br>৪। ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রে : অক্টোবর/২১ মাসে রোগী ৬৩২৬ জন।<br>৫। মোবাইল সার্ভিসঃ বিয়ানীবাজার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে জরুরী স্বাস্থ্য পরামর্শে জন্য মোবাইল সার্ভিস চালু করা হয়েছে ।<br>৬। ইপিআই কভারেজ ৯৯%<br>৭। বেড অকুপেন্সী ১০৭.১% | (ক) উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে স্বাস্থ্য সেবার মান নিশ্চিত করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।<br><br>(খ) করোনা ভাইরাস সংক্রামণ রোধে সকলকে বাধ্যতামূলকভাবে মাস্ক পরিধান করতে হবে এবং স্বাস্থ্যবিধি প্রতিপালন করতে হবে।<br><br>(গ) জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম জোরদার করণের লক্ষ্যে স্বাস্থ্য সহকারীগণ প্রতিমাসে গর্ভবতী মায়েদের তথ্য ইউনিয়ন পরিষদে দাখিল করবেন। এ বিষয়টি উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা মনিটরিং করবেন। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল |
| ০৫ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা তাঁর বিভাগের সকল কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতির নিম্নোক্ত প্রতিবেদন সভায় উপস্থাপন করেন।<br>চলতি মাসের আদায়যোগ্য টাকা- ১,৫০,২০৮/-<br>চলতি মাসে আদায়কৃত টাকা-১,৪৫,০০০/-<br>ক্রমপুঞ্জিত আদায়যোগ্য- ২,২২,৬৪,২১১/-<br>ক্রমপুঞ্জিত আদায়কৃত- ১,৯৩,১১,১০৮/- | যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম গতিশীল রাখার বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়। হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| ০৬ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে,<br><br>১। চলমান ২০২১-২২ চক্রের ভিজিডি কর্মসূচির নভেম্বর ২০২১ মাসের খাদ্যশস্য ছাড়পত্র (ডিও) দেয়া সম্পন্ন হয়েছে। | (ক) চলতি অর্থ বছরের টার্গেট এবং অর্জন আগামী সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- | --- |
| | | ২। দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কার্যক্রমের ২০২১-২২ অর্থ বছরের বরাদ্দ প্রাপ্ত ৭০ (সত্তর) জন ভাতাভোগীর এম.আই.এস এ ডাটা এন্ট্রি সম্পন্ন হয়েছে।<br><br>৩। বিয়ানীবাজার পৌরসভায় চলমান কর্মজীবি "ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল" ভাতা কার্যক্রমের ২০২১-২২ অর্থ বছরে বরাদ্দ প্রাপ্ত ৪৬ (ছেচল্লিশ) জন ভাতাভোগীর তালিকা পাওয়া গেছে এবং এমআইএস এ ডাটা এন্ট্রি কার্যক্রম চলমান রয়েছে।<br>৪। বিয়ানীবাজার উপজেলার ১১টি কিশোর কিশোরী ক্লাব এর প্রতিটিতে ১টি করে হারমোনিয়াম, ১ জোড়া তবলা, ১টি ক্যারামবোর্ড, ১সেট লুডু, দাবা ও অন্যান্য মনিহারী দ্রব্যাদিসহ ২জন জেন্ডার প্রমোটারকে বাইসাইকেল বিতরণ করা হয়েছে। | (খ) প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। প্রশিক্ষণের ভাতা প্রদান কার্যক্রম পরিপত্র অনুযায়ী সম্পাদন করতে হবে। | |
| ০৭ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভাকে জানান যে, খরিপ-২/২০১৯-২০ অর্থবছরে অত্র উপজেলায় আমন আবাদ ৯৫১০ হেক্টর। | আমন আবাদ সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা প্রদানের নিমিত্ত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রশাসন/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/ ইউপি চেয়ারম্যান/এসএএও (সকল) |
| | | উপজেলা কৃষি অফিসার সভাকে জানান যে, আসন্ন রবি/২০-২১ মৌসুমে বোরো আবাদ সহ আগাম সবজি আবাদ সম্প্রসারণ করার লক্ষ্যে মাঠ পর্যায়ে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। | বোরো ও আগাম সবজি আবাদ সম্প্রসারণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করতে হবে। | উপজেলা প্রশাসন/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/ভারপ্রাপ্ত কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান/ এসএএও (সকল) |
| | | উপজেলা কৃষি অফিসার সভাকে জানান যে, অত্র উপজেলায় সমন্বিত ব্যবস্থপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্প এর আওতায় উপজেলা পর্যায়ে কৃষি যন্ত্রপাতি ও উপকরণ সংরক্ষণাগার নির্মাণের জন্য উপজেলা পরিষদ চত্বরে ১২০০ বর্গফুট আয়তনের জমি প্রয়োজন। | কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সহকারী কমিশনার (ভূমি), উপজেলা প্রকৌশলী, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, বিয়ানীবাজার কমিটি আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে জায়গার বিষয়ে প্রতিবেদন দিবেন। | সংশ্লিষ্ট কমিটি |
| | | উপজেলা কৃষি অফিসার সভাকে আরও জানান যে, অত্র উপজেলায় বিভিন্ন প্রকার রাসায়নিক সার ও বীজের পর্যাপ্ত মজুদ রয়েছে। বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে। | অত্র উপজেলায় যাতে কোন প্রকার রাসায়নিক সার ও বীজের সংকট না হয় সে ব্যাপারে উপজেলা কৃষি অফিসার সহ সংশ্লিষ্ট সকলকে সজাগ দৃষ্টি রাখার ব্যাপারে পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি ও সংশ্লিষ্ট (সকল) |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৮ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় তাঁর বিভাগের কার্যপত্র উপস্থাপন করেন। তিনি জানান যে, আসন্ন আমন সংগ্রহের লক্ষে কৃষি কর্মকর্তা এবং জনপ্রতিনিধিবৃন্দকে অত্র উপজেলার প্রকৃত কৃষক তালিকা প্রস্তুত করে প্রদানের অনুরোধ করেন। এছাড়াও তাঁর বিভাগের দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | উপজেলা খাদ্য বিভাগের কার্যক্রম যথাযথভাবে নির্দেশনা অনুযায়ী চলমান রাখার বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়।<br><br>২। আসন্ন আমন সংগ্রহের লক্ষে কৃষি কর্মকর্তা এবং জনপ্রতিনিধিবৃন্দকে অত্র উপজেলার প্রকৃত কৃষক তালিকা প্রস্তুত করে খাদ্য অফিসে প্রেরণ করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/কৃষি কর্মকর্তা ও চেয়ারম্যান সকল। |
| ০৯ | সমাজসেবা বিভাগ | ০১। উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ২০২০-২১ অর্থবছরে বয়স্ক, বিধবা ও স্বামী পরিত্যাক্ত ভাতা ও অসচ্ছল প্রতিবন্ধীদের ব্যাংক হিসাবে টাকা ছাড়করণের কাজ চলমান রয়েছে। তাছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br>০২। উপজেলা নির্বাহী অফিসার জানান, মুক্তিযোদ্ধাদের ভাতা বিতরণের বিষয়ে অনেক অভিযোগ আসছে। কোন কোন ক্ষেত্রে এক সন্তান টাকা তুলছেন অন্যরা বঞ্চিত হচ্ছে। এ বিষয়ে দ্রুত অভিযোগ নিস্পত্তি করতে হবে। তাছাড়া মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভাড়া দেয়ার বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে। অসুস্থতা মুক্তিযোদ্ধা যারা আর্থিক সাহায্যের জন্য আবেদন করেছেন তাদের তালিকা যাচাই বাছাই করে দ্রুত তাদের মাঝে অর্থ বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। তাছাড়া অস্বচ্ছল মুক্তিযোদ্ধাদের আবাসনের জন্য বীর নিবাস নির্মাণের জন্য ১১ জনের তালিকা মন্ত্রণালয় হতে পাওয়া গেছে। জায়গা সঠিকতা যাচাই ও ডিজাইন অনুযায়ী ঘর হবে কিনা এ বিষয়ে সহকারী কমিশনার (ভূমি) ও উপজেলা প্রকৌশলী, এলজিইডি-র নিকট হতে প্রতিবেদন প্রাপ্তির পর দরপত্র আহবান করা হবে। মুক্তিযোদ্ধাদের কবর সংরক্ষণের কাজ দ্রুত সমাপ্ত করতে হবে। | ০১। উপজেলা সমাজসেবা বিভাগের কার্যক্রম যথাযথভাবে নির্দেশনা অনুযায়ী চলমান রাখার বিষয়ে গুরোত্ব আরোপ করা হয়।<br><br>০২। আলোচনায় উত্থাপিত বিষয় সমূহ অধিক গুরুত্ব সহকারে কার্যক্রম সম্পাদন করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ১০ | পৌরসভা | মেয়র, বিয়ানীবাজার পৌরসভা সভাকে জানান যে, বিয়ানীবাজার পৌর এলাকায় যানজট নিরসনে বিয়ানীবাজার পৌরসভা হতে বিভিন্ন কার্যক্রম গ্রহন করা হয়েছে। বাজারের অস্থায়ী দোকানগুলো সরানোর প্রচেষ্টা অব্যাহত আছে। এছাড়া ইতোমধ্যে পৌর এলাকার পানি নিষ্কাশনের ড্রেণগুলোর ময়লা আবর্জনা পরিস্কার পরিচ্ছন্ন ও নিষ্কাশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। তাছাড়া গত বর্ষা মৌসুমে অধিক বৃষ্টিপাতের ফলে পৌর এলাকার ক্ষতিগ্রস্থ রাস্তা গুলো সংস্কারের কাজ অব্যাহত আছে। | (ক) আসন্ন বর্ষা মৌসুমে শহরের কোথাও যেন জলাবদ্ধতা সৃষ্টি না হয় সে বিষয়ে কার্যক্রম গ্রহণ করতে হবে।<br><br>(খ) পৌর শহরের রাস্তায় সবজির দোকান, সিএনজি, হকার, অবৈধভাবে বসতে না পারে সে জন্য নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে। | মেয়র, বিয়ানীবাজার পৌরসভা |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১১ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা তাঁর বিভাগের কার্যপত্র সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে সকল জেলে এখনো জেলে আইডি কার্ড পায়নি বা জেলে আইডি কার্ড করতে ইচ্ছুক তারা উপজেলা মৎস্য অফিস হতে আবেদনপত্র সংগ্রহ পূর্বক আবেদন করতে পারবেন। এ বিষয়ে জনপ্রতিনিধিগণকে প্রচারণা অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন। | জেলে আইডি কার্ড করতে ইচ্ছুক মৎস্যজীবিদের জেলে আইডি কার্ড করলে স্থানীয়ভাবে উদ্বুদ্ধ করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান (সকল) ও ইসলামিক ফাউন্ডেশন, বিয়ানীবাজার। |
| ১২ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, গত বিগত মাসে ১০১টি কৃত্রিম প্রজনন, ৪৯০৯২টি গবাদি পশু পাখিকে টিকা প্রদান এবং ৯৬৯২টি গবাদি পশু পাখিকে চিকিৎসা প্রদান করা হয়েছে। মুড়িয়া ইউনিয়নে একটি ফ্রি ভেটেনারি টিম পরিচালনা করা হয়েছে। এছাড়াও ৮টি উঠান বৈঠকের মাধ্যমে ৯৩ জন কৃষককে প্রাণিসম্পদ প্রযুক্তি সম্পর্কে ধারণা প্রদান করা হয়েছে। | (ক) উপজেলা প্রাণিসম্পদ বিভাগের চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়।<br>(খ) উপজেলা প্রণিসম্পদ অফিসের রাস্তা ও গাইডওয়াল নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র মহোদয়কে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা<br>মেয়র, বিয়ানীবাজার পৌরসভা। |
| ১৩ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা তাঁর বিভাগের কার্যপত্র সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, সমবায়ীদের দোর গোড়ায় সমবায় সেবা পৌছানোর লক্ষ্যে ২৫ জন করে সমবায়ীর সমন্বয়ে আগামী ১৯ নভেম্বর ২০২১ তারিখে সমবায় ব্যবস্থাপনা উন্নয়ন বিষয়ক ভ্রাম্যমাণ প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। এছাড়াও তাঁর বিভাগের অন্যান্য কার্যক্রম সাভাবিক ভাবে চলছে। | উপজেলা সমবায় বিভাগের চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা সমবায় অফিসার |
| ১৪ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী তাঁর বিভাগের কার্যপত্র সভায় উপস্থাপন করেন এবং সভাকে অবহিত করেন যে, জনস্বাস্থ্য প্রকৌশল কর্তৃক বাস্তবায়নাধীন "সমগ্র দেশে পানি সরবরাহ" শীর্ষক প্রকল্পের আওতায় ২০২১-২২ অর্থ বছরে বিয়ানীবাজার উপজেলায় ইউনিয়ন প্রতি ২৬টি একক পানির উৎস বরাদ্দ পাওয়া গেছে। অনুমোদিত ডিপিপি অনুযায়ী উক্ত বরাদ্দকৃত নলকূপের ৫০% স্থান মাননীয় সংসদ সদস্য কর্তৃক এবং অবশিষ্ট স্থান ইউনিয়ন ওয়াটস্যান কমিটি কর্তৃক নির্বাচন করা হবে। ইউনিয়ন ওয়াটস্যান কমিটির স্থান তালিকা উপজেলা ওয়াটস্যান কমিটি কর্তৃক অনুমোদিত হবে। এছাড়াও তার বিভাগের সকল কার্যক্রম স্বভাবিকভাবে বাস্তবায়িত হচ্ছে। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১৫ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসের কাজ স্বাভাবিক ভাবে চলছে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস কর্তৃক গৃহীত প্রকল্প গুলোর গুণগতমান বজায় রাখার লক্ষ্যে তদারকি কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১৬ | বন বিভাগ | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন কেন্দ্র কর্মকর্তা তাঁর বিভাগের কার্যপত্র সভায় উপস্থাপন করেন। তাঁর বিভাগের কার্যক্রম চলমান রয়েছে। | উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্রের চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা বন কর্মকর্তা |
| ১৭ | উপজেলা দারিদ্র্য বিমোচন কার্যালয় | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা সভাকে জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তিনি অক্টোবর ২০২১ মাসের কার্যপত্র সভায় উপস্থাপন করেন।<br>ঋণ বিতরণ:<br>(ক) নারী উদ্যোক্তা= ২৯.২৫ লক্ষ<br>(খ) সেল্প (বিশেষ)= ১৩.৩০ লক্ষ<br>(গ) ক্ষুদ্র= ১২.৫০ লক্ষ<br>(ঘ) প্রনোদনা= ১৬.৫০ লক্ষ<br>আদায়ের হার<br>(ক) আদায়ের হার ৯৮%<br>(খ) প্রনোদনা=১০০% | দারিদ্র্য বিমোচন কার্যালয়ের কার্যক্রমের মাধ্যমে অত্র উপজেলার অবহেলিত দারিদ্র্য জনগোষ্ঠীকে তাহার দপ্তরের সংশ্লিষ্ট সেবা যথাযথভাবে প্রদানের জন্য পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা |
| ১৮ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বা তার প্রতিনিধি সভায় উপস্থিত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৯ | পল্লী বিদ্যুৎ সমিতি | ০১। ডিজিএম, বিয়ানীবাজার জোনাল অফিস, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ জানান পল্লী বিদ্যুৎ সমিতির কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান যে, বিভিন্ন এলাকায় বিদ্যুৎ লাইনের উপরে গাছ কর্তনের কাজ চলছে। নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ পেতে গাছ পালা কাটতে বিদ্যুৎ অফিসের লোকজনদের সহায়তা করার জন্য অনুরোধ জানান। অত্র উপজেলায় নিরবচ্ছিন্নভাবে বিদ্যুৎ সরবরাহের বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়। পাশাপাশি তাঁর বিভাগে জরুরী যোগাযোগের মোবাইল/টেলিফোন সার্বক্ষণিক সচল রাখার বিষয়ে পরামর্শ প্রদান করা হয়।<br>তাছাড়া মুজিব শতবর্ষ উপলক্ষে নির্মিত ঘরগুলোতে বিদ্যুৎ সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | (ক) অত্র উপজেলায় নিরবিচ্ছিন্নভাবে বিদ্যুৎ সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) মুজিব শতবর্ষ উপলক্ষে নির্মিত ঘরগুলোতে বিদ্যুৎ সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(গ) বিদ্যুতের লাইনে কাজ করতে হলে অথবা অন্য কোন কারণে বেশী সময় বিদ্যুৎ না থাকলে অন্তত পক্ষে ২-১ দিন পূর্বে মাইকিং করে জনসাধারণকে জানাতে হবে এবং জনপ্রতিনিধি ও গুরুত্বপূর্ণ ব্যক্তিদের মোবাইলে এসএমএস প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ডিজিএম, বিয়ানীবাজার জোনাল অফিস, পল্লী বিদ্যুৎ সমিতি-১ |
| ২০ | আমার বাড়ী আমার খামার | আমার বাড়ী আমার খামার প্রকল্পের সমন্বয়কারীর প্রতিনিধি সভায় জানান যে, তাঁর বিভাগ কর্তৃক বিভিন্ন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর বিভাগের অক্টোবর ২০২১ মাসের কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি নিম্নরূপঃ-<br>০১. ঋণ আদায় হয়েছে : ৬১,৮৪,৫৫৩/- টাকা | (ক) আমার বাড়ী আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক এর কার্যক্রম আরোও জোরদার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(খ) ব্যাংকিং কার্যক্রমের অগ্রগতির | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ০২. ঋন বিতরণ হয়েছে : ৪৯,৬০,০০০/- টাকা<br>০৩. সঞ্চয় আদায় : ৫,৭৮,৯৬১/- টাকা | উপর হালনাগাদ তথ্যাদি আগামী সভায় উপস্থাপন করতে হবে। | |
| ২১ | বিবিধ | ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা'র ০৯/১১/২০২০ খ্রি. তারিখের ৮৮৩ নং অফিস আদেশ এর নির্দেশনা অনুযায়ী দক্ষ মালি ও সুইপার এর দৈনিক মজুরী ৪৫০ টাকা হতে বৃদ্ধি করে ৫৫০/- টাকা হারে এবং অদক্ষ মালি ও সুইপার দৈনিক মজুরী ৪০০ টাকা হতে বৃদ্ধি করে ৫০০/- টাকা হারে প্রদানের নির্দেশনা রয়েছে। সে প্রেক্ষিতে অত্র উপজেলায় কর্মরত দক্ষ /অদক্ষ মালি ও সুইপারদের দৈনিক মজুরী প্রদানের বিষয়ে প্রস্তবনা উপস্থাপন করেন। | ০১। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট এ কর্মরত দক্ষ মালি জনাব আফজল হোসেন এর দৈনিক মজুরী ৫৫০/- টাকা হারে এবং অদক্ষ মালি ও সুইপার জনাব বিল্লাল হোসেনের দৈনিক মজুরী ৫০০/- (পাঁচশত) টাকা হারে প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, বিয়ানীবাজার, সিলেট। |
| | | ০২। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, জনাব আবুল কাশেম পল্লব, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট এর জুন ২০২১ থেকে অক্টোবর ২০২১ পর্যন্ত সময়ের ভ্রমণ ভাতা বিল বাবদ সর্বমোট ৫১,৬২৫/- (একান্ন হাজার ছয়শত পঁচিশ) টাকার ভ্রমণ ব্যয় বিল দাখিল করেছেন। উক্ত ব্যয় উপজেলা রাজস্ব তহবিল থেকে পরিশোধের নিমিত্ত অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। | ০২। সভায় আলোচনান্তে জনাব আবুল কাশেম পল্লব, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট এর জুন ২০২১ থেকে অক্টোবর ২০২১ পর্যন্ত সময়ের ভ্রমণ ভাতা বিল বাবদ সর্বমোট ৫১,৬২৫/- (একান্ন হাজার ছয়শত পঁচিশ) টাকা উপজেলা রাজস্ব তহবিল থেকে পরিশোধের নিমিত্ত সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ঐ |
| | | ০৩। চেয়ারম্যান উপজেলা পরিষদ সভায় জানান যে, বর্ষা মৌসুমে পৌর এলাকার পানি নিষ্কাষণের অন্যতম খাল হচ্ছে লুলা খাল। দীর্ঘ দিন যাবৎ লুলা খালের খনন কাজ না হওয়াতে লুলা খালের অধিকাংশ স্থান ভরাট হয়ে গেছে। এমনকি কিছু কিছু স্থানে অবৈধ দখলদার কর্তৃক ভরাট করে স্থাপনা নির্মাণের পায়তারায় লিপ্ত রয়েছেন। যার ফলে পৌর এলাকাসহ আশপাশ এলাকায় বর্ষা মৌসুমে জলবদ্ধতা সৃষ্টি হচ্ছে। জরুরী ভিত্তিতে লুলা খাল খননের বিষয়ে সভায় প্রস্তাবনা উপস্থাপন করেন। এ বিষয়ে মেয়র, বিয়ানীবাজার পৌরসভা, ভাইস চেয়ারম্যানগণ ও ইউপি চেয়ারম্যানগণ সহমত পোষণ করেন।<br><br>এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান, লুলা খাল খননের বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়নে আলোচনা করে কার্যবিবরণীসহ প্রস্তাব উপজেলায় পাঠাতে হবে। প্রস্তাব প্রাপ্তির পর উপজেলা সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ পূর্বক এলজিইডি কর্তৃক বাস্তবায়ন করা হবে। | ০৩। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে লুলা খাল খননের বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ কর্তৃক কার্যবিবরণীসহকারে উপজেলা পরিষদে প্রস্তাব প্রেরণের পরামর্শ প্রদান করা হয়। | সংশ্লিষ্ট ইউপি, বিয়ানীবাজার |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ০৪। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের নবনির্মিত সম্প্রসারিত ভবনে উপজেলা পরিষদ কার্যালয় এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সহ অন্যান্য দপ্তর সমূহ স্থানান্তর করা হচ্ছে। যার ফলে নতুন সম্পসারিত ভবনের উপজেলা চেয়ারম্যান এবং ভাইস চেয়ারম্যানগণ, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের জন্য নতুন ফার্নিচার ক্রয়ের প্রয়োজনীয়তা রয়েছে। ফার্নিচার না থাকার কারণে দাপ্তরিক কাজে মারাত্মক ব্যাঘাত সৃষ্টি হচ্ছে। এহেন প্রেক্ষিতে উপজেলা চেয়ারম্যান এবং ভাইস চেয়ারম্যানগণ, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩(ছ) অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে আংশিক কিছু ফার্নিচার ক্রয় করা যাবে। বিষয়টি সভায় উপস্থাপন করেন। | ০৪। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে উপজেলা চেয়ারম্যান এবং ভাইস চেয়ারম্যানগণ, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের জন্য আপাতত জরুরী ভিত্তিতে আংশিক কিছু ফার্ণিচার ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩(ছ) এর নির্দেশনা অনুযায়ী নিম্নলিখিত প্রকল্প কমিটির মাধ্যমে ক্রয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>প্রকল্প কমিটি :<br>১। চেয়ারম্যান, শেওলা ইউপি.......................আহবায়ক<br>২। উপজেলা কৃষি অফিসার, বিয়ানীবাজার................ সদস্য<br>৩। উপজেলা মৎস্য অফিসার, বিয়ানীবাজার................ সদস্য।<br>৪। উপজেলা শিক্ষা অফিসার, বিয়ানীবাজার ................ সদস্য<br>৫। উপজেলা প্রকৌশলী, বিয়ানীবাজার ..............................সদস্য সচিব | উপজেলা প্রকৌশলী, বিয়ানীবাজার |
| | | ০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান যে, উপজেলা পরিষদ আইন-১৯৯৮ (পুনঃপ্রবর্তন আইন, ২০০৯ ও সংশোধিত আইন, ২০১১) এর ধারা ২৯ অনুযায়ী প্রতিটি উপজেলায় ১৭টি করে কমিটি গঠন করার বিধান রয়েছে। এ বিষয়ে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার স্মারক নং ৪৬.০০. ০০০০.০৪৫.১৮.০১৬.২০১৯-১১৭, তারিখ ১৫ ফেব্রুয়ারী ২০২১ মূলে "উপজেলা পরিষদের কমিটির কার্যক্রম পরিচালনার নির্দেশনা (গাইডলাইন)" চূড়ান্ত করা হয়েছে এবং অনতি বিলম্বে বর্ণিত গাইড লাইন অনুযায়ী কার্যক্রম বাস্তবায়নের নির্দেশনা রয়েছে। পত্র খানা তিনি সভায় উপস্থাপন করেন। মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত বর্ণিত পত্রের আলোকে কমিটি গঠন ও কার্যক্রম পরিচালনার জন্য ইতোমধ্যে অত্র উপজেলার ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান গণকে একাধিকবার তাগিদ প্রদান করা হয়েছে। উপজেলা মহিলা ভাইস | ০৫। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা) কর্তৃক দাখিলকৃত উপজেলা কমিটি (তাঁহার সংশ্লিষ্ট) সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং কমিটির কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হয়। পাশাপাশি উপজেলা ভাইস চেয়ারম্যানকে অনতি বিলম্বে তাঁহার সংশ্লিষ্ট উপজেলা কমিটি গুলো দাখিলের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা ভাইস চেয়ারম্যান/ উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা) |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | চেয়ারম্যান বর্ণিত পত্রের আলোকে উপজেলা কমিটির তালিকা প্রদান করেছেন (কমিটির তালিকা পরিশিষ্ট "খ" -তে উপস্থাপিত)। কিন্তু এখন পর্যন্ত উপজেলা ভাইস চেয়ারম্যান কর্তৃক তাহার সংশ্লিষ্ট উপজেলা কমিটির তালিকা দাখিল করেন নাই। যার ফলে উপজেলা পরিষদের উন্নয়ন কার্যক্রম ব্যাহত হচ্ছে। যাহা অত্যন্ত দু:খজনক। বিষয়টি তিনি পরিষদ সভায় উপস্থাপন করেন। | | |
| | | ০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান যে, উপজেলা মডেল মসজিদ নির্মাণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয় থেকে চাহিত পত্রের আলোকে বিয়ানীবাজার উপজেলায় মডেল মসজিদ নির্মাণের জন্য ১ম পর্যায় ফতেহপুর এলাকায় স্থান নির্বাচন পূর্বক প্রস্তাবনা প্রেরণ করা হয়। প্রস্তাবিত ভূমিতে জমি সংক্রান্ত জটিলতা থাকার কারণে প্রস্তাবিত স্থানটি বাতিল করে খাসা মৌজায় মডেল মসজিদ স্থাপনের জন্য পুণরায় প্রস্তাবনা পাঠানো হয়েছিলো। সেখানেও মডেল মসজিদ নির্মাণের গাইড লাইন অনুযায়ী প্রয়োজনীয় ভূমি না থাকায় মডেল মসজিদ নির্মাণ কাজ ব্যাহত হচ্ছে। যেহেতু পূর্বের প্রস্তাবিত স্থান গুলোতে ভূমি সংক্রান্ত জটিলতা রয়েছে এবং মডেল মসজিদ নির্মাণের গাইডলাইন অনুযায়ী জমি পাওয়া যাচ্ছে না, সেহেতু উপজেলা কমপ্লেক্স এর অভ্যন্তরে মডেল মসজিদ নির্মাণের বিষয়ে প্রস্তাবনা উপস্থাপন করেন। | ০৬। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে উপজেলা কমপ্লেক্স এর অভ্যন্তরে মডেল মসজিদ নির্মাণের গাইড-লাইন অনুযায়ী উপজেলা কমপ্লেক্স এর অভ্যন্তরে-ই মডেল মসজিদ নির্মাণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী কমিশনার (ভূমি)/ উপজেলা প্রকৌশলী, বিয়ানীবাজার |
| | | ০৭। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, আনসার ভিডিপি সদস্যদের জন্য নির্মিত গুলঘরে শীত মৌসুমে ঠান্ডা বাতাস প্রবাহিত হয়ে থাকে। যার ফলে রাত্রিকালীন সময়ে গুলঘরে কর্তব্যরত আনসার সদস্যগণের ডিউটি করতে সমস্যা সৃষ্টি হচ্ছে। তাই উক্ত গুলঘরের উপরের অংশের দরজা, জানালা ও কাচের গ্লাস স্থাপন করা অত্যন্ত জরুরী। উক্ত কাজ বাস্তবায়নে কত টাকা ব্যয় হতে পারে সে বিষয়ে সভায় উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করা হয়। উপজেলা প্রকৌশলী জানান যে, আনসার সদস্যগণের গুলঘরের বর্ণিত কাজ গুলো বাস্তবায়নে প্রায় ৬৫,০০০/- (পঁয়ষট্টি হাজার) টাকা ব্যয় হতে পারে। | ০৭। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা কমপ্লেক্স এর অভ্যন্তরে আনসার সদস্যগণের জন্য নির্মিত গুলঘরের উপরের অংশের দরজা, জানালা, ও ইট গাঁথুনীসহ যাবতীয় কাজটি ৬৫,০০০/- (পঁয়ষট্টি হাজার) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে আরএফকিউ পদ্ধতিতে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিলটি উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩(ক) অনুচ্ছেদ অনুযায়ী উপজেলা রাজস্ব তহবিল হতে নির্বাহের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, বিয়ানীবাজার। |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ০৮। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, গত ১৪/১০/২০২১ তারিখের পরিষদ সভার সিদ্ধান্তের আলোকে UTDC (পুরাতন অফিস ভবন) এর দোতলায় অবস্থিত কমন ট্রয়লেট এবং পুরাতন কনফারেন্স রুম সংলগ্ন ট্রয়লেট সংস্কার/মেরামত করণের লক্ষ্যে সরেজমিন পরিদর্শন পূর্বক প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলন অনুযায়ী কাজটি বাস্তবায়নে প্রায় ১,৬৫,০০০/- (এক লক্ষ পয়ষট্টি হাজার) টাকা ব্যয় হবে। তিনি প্রাক্কলন খানা সভায় উপস্থাপন করেন। | ০৮। সভায় উপস্থাপিত UTDC (পুরাতন অফিস ভবন) এর দোতলায় অবস্থিত কমন ট্রয়লেট এবং পুরাতন কনফারেন্স রুম সংলগ্ন ট্রয়লেট সংস্কার/মেরামত কাজের প্রাক্কলন সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। কাজটি ১,৬৫,০০০/- (এক লক্ষ পয়ষট্টি হাজার) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে আরএফকিউ পদ্ধতিতে দ্রুত বাস্তবায়ন পূর্বক বাস্তবায়ন কাজের বিল উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩(ক) অনুচ্ছেদ অনুযায়ী উপজেলা রাজস্ব তহবিল হতে নির্বাহের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, বিয়ানীবাজার। |
| | | ০৯। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, তথ্যকেন্দ্র, বিয়ানীবাজার সিলেট এর কার্যালয় পরিচালনার জন্য উপজেলা কমপ্লেক্স এর UTDC ভবনের ২য় তলার দক্ষিণ পার্শ্বের ০২টি রুম বরাদ্দ প্রদান করা হয়েছে। বরাদ্দকৃত রুম দুটির ইলেকট্রিক ওয়ারিং, রং করণ ও ফ্যান স্থাপনসহ আনুষাঙ্গিক কাজ অত্যন্ত জরুরী। উক্ত কাজ বাস্তবায়নে আনুমানিক ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা ব্যয় হবে। বিষয়টি তিনি পরিষদ সভায় উপস্থাপন করেন। | ০৯। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে তথ্যকেন্দ্র বিয়ানীবাজার সিলেট এর UTDC ভবনের ২য় তলার দক্ষিন পার্শ্বের বরাদ্দকৃত ০২টি রুমের ইলেকট্রিক ওয়ারিং, রং করণ ও ফ্যান স্থাপনসহ আনুষাঙ্গিক কাজ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩(ক) অনুচ্ছেদ অনুযায়ী উপজেলা রাজস্ব তহবিল হতে নির্বাহের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ঐ |
| | | ১০। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, আরডি-২ ভবনের নিচতলার সেফটি টেংকি ও চারপাশে ময়লা আবর্জনা জমে গিয়ে দুর্গন্ধ ছড়াচ্ছিলো। উক্ত সেফটি টেংকির অতি নিকটে উপজেলা হিসাবরক্ষণ কার্যালয় অবস্থিত। যার ফলে হিসাবরক্ষণ কার্যালয় সহ আশপাশের পরিবেশ মারাত্মকভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছিলো। কর্তৃপক্ষের নির্দেশক্রমে জনাব মুহাম্মদ শহিদুল ইসলাম, অডিটর, হিসাবরক্ষণ কার্যালয় কর্তৃক উক্ত ময়লা আবর্জনা পরিষ্কার করন কাজ সম্পন্ন করে ৪,৫০০/- (চার হাজার পাঁচশত) টাকা বিল চেয়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ বরাবর গত ০২/১১/২০২১ তারিখে একখানা বিল দাখিল করেন। দাখিলকৃত বিলটি অনুমোদন পূর্বক পরিশোধের নিমিত্ত সভায় উপস্থাপন করা হয়। | ১০। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে জনাব মুহাম্মদ শহিদুল ইসলাম, অডিটর, হিসাবরক্ষণ কার্যালয় কর্তৃক আরডি-২ ভবনের নিচতলার সেফটি টেংকি ও চারপাশে ময়লা আবর্জনা পরিষ্কারকরণ কাজের ৪,৫০০/- (চার হাজার পাঁচশত) টাকার বিলটি সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং বিলটি উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩(ভ) খাত হতে নির্বাহের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, বিয়ানীবাজার |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ১১। চেয়ারম্যান, শেওলা ইউপি সভায় জানান যে, শেওলা ইউনিয়নের অন্তর্গত দক্ষিণভাগ বালু মহালের ইজারাদার কর্তৃক নির্ধারিত ইজারাকৃত সমীনার মধ্যে বালু না থাকায় (২ একর ৩০ শতক) ইজারাকৃত্ স্থানের বাইরের বেশ কিছু ঝুঁকিপূর্ণ স্থান হতে প্রতিনিয়ত অবৈধভাবে বালু উত্তোলন করে থাকেন। যার ফলে স্থানীয় নদীপারের জনসাধারণের বসতবাড়ী, ০১টি জামে মসজিদ ও বিভিন্ন স্থাপনা নদীগর্ভে বিলীন হয়ে যাচ্ছে মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের মাসিক সভার কার্য বিবরণীসহকারে অভিযোগ উপস্থাপন করেন। তিনি আরো জানান যে, উক্ত বালু মহালের আশপাশ স্থান হতে বালু উত্তোনের বিরুদ্ধে স্থানীয় ভোক্তভোগী জনসাধারণ মধ্যে প্রচন্ড ক্ষোভের সৃষ্টি হচ্ছে। যেকোন সময় বালু উত্তোলনকে কেন্দ্র করে এলাকায় রক্তক্ষয়ী সংঘর্ষ সৃষ্টি হওয়ার সমূহ সম্ভাবনা রয়েছে। উপস্থাপিত অভিযোগের বিষয়ে দ্রুত কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য সভায় প্রস্তাবনা উপস্থাপন করেন।<br>এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, স্থানীয় অভিযোগের ভিত্তিতে অভিযুক্ত স্থানটি সরেজমিন পরিদর্শন করা হয়েছে। পরিদর্শনকালে বালু উত্তোলনরত অবস্থায় কাউকে পাওয়া যায় নাই। তবে স্থানীয় একাধিক ভোক্তভোগীরা পরিদর্শনকালে উপস্থিত ছিলেন এবং অভিযোগটির বিষয়ে সতত্যা নিশ্চিত করেছেন। | ১১। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে দক্ষিণ ভাগ বালু মহালে উত্তোলনযোগ্য বালু আছে কিনা এ বিষয়ে সরেজমিন পরিদর্শন পূর্বক প্রতিবেদন প্রদানের জন্য নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, সিলেটকে অনুরোধ করা হলো। প্রতিবেদন প্রাপ্তির পর পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী পানি উন্নয়ন বোর্ড, সিলেট। |
| | | ১২। সভার উপজেলা প্রকৌশলী জানান যে, বিয়ানীবাজার উপজেলার বিভিন্ন দপ্তর হতে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প এর আওতায় ৫ম পর্যায়ে (২০২০-২০২১) সক্ষমতাবৃদ্ধিমূলক বিভিন্ন বিভাগীয় উন্নয়ন বিষয়ক কমিটির সুপারিশের প্রেক্ষিতে নিম্নোক্ত মোট ০৩টি উপ-প্রকল্প প্রস্তাব পাওয়া গিয়াছে। উপ-প্রকল্প গুলোর বিষয়ে সভার বিস্তারিত আলোচনা করে উপজেলা দাখিল কর্তৃক উপ-প্রকল্পগুলির বিষয়ে উপস্থিত সদস্যদের মতামত নেওয়া হয়। নিম্নোক্ত উপ-প্রকল্পগুলোর পরিবেশগত ক্ষতিকর কোন প্রভাব ফেলবে না এবং প্রকল্প সমূহের প্রয়োজনীয় বরাদ্দকৃত অর্থের সদ্ব্যবহার হবে ও সাধারন জনগণ উপকৃত হবে বিবেচনায় উপ-প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য উপস্থিত সদস্যগণের নিকট গুরুত্ব পায়। তিনি গত ১২/১০/২১ তারিখের | ১২। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে প্রস্তবনায় উপস্থাপিত নিম্নোক্ত প্রকল্প গুলো সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।<br>০১। বিয়ানীবাজার উপজেলার ০২টি মাধ্যমিক বিদ্যালয়ে যথাক্রমে (০১) আছিরগঞ্জ হাইস্কুল ও কলেজ (২) খলিল চৌধুরী গার্লর্স একাডেমিতে ছাত্রীদের ব্যবহারের জন্য ওয়াস ব্লক নির্মাণ।<br>২। বিয়ানীবাজার উপজেলার মাধ্যমিক বিদ্যালয় ও প্রাথমিক বিদ্যালয়ে হাই-লো বেঞ্চ সরবরাহ।<br>৩। বিয়ানীবাজার উপজেলার বিভিন্ন | |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | উপজেলা প্রকল্প বাছাই কমিটির (পিএসসি) কমিটির সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন।<br>০১। বিয়ানীবাজার উপজেলার ০২টি মাধ্যমিক বিদ্যালয়ে যথাক্রমে (০১) আহিরগঞ্জ হাইস্কুল ও কলেজ (২) খলিল চৌধুরী গার্লস একাডেমিতে ছাত্রীদের ব্যবহারের জন্য ওয়াস ব্লক নির্মাণ।<br>২। বিয়ানীবাজার উপজেলার মাধ্যমিক বিদ্যালয় ও প্রাথমিক বিদ্যালয়ে হাই-লো বেঞ্চ সরবরাহ।<br>৩। বিয়ানীবাজার উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ বাজার , মহাসড়ক ও গুরুত্বপূর্ণ স্থানে সোলার লাইট স্থাপন। | গুরুত্বপূর্ণ বাজার , মহাসড়ক ও গুরুত্বপূর্ণ স্থানে সোলার লাইট স্থাপন। | |

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(আবুল কাশেম পল্লব)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বিয়ানীবাজার,সিলেট।

স্মারক নম্বর : ০৫.৪৬.৯১১৭.০০০.০৬.০০১.২১-৩৭৭
তারিখ : ১৭/১১/২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো।

০১। মাননীয় সংসদ সদস্য, সিলেট-৬ (বিয়ানীবাজার-গোলাপগঞ্জ)।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, সিলেট।
০৫। পুলিশ সুপার, সিলেট।
০৬। চেয়ারম্যান, বিয়ানীবাজার উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট।
০৭। মেয়র, বিয়ানীবাজার পৌরসভা বিয়ানীবাজার, সিলেট।
০৮। নির্বাহী প্রকৌশলী / সহকারী প্রকৌশলী,.......................................................................সিলেট।
০৯-১৩। জেলা ............................................................. কর্মকর্তা, সিলেট।
১৪। সহকারী কমিশনার (ভূমি) বিয়ানীবাজার, সিলেট ।
১৫। ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বিয়ানীবাজার,সিলেট।
১৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট।
১৭-৪০। উপজেলা ............................................................. কর্মকর্তা (সকল), বিয়ানীবাজার, সিলেট।
৪১। অফিসার ইনচার্জ, বিয়ানীবাজার থানা, বিয়ানীবাজার , সিলেট।
৪২-৫২। চেয়ারম্যান ..............................................................................ইউপি ( সকল ), বিয়ানীবাজার, সিলেট।
৫৩। সভাপতি, প্রেসক্লাব, বিয়ানীবাজার , সিলেট ।
৫৪। জনাব ..........................................................................বিয়ানীবাজার, সিলেট।

(মোঃ আশিক নুর)
উপজেলা নির্বাহী অফিসার
বিয়ানীবাজার, সিলেট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
বিয়ানীবাজার, সিলেট

**বিষয় : উপজেলা পরিষদ সমন্বয় সভার (অক্টোবর ২০২১) কার্যবিবরণী।**

সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন
তারিখ : ১৪/১০/২০২১ খ্রি.
সময় : সকাল- ১০.০০ ঘটিকা
সভাপতি : জনাব আবুল কাশেম পল্লব, চেয়ারম্যান, বিয়ানীবাজার উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট।

সভায় উপস্থিত সদস্যদের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) পরিশিষ্ট "ক" তে সংযুক্ত করা হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বিয়ানীবাজার উপজেলা পরিষদের অক্টোবর-২০২১ মাসের সমন্বয় সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নোক্তভাবে সভার কার্যক্রম পরিচালনা করা হয় এবং সর্বসম্মত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

**২। আলোচনা ও সিদ্ধান্ত সমূহ :**

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশল বিভাগ | ০১। উপজেলা প্রকৌশলী সভায় বার্ষিক উন্নয়ন কর্মসূচী এডিপি/২০২১-২০২২ অর্থ বছরের আওতায় প্রকল্প যাচাই কমিটি কর্তৃক অনুমোদিত নিম্নবর্ণিত স্কীমসমূহ অনুমোদনের নিমিত্তে সভায় উপস্থাপন করেন। | ০১। এ ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনান্তে প্রকল্প যাচাই কমিটি কর্তৃক অনুমোদিত উত্থাপিত স্কীমসমূহ দ্রুত টেন্ডার আহবান পূর্বক বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল |

| ক্র নং | স্কীমের নাম | অনুমোদিত ব্যয় | বাস্তবায়ন পদ্ধতি |
|---|---|---|---|
| | আলীনগর ইউনিয়ন | | |
| ০১ | আলীনগর মোহাম্মদপুর দক্ষিণ রাস্তার সিরাজের বাড়ীর সামন হইতে মসজিদের দিকে ইট সলিং। | ২০০০০০ | প্রকল্প কমিটি |
| ০২ | বড়াকপুর ডাঃ মুহিব মিয়ার বাড়ীর সম্মুখ হইতে দুলাল মিয়ার বাড়ীর দিকে ড্রেইন নির্মাণ। | ২০০০০০ | প্রকল্প কমিটি |
| ০৩ | বাহাদুরপুর অরবিন্দুর বাড়ী হইতে আং নূর এর বাড়ী পর্যন্ত ইট সলিং। | ২০০০০০ | টেন্ডার |
| | চারখাই ইউনিয়ন | | |
| ০৪ | পল্টিশাসন মসজিদ হইতে মেজল মিয়ার বাড়ীর দিকে ইট সলিং। | ২০০০০০ | প্রকল্প কমিটি |
| ০৫ | নন্দগ্রাম পূর্ব রাস্তা হইতে খাসপাড়ের দিকে ইট সলিং। | ২০০০০০ | টেন্ডার |
| ০৬ | পাইলগ্রাম শাখা রাস্তা হইতে সেলিম | ২০০০০০ | প্রকল্প কমিটি |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | | | | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|---|
| | | | মিয়ার বাড়ীর দিকে গাইডওয়াল নির্মাণ। | | | | |
| | | ০৭ | জিকুখাই রাস্তা ইটসলিং। | ২০০০০০ | টেন্ডার | | |
| | | ০৮ | দক্ষিণ চক্রবর্তী বাজারের পূর্ব রাস্তা ইট সলিং। | ২০০০০০ | টেন্ডার | | |
| | | ০৯ | উত্তর গোলা মজুমদার বাড়ীর সামনের রাস্তা ইট সলিং। | ২০০০০০ | টেন্ডার | | |
| | | নুরপুর ইউনিয়ন | | | | | |
| | | ১০ | বড়গ্রাম সরকারি প্রাথমিক বিদ্যালয় হতে পূর্ব মহল্লা জামে মসজিদের দিকে ইট সলিং। | ২০০০০০ | প্রকল্প কমিটি | | |
| | | ১১ | চরিয়া মেম্বারের বাড়ী হইতে মৃত ময়না মিয়ার বাড়ীর দিকে ইট সলিং। | ৩০০০০০ | টেন্ডার | | |
| | | ১২ | চরিয়া উত্তর পুরাতন ইট সলিং হইতে বাবুর দোকানের দিকে ইট সলিং। | ২০০০০০ | টেন্ডার | | |
| | | ১৩ | হাজরাপাড়া রাস্তায় ইট সলিং। | ২০০০০০ | টেন্ডার | | |
| | | ১৪ | মেওয়া মসজিদের রাস্তা হইতে গোরস্থান পর্যন্ত ইট সলিং। | ২০০০০০ | টেন্ডার | | |
| | | ১৫ | জনাব মনিয়া মিয়ার বাড়ীর রাস্তার মুখ হইতে জনাব পারভেজ মেম্বারের বাড়ীর দিকে ইট সলিং। | ২০০০০০ | টেন্ডার | | |
| | | শেওলা ইউনিয়ন | | | | | |
| | | ১৬ | কাকরদিয়া সিএনবি রাস্তা হইতে ফয়েজের বাড়ীর দিকে ইট সলিং। | ২০০০০০ | প্রকল্প কমিটি | | |
| | | ১৭ | চারাবই সুমনের বাড়ীর সামন হইতে সাবেক চেয়ারম্যান রইছ আলীর বাড়ীর দিকে সিসি ঢালাই। | ২০০০০০ | টেন্ডার | | |
| | | ১৮ | শালেশ্বর নানু মিয়ার বাড়ীর সম্মুখ হইতে শালেশ্বর বড় জামে মসজিদের দিকে ড্রেন নির্মাণ। | ২০০০০০ | টেন্ডার | | |
| | | ১৯ | দক্ষিণভাগ আখই মিয়ার বাড়ী হইতে | ২০০০০০ | টেন্ডার | | |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | | | | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|---|
| | | | দক্ষিণভাগ কেন্দ্রিয় উত্তর জামে মসজিদের দিকে ড্রেণ নির্মাণ। | | | | |
| | | ২০ | দিঘলবাক কটাই মিয়ার খাদিম বাড়ীর সম্মুখ হইতে পূর্ব দিকে রাইয়ব উদ্দিনের বাড়ীর দিকে ইট সলিং। | ২০০০০০ | টেন্ডার | | |
| | | কুড়ারবাজার ইউনিয়ন | | | | | |
| | | ২১ | আব্দুল্লাহপুর বাজার হইতে হাজী গিয়াস উদ্দিন মিয়ার মাদ্রাসার দিকে সিসি ঢালাই। | ২০০০০০ | টেন্ডার | | |
| | | ২২ | পূর্ব আস্কুরা মোহাম্মদপুর স্কুলের সামনা হইতে নজির উদ্দিনের বাড়ীর দিকে ইট সলিং। | ২০০০০০ | টেন্ডার | পরিবর্তে পূর্ব আস্কুরা মোহাম্মদপুর এতিম [illegible] হইতে বাজার [illegible] [illegible] দিকে সি.সি ঢালাই | |
| | | ২৩ | সেউলগ্রাম কুশিয়ারা নদীর পার হইতে ঈদগাহ'র দিকে সিসি ঢলাই। | ২০০০০০ | টেন্ডার | | |
| | | ২৪ | গোবিন্দশ্রী বিদ্যালয়ের পাশে গাইডওয়াল নির্মাণ। | ২০০০০০ | টেন্ডার | | |
| | | মাথিউরা ইউনিয়ন | | | | | |
| | | ২৫ | দুধবকশি পুরাতন বাড়ী সেলিম মেম্বারের বাড়ী হতে বড় বাড়ীর দিকে ইট সলিং। | ২০০০০০ | টেন্ডার | | |
| | | ২৬ | বেজগ্রাম জুবেদ আলী মিয়ার বাড়ী হইতে আব্দুল হাকিম মিয়ার বাড়ীর দিকে ইট সলিং। | ২০০০০০ | টেন্ডার | | |
| | | ২৭ | মুক্তিযোদ্ধের সংগঠক কথা সাহিত্যিক জনাব, আকমদ্ধ সিরাজুল ইসলামের বাড়ীর সামনের রাস্তার গাইড ওয়াল নির্মাণ। | ২০০০০০ | টেন্ডার | | |
| | | ২৮ | বিয়ানীবাজার টু চন্দরপুর রাস্তার মিনারাই অংশে প্যালাসাইডিং নির্মাণ। | ২০০০০০ | টেন্ডার (RFQ) | | |
| | | তিলপাড়া ইউনিয়ন | | | | | |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | | | | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|---|
| | | ২৯ | বিবিরাই পশ্চিমপার মসজিদ থেকে খেয়াঘাটের দিকে ইট সলিং। | ২০০০০০ | টেন্ডার | | |
| | | ৩০ | উলুটিরি বিবেকানন্দ দাসের বাড়ী হইতে পশ্চিম দিকে আলাই মিয়ার বাড়ীর দিকে ইট সলিং। | ২০০০০০ | টেন্ডার | | |
| | | ৩১ | তিলপাড়া গ্রামের জামে মসজিদ রাস্তার গাইডওয়াল নির্মাণ। | ২০০০০০ | টেন্ডার | | |
| | | ৩২ | খনন ও ডায়া পাইপ স্থাপনের মাধ্যমে দাসউরা করাপাতা খাল উন্নয়ন এবং ইউনিয়ন পরিষদের রাস্তা উন্নয়ন। | ২০০০০০ | প্রকল্প কমিটি | | |
| | | | মোল্লাপুর ইউনিয়ন | | | | |
| | | ৩৩ | পাতন তোফায়েলের বাড়ী হইতে হারি মেম্বারের বাড়ীর দিকে সিসি ঢালাই। | ২০০০০০ | প্রকল্প কমিটি | | |
| | | ৩৪ | মাটিকাটা জনাব হান্নান মিয়ার বাড়ীর সামন হতে ঢালাইর মুখ পর্যন্ত সিসি ঢালাই। | ২০০০০০ | প্রকল্প কমিটি | | |
| | | ৩৫ | আলীপুর পুল হইতে সামাদের বাড়ীর দিকে সিসি ঢালাই। | ২০০০০০ | টেন্ডার | | |
| | | | মুড়িয়া ইউনিয়ন | | | | |
| | | ৩৬ | পশ্চিম ঘুঙ্গাদিয়া আহমদ মিয়ার বাড়ী হইতে আব্দুল মন্নানের বাড়ীর দিকে সিসি ঢালাই। | ২০০০০০ | টেন্ডার | | |
| | | ৩৭ | পাগলা খলিলের বাড়ী হইতে পাত্রারিপাড়া দক্ষিণ রাস্তায় গাইডওয়াল নির্মাণ। | ২০০০০০ | টেন্ডার | | |
| | | ৩৮ | জনাব খোকা মিয়ার বাড়ী হইতে বড়দেশ কেন্দ্রিয় জামে মসজিদ পর্যন্ত ড্রেইন নির্মাণ। | ২০০০০০ | প্রকল্প কমিটি | | |
| | | ৩৯ | মন্তু মিয়ার বাড়ী হইতে নুরুই মিয়ার বাড়ী পর্যন্ত ইট সলিং। | ২০০০০০ | টেন্ডার | | |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| ৪০ | নওয়াগাঁও মেইন রোড হইতে পশ্চিমমুখী আমআলা টিলা রাস্তায় গাইডওয়াল নির্মাণ। | ২০০০০০ | টেন্ডার |
| | **লাউতা ইউনিয়ন** | | |
| ৪১ | বায়তুস সালাম মসজিদের সামনা হইতে নারায়নপুর কালভার্ট পর্যন্ত গার্ডওয়াল নির্মাণ। | ২০০০০০ | টেন্ডার |
| ৪২ | বিলপার পুরাতন ইট সলিং হইতে লতিফুল্লা ব্রীজের দিকে ইট সলিং। | ২০০০০০ | টেন্ডার |
| ৪৩ | নদির ফল জামে মসজিদের পশ্চিম হতে বদরুল মিয়ার বাড়ীর দিকে ইট সলিং। | ২০০০০০ | টেন্ডার |
| ৪৪ | কালাইউরা সাহাব উদ্দিনের বাড়ীর সম্মুখ হইতে পূর্ব দিকে জহির উদ্দিনের বাড়ীর দিকে রাস্তায় সিসি ঢলাই। | ২০০০০০ | টেন্ডার |
| ৪৫ | দক্ষিণ পাড়িয়াবহর জলতুপ কান্দী রাস্তার পাশ হইতে দক্ষিন দিকে আহাদের বাড়ীর দিকে রাস্তায় ইট সলিং। | ২০০০০০ | টেন্ডার |
| | **বিবিধ** | | |
| ৪৬ | উন্নয়ন তদারকী ও আনুষাঙ্গিক ব্যয়। | ৫২০০০ | সরাসরি ক্রয় |
| ৪৭ | উপজেলার বিভিন্ন ইউনিয়নের বেকার যুব মহিলাদের কর্মসংস্থানের লক্ষ্যে সেলাই মেশিন বিতরণ। | ২০০০০০ | প্রকল্প কমিটি |
| ৪৮ | বিশুদ্ধ পানি সরবরাহের জন্য বিভিন্ন ইউনিয়নে নলকূপ স্থাপন। | ২০০০০০ | প্রকল্প কমিটি |
| ৪৯ | উপজেলার বিভিন্ন ইউনিয়নের শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা উপকরন বিতরণ। | ৩৫০০০০ | টেন্ডার (RFQ) |
| ৫০ | বিয়ানীবাজার অফিসার্স ক্লাবের পূর্ত কাজ উন্নয়ন। | ৪০০০০০ | টেন্ডার (RFQ) |
| ৫১ | উপজেলার বিভিন্ন ইউনিয়নের বেকার যুব মহিলাদের | ২০০০০০ | প্রকল্প কমিটি |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | কর্মসংস্থানের লক্ষ্যে সেলাই মেশিন বিতরণ।<br>৫২ \| বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ে কোভিড-১৯ এর কারণে ঝরেপড়ারোধে ছাত্রীদের মধ্যে শিক্ষা সামগ্রী বিতরণ। \| ২০০০০০ \| প্রকল্প কমিটি<br>৫৩ \| উপজেলার বিভিন্ন ইউনিয়নের বেকার যুব মহিলাদের কর্মসংস্থানের লক্ষ্যে সেলাই মেশিন বিতরণ। \| ২০০০০০ \| প্রকল্প কমিটি | | |
| ০২ | শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, সকল শিক্ষা প্রতিষ্ঠানের পাঠদান কার্যক্রম শুরু হয়েছে। এ লক্ষে সরকার কর্তৃক নির্দেশিত শর্তাদি অনুসরণ করে প্রতিষ্ঠানের পাঠদান কার্যক্রম সম্পর্কে সকলকে অবহিত করা হয়েছে। | (ক) মন্ত্রণালয়ের নির্দেশনা ও স্বাস্থ্যবিধি মেনে বিদ্যালয় পরিচালনা করতে হবে।<br><br>(খ) ঝড়ে পড়া রোধে অভিভাবক সমাবেশ নিয়মিত আয়োজন করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার |
| ০৩ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তাঁর বিভাগের কার্যপত্র সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, মাধ্যমিক পর্যায়ে সকল প্রতিষ্ঠানের পাঠদান কার্যক্রম শুরু হয়েছে। এ লক্ষে গত ০৮/০৯/২০২১ তারিখে সকল শিক্ষা প্রতিষ্ঠানদের নিয়ে সরকার/মাউশি কর্তৃক নির্দেশিত ১৯টি শর্তাদি অনুসরণ করে প্রতিষ্ঠানের পাঠদান কার্যক্রম সম্পর্কে সকলকে অবহিত করা হয়েছে। | (ক) মন্ত্রণালয়ের নির্দেশনা ও স্বাস্থ্যবিধি মেনে বিদ্যালয় পরিচালনা করতে হবে।<br><br>(খ) বাল্য বিবাহ বন্ধে ও ইভটিজিং প্রতিরোধে মা সমাবেশ করতে হবে। শিক্ষক ও জনপ্রতিনিধিগন ভূমিকা পালন করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও সংশ্লিষ্ট সকল |
| ০৪ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিব পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সেপ্টেম্বর- ২০২১ মাসের অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, লতি মাসে<br>১। EOC কার্যক্রম সেপ্টেম্বর/২১ মাসে ডেলিভারী ভর্তি- ২৬৯ জন, ডেলিভারী হয়েছে- ১৯৩ জন, সিজারিয়ান- ১৪ টি, মাসিক গড় ডেলিভারী- ১৫৫ টি, ANC - ৩৭১ টি , PNC -১৯৩ টি।<br>২। রোগী : সেপ্টেম্বর/২১ মাসে বহির্বিভাগে রোগী- ৯১৮১ জন, অন্তঃবিভাগে-৬১৩ জন, জরুরী বিভাগে-৩০০৮ জন।<br>৩। কমিউনিটি ক্লিনিক সেপ্টেম্বর/২১ মাসে কমিউনিটি ক্লিনিকে মোট ১৪৬৫৫ জন রোগীকে চিকিৎসা দেয়া হয়েছে।<br>৪। ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রে সেপ্টেম্বর/২১ মাসে | (ক) উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে স্বাস্থ্য সেবার মান নিশ্চিত করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।<br><br>(খ) করোনা ভাইরাস সংক্রামণ রোধে সকলকে বাধ্যতামুলকভাবে মাস্ক- পরিধান করতে হবে এবং স্বাস্থ্যবিধি প্রতিপালন করতে হবে।<br><br>(গ) জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম জোরদার করণের লক্ষ্যে স্বাস্থ্য সহকারীগণ প্রতিমাসে গর্ভবতি মায়েদের তথ্য ইউনিয়ন পরিষদে দাখিল করবেন। এ বিষয়টি উপজেলা সদস্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- | --- |
| | | রোগী ৫৮০২ জন।<br>৫। মোবাইল সার্ভিসঃ বিয়ানীবাজার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে জরুরী স্বাস্থ্য পরামর্শে জন্য মোবাইল সার্ভিস চালু করা হয়েছে।<br>৬। ইপিআই কভারেজ ৯৯%<br>৭। বেড অকুপেন্সী ১১২.৬৬%<br>**করোনা ভাইরাস সংক্রান্ত :**<br>৮। মোট পজেটিভ রোগী-১৫৪৬ জন<br>৯। মোট নমুনা সংগ্রহ- ৪৮৮০ জন<br>১০। ১ম ডোজ টিকা প্রদান- ৫৬৬৮৮ জন<br>১১। ২য় ডোজ টিকা প্রদান- ২৫৯৬০ জন | মনিটরিং করবেন। | |
| ০৫ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা তাঁর বিভাগের সকল কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতির নিম্নোক্ত প্রতিবেদন সভায় উপস্থাপন করেন।<br>চলতি মাসের আদায়যোগ্য টাকা- ১,২৪,৩৭৫/-<br>চলতি মাসে আদায়কৃত টাকা-১,১০,০০০/-<br>ক্রমপুঞ্জিত আদায়যোগ্য- ২,১১,৮৯,৬২৮/-<br>ক্রমপুঞ্জিত আদায়কৃত- ১,৯০,১১,১০৭/-<br>ঋণ তহবিল- ৭০,১৫,১২০/-<br>তিনি আরো জানান যে, গত ১৫ আগস্ট ২০২১ তারিখে ০৩(তিন) জন যুব ও যুব মহিলা কে ১৫০,০০০/- টাকা যুব ঋণ প্রদান করা হয়েছে। | যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম গতিশীল রাখার বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়। হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| ০৬ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে,<br><br>১। চলমান ২০২১-২২ চক্রের ভিজিডি কর্মসূচির অক্টোবর,২০২১ মাসের খাদ্যশস্য ছাড়পত্র (ডিও) দেয়া সম্পন্ন হয়েছে।<br><br>২। দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কার্যক্রমের ২০২১-২২ অর্থ বছরের বরাদ্দ প্রাপ্ত ৭০ (সত্তর) জন ভাতাভোগীর এমআইএস এ ডাটা এন্ট্রি সম্পন্ন হয়েছে।<br><br>৩। বিয়ানীবাজার পৌরসভায় চলমান কর্মজীবি "ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল" ভাতা কার্যক্রমের ২০২১-২২ অর্থ বছরে বরাদ্দ প্রাপ্ত ৪৬ (ছিচল্লিশ) জন ভাতাভোগীর তালিকা পাওয়া গেছে এবং এমআইএস এ ডাটা এন্ট্রি কার্যক্রম চলমান আছে।<br>৪। বিয়ানীবাজার উপজেলার ১১টি কিশোর কিশোরী ক্লাব এর প্রতিটিতে ১টি করে হারমোনিয়াম, ১ জোড়া তবলা, ১টি ক্যারামবোর্ড, ১সেট গুটি, দাবা ও অন্যান্য মনিহারী দ্রব্যাদিসহ ২জন জেন্ডার প্রমোটারকে বাইসাইকেল বিতরণ করা হয়েছে। | চলতি অর্থ বছরের টার্গেট এবং অর্জন আগামী সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৭ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভাকে জানান যে, খরিপ-২/২০১৯-২০ অর্থবছরে অত্র উপজেলায় আমন আবাদ ৯৫১০ হেক্টর। | আমন আবাদ সুষ্টুভাবে সম্পন্ন করতে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করতে হবে। | উপজেলা প্রশাসন/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/ ইউপি চেয়ারম্যান/এসএএও (সকল) |
| | | উপজেলা কৃষি অফিসার সভাকে জানান যে, আসন্ন রবি/২০-২১ মৌসুমে বোরো আবাদ সহ আগাম সবজি আবাদ সম্প্রসারন করার লক্ষ্যে মাঠ পর্যায়ে বিভিন্ন কার্যক্রম গ্রহন করা হয়েছে। | বোরো ও আগাম সবজি আবাদ সম্প্রসারণ কার্যক্রম সুষ্টুভাবে সম্পন্ন করতে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করতে হবে। | উপজেলা প্রশাসন/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/ভারপ্রাপ্ত কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান/ এসএএও (সকল) |
| | | উপজেলা কৃষি অফিসার সভাকে জানান যে, এত্র উপজেলায় সমন্বিত ব্যবস্থপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্প এর আওতায় উপজেলা পর্যায়ে কৃষি যন্ত্রপাতি ও উপকরন সংরক্ষণাগার নির্মাণের জন্য উপজেলা পরিষদ চত্বরে ১২০০ বর্গফুট আয়তনের জমি প্রয়োজন। | কার্যক্রম সুষ্টুভাবে সম্পন্ন করতে সহকারী কমিশনার (ভূমি), উপজেলা প্রকৌশলী, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, বিয়ানীবাজার কমিটি আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে জায়গার বিষয়ে প্রতিবেদন দিবেন। | সংশ্লিষ্ট কমিটি |
| | | উপজেলা কৃষি অফিসার সভাকে আরও জানান যে, অত্র উপজেলায় বিভিন্ন প্রকার রাসায়নিক সার ও বীজের পর্যাপ্ত মজুদ রয়েছে। বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে। | অত্র উপজেলায় যাতে কোন প্রকার রাসায়নিক সার ও বীজের সংকট না হয় সে ব্যাপারে উপজেলা কৃষি অফিসার সহ সংশ্লিষ্ট সকলকে সজাগ দৃষ্টি রাখার ব্যাপারে পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি ও সংশ্লিষ্ট (সকল) |
| ০৮ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় তাঁর বিভাগের কার্যপত্র উপস্থাপন করেন। তিনি জানান যে, বিয়ানীবাজার উপজেলার অধীন PFDS অর্থাৎ Public food distribution System এর আওতায় ভিজিডি, খাদ্যবান্ধব এবং পৌর এলাকায় ওএমএস খাতে নিম্ন আয়ের জনগোষ্ঠিকে চাল সরবরাহ চলমান রয়েছে এবং মওজুদ সন্তোষজনক রয়েছে।<br>২। আসন্ন আমন সংগ্রহের লক্ষে কৃষি কর্মকর্তা এবং জনপ্রতিনিধিবৃন্দকে অত্র উপজেলার প্রকৃত কৃষক তালিকা প্রস্তুত করে প্রদানের অনুরোধ করেন। এছাড়াও তাঁর বিভাগের দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | উপজেলা খাদ্য বিভাগের কার্যক্রম যথাযথভাবে নির্দেশনা অনুযায়ী চলমান রাখার বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়।<br>২। আসন্ন আমন সংগ্রহের লক্ষে কৃষি কর্মকর্তা এবং জনপ্রতিনিধিবৃন্দকে অত্র উপজেলার প্রকৃত কৃষক তালিকা প্রস্তুত করে খাদ্য অফিসে প্রেরণ করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/কৃষি কর্মকর্তা ও চেয়ারম্যান সকল। |
| ০৯ | সমাজসেবা বিভাগ | ০১। উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ২০২০-২১ অর্থবছরে বয়স্ক, বিধবা ও স্বামী পরিত্যাক্ত ভাতা ও অসচ্ছল প্রতিবন্ধীদের ব্যাংক হিসাবে টাকা ছাড়করণের কাজ চলমান রয়েছে। তাছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ০১। উপজেলা সমাজসেবা বিভাগের কার্যক্রম যথাযথভাবে নির্দেশনা অনুযায়ী চলমান রাখার বিষয়ে গুরোত্ব আরোপ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ০২। উপজেলা নির্বাহী অফিসার জানান, মুক্তিযোদ্ধাদের ভাতা বিতরণের বিষয়ে অনেক অভিযোগ আসছে। কোন কোন ক্ষেত্রে এক সন্তান টাকা তুলছেন অন্যরা বঞ্চিত হচ্ছে। এ বিষয়ে দ্রুত অভিযোগ নিস্পত্তি করতে হবে। তাছাড়া মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভাড়া দেয়ার বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে। অসুস্থতা মুক্তিযোদ্ধা যারা আর্থিক সাহায্যের জন্য আবেদন করেছেন তাদের তালিকা যাচাই বাছাই করে দ্রুত তাদের মাঝে অর্থ বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। তাছাড় অস্বচ্ছল মুক্তিযোদ্ধাদের আবাসনের জন্য বীর নিবাস নির্মাণের জন্য ১১ জনের তালিকা মন্ত্রণালয় হতে পাওয়া গেছে। জায়গা সঠিকতা যাচাই ও ডিজাইন অনুযায়ী ঘর হবে কিনা এ বিষয়ে সহকারী কমিশনার (ভূমি) ও উপজেলা প্রকৌশলী, এলজিইডি-র নিকট হতে প্রতিবেদন প্রাপ্তির পর দরপত্র আহবান করা হবে। মুক্তিযোদ্ধাদের কবর সংরক্ষণের কাজ দ্রুত সমাপ্ত করতে হবে। | ০২। আলোচনায় উত্থাপিত বিষয় সমূহ অধিক গুরুত্ব সহকারে কার্যক্রম সম্পাদন করতে হবে। | |
| ১০ | পৌরসভা | মেয়র, বিয়ানীবাজার পৌরসভা সভাকে জানান যে, বিয়ানীবাজার পৌর এলাকায় যানজট নিরসনে বিয়ানীবাজার পৌরসভা হতে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। বাজারের অস্থায়ী দোকানগুলো সরানোর প্রচেষ্টা অব্যাহত আছে। এছাড়া ইতোমধ্যে পৌর এলাকার পানি নিষ্কাশনের ড্রেণগুলোর ময়লা আবর্জনা পরিষ্কার পরিচ্ছন্ন ও নিষ্কাশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। তাছাড়া গত বর্ষা মৌসুমে অধিক বৃষ্টিপাতের ফলে পৌর এলাকার ক্ষতিগ্রস্থ রাস্তা গুলো সংস্কারের কাজ অব্যাহত আছে। | (ক) আসন্ন বর্ষা মৌসুমে শহরের কোথাও যেন জলাবদ্ধতা সৃষ্টি না হয় সে বিষয়ে কার্যক্রম গ্রহণ করতে হবে।<br><br>(খ) পৌর শহরের রাস্তায় সবজির দোকান, সিএনজি, হকার, অবৈধভাবে বসতে না পারে সে জন্য নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে। | মেয়র, বিয়ানীবাজার পৌরসভা |
| ১১ | মৎস্য বিভাগ | ১। উপজেলা মৎস্য কর্মকর্তা তাঁর বিভাগের কার্যপত্র সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, মা ইলিশ সংরক্ষণ অভিযান ২০২১ গত ০৪ অক্টোবর থেকে ২৫ অক্টোবর পর্যন্ত চলমান থাকবে। বিভিন্ন বাজার ও আড়তে ব্যানার ও লিফলেট বিতরন করা হয়েছে।<br><br>২। তিনি আরো জানান যে, যে সকল জেলে এখনো জেলে আইডি কার্ড পায়নি বা জেলে আইডি কার্ড করতে ইচ্ছুক তারা উপজেলা মৎস্য অফিস হতে আবেদনপত্র সংগ্রহ পূর্বক আবেদন করতে পারবেন। এ বিষয়ে জনপ্রতিনিধিগণকে প্রচারণা অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন। | রেনু বা পোনা মাছ নিধন না করার লক্ষ্যে প্রতি ইউনিয়নে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মাইকিং করে প্রচারণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>২। জেলে আইডি কার্ড করতে ইচ্ছুক মৎস্যজীবিদের জেলে আইডি কার্ড করণে স্থানীয়ভাবে উদ্বুদ্ধ করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান (সকল) ও ইসলামিক ফাউন্ডেশন, বিয়ানীবাজার। |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১২ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, গত সেপ্টেম্বর ২০২১ মাসে ৯৯টি কৃত্রিম প্রজনন, ১৯৫৮৩টি গবাদি পশু পাখিকে টিকা প্রদান এবং ১০০০১টি গবাদি পশু পাখিকে চিকিৎসা প্রদান করা হয়েছে। শেওলা ইউনিয়নে একটি ফ্রি ভেটেনারি টিম পরিচালনা করা হয়েছে। এছাড়াও ৮টি উঠান বৈঠকের মাধ্যমে ৮৮ জন কৃষককে প্রাণিসম্পদ প্রযুক্তি সম্পর্কে ধারণা প্রদান করা হয়েছে।<br><br>২। তিনি আরো জানান যে, হাওর অঞ্চলে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্পে ৪টি ইউনিয়নে ৫৫৩ জন ভাতাভোগী নির্বাচন প্রক্রিয়া চলমান রয়েছে।<br><br>৩। NATP-II প্রকল্পের আওতায় ৯০ জন খামারীকে বিভিন্ন প্রানিসম্পদ প্রযুক্তি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br><br>০৪। উপজেলা প্রানিসম্পদ বিভাগের অফিসটি টিলার উপরে অবস্থিত হওয়ায় অফিসে যাতায়াতের রাস্তাটি মেরামত এবং রাস্তার পাশে একটি গাইডওয়াল খুবই প্রয়োজন মর্মে সভার দৃষ্টি আকর্ষন করেন। উক্ত কার্যক্রম সম্পাদনের জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করা হয়। তিনি উক্ত কার্যক্রম সম্পাদন করে দিবেন মর্মে সভাকে আশ্বস্থ করেন। | (ক) উপজেলা প্রানিসম্পদ বিভাগের চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়।<br><br>(খ) উপজেলা প্রনিসম্পদ অফিসের রাস্তা ও গাইডওয়াল নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র মহোদয়কে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা<br><br>মেয়র, বিয়ানীবাজার পৌরসভা। |
| ১৩ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা তাঁর বিভাগের কার্যপত্র সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, সমবায়ীদের দোর গোড়ায় সমবায় সেবা পৌঁছানোর লক্ষ্যে ২৫ জন করে সমবায়ীর সমন্বয়ে আগামী ১৯ অক্টোবর ২০২১ তারিখে সমবায় ব্যবস্থাপনা উন্নয়ন বিষয়ক ভ্রাম্যমাণ প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে।<br><br>২।তিনি আরো জানান যে, শাহজালাল সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লি: এর বিরুদ্ধে গত ১০/০৬/২০২১ তারিখের মাসিক সভায় উত্থাপিত অভিযোগের বিষয়ে তদন্ত প্রক্রিয়াধীন রয়েছে।<br>এছাড়াও তাঁর বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | উপজেলা সমবায় বিভাগের চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা সমবায় অফিসার |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১৪ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী তাঁর বিভাগের কার্যপত্র সভায় উপস্থাপন করেন এবং সভাকে অবহিত করেন যে, জনস্বাস্থ্য প্রকৌশল কর্তৃক বাস্তবায়নাধীন "সমগ্র দেশে পানি সরবরাহ" শীর্ষক প্রকল্পের আওতায় ২০২১-২২ অর্থ বছরে বিয়ানীবাজার উপজেলায় ইউনিয়ন প্রতি ২৬টি একক পানির উৎস বরাদ্দ পাওয়া গেছে। অনুমোদিত ডিপিপি অনুযায়ী উক্ত বরাদ্দকৃত নলকূপের ৫০% স্থান মাননীয় সংসদ সদস্য কর্তৃক এবং অবশিষ্ট স্থান ইউনিয়ন ওয়াটস্যান কমিটি কর্তৃক নির্বাচন করা হবে। ইউনিয়ন ওয়াটস্যান কমিটির স্থান তালিকা উপজেলা ওয়াটস্যান কমিটি কর্তৃক অনুমোদিত হবে। এছাড়াও তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে বাস্তবায়িত হচ্ছে। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ |
| ১৫ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসের কাজ স্বাভাবিক ভাবে চলছে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস কর্তৃক গৃহীত প্রকল্প গুলোর গুণগতমান বজায় রাখার লক্ষ্যে তদারকি কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১৬ | বন বিভাগ | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন কেন্দ্র কর্মকর্তা তাঁর বিভাগের কার্যপত্র সভায় উপস্থাপন করেন। তাঁর বিভাগের কার্যক্রম চলমান রয়েছে। | উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্রের চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা বন কর্মকর্তা |
| ১৭ | উপজেলা দারিদ্র্য বিমোচন কার্যালয় | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা সভাকে জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তিনি সেপ্টেম্বর ২০২১ মাসের কার্যপত্র সভায় উপস্থাপন করেন।<br>**ঋণ বিতরণ:**<br>(ক) নারী উদ্যোক্তা= ২৯.২৫ লক্ষ<br>(খ) সেল্প (বিশেষ)= ১৩.৩০ লক্ষ<br>(গ) ক্ষুদ্র= ১২.৫০ লক্ষ<br>(ঘ) প্রনোদনা= ১৬.৫০ লক্ষ<br>**আদায়ের হার**<br>(ক) আদায়ের হার ৯৮%<br>(খ) প্রনোদনা=১০০% | দারিদ্র্য বিমোচন কার্যালয়ের কার্যক্রমের মাধ্যমে অত্র উপজেলার অবহেলিত দারিদ্র্য জনগোষ্ঠীকে তাহার দপ্তরের সংশ্লিষ্ট সেবা যথাযথভাবে প্রদানের জন্য পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা |
| ১৮ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বা তার প্রতিনিধি সভায় উপস্থিত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৯ | পল্লী বিদ্যুৎ সমিতি | ০১। ডিজিএম, বিয়ানীবাজার জোনাল অফিস, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ জানান পল্লী বিদ্যুৎ সমিতির কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান যে, বিভিন্ন এলাকায় বিদ্যুৎ লাইনের উপরে গাছ কর্তনের কাজ চলছে। নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ পেতে গাছ পালা কাটতে বিদ্যুৎ অফিসের লোকজনদের সহায়তা করার জন্য অনুরোধ | (ক) অত্র উপজেলায় নিবিচ্ছিন্নভাবে বিদ্যুৎ সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) মুজিব শতবর্ষ উপলক্ষে নির্মিত ঘরগুলোতে বিদ্যুৎ সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ডিজিএম, বিয়ানীবাজার জোনাল অফিস, পল্লী বিদ্যুৎ সমিতি- |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | জানান। অত্র উপজেলায় নিরবচ্ছিন্নভাবে বিদ্যুৎ সরবরাহের বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়। পাশাপাশি তাঁর বিভাগে জরুরী যোগাযোগের মোবাইল/টেলিফোন সার্বক্ষণিক সচল রাখার বিষয়ে পরামর্শ প্রদান করা হয়। তাছাড়া মুজিব শতবর্ষ উপলক্ষে নির্মিত ঘরগুলোতে বিদ্যুৎ সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | (গ) বিদ্যুতের লাইনে কাজ করতে হলে অথবা অন্য কোন কারণে বেশী সময় বিদ্যুৎ না থাকলে অন্তত পক্ষে ২-১ দিন পূর্বে মাইকিং করে জনসাধারণকে জানাতে হবে এবং জনপ্রতিনিধি ও গুরুত্বপূর্ন ব্যক্তিদের মোবাইলে এসএমএস প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ২০ | আমার বাড়ী আমার খামার | আমার বাড়ী আমার খামার প্রকল্পের সমন্বয়কারীর প্রতিনিধি সভায় জানান যে, তাঁর বিভাগ কর্তৃক বিভিন্ন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর বিভাগের সেপ্টেম্বর ২০২১ মাসের কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি নিম্নরূপঃ-<br>০১. ঋণ আদায়ের লক্ষমাত্রা- ১,১৬,০০,০০০/-<br>০২. ঋণ আদায় হয়েছে : ৬০,০৫,৯৫৯/- টাকা<br>০৩. ঋণ বিতরণ হয়েছে : ৪০,৫০,০০০/- টাকা<br>০৪। ঋণ বিতরণের লক্ষমাত্রা-১,১৬,০০,০০/-<br>০৩. সঞ্চয় আদায় : ৪,১৫,৫৮৯/- টাকা | (ক) আমার বাড়ী আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক এর কার্যক্রম আরোও জোরদার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে।<br><br>(খ) ব্যাংকিং কার্যক্রমের অগ্রগতির উপর হালনাগাদ তথ্যাদি আগামী সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার |
| ২১ | বিবিধ | ০১। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট এর স্থানীয় সরকার শাখার ০৯ ফেব্রুয়ারী ২০২১ তারিখের ০৫.৪৬.৯১০০.০০৯.৩৩.০৯২.১৬-১৩৪ নং স্মারকমূলে ১০ নং মুড়িয়া ইউনিয়ন পরিষদের অবসরপ্রাপ্ত সচিব জনাব আব্দুল বাছিত চৌধুরী এর প্রাপ্য ইউপি ৫০% অংশের আনুতোষিক ভাতা বাবদ ১১,৬৫,৯২৭.৫০ (এগার লক্ষ পঁয়ষট্টি হাজার নয়শত সাতাশ টাকা পঞ্চাশ পয়সা) টাকা স্থাবর সম্পত্তি হস্তান্তর কর ১% হতে পরিশোধের লক্ষে নির্দেশনা পাওয়া গেছে। পত্র খানা সভায় উপস্থাপন করা হয়। | ০১। সভায় বিস্তারিত আলোচনান্তে ১০ নং মুড়িয়া ইউনিয়ন পরিষদের অবসরপ্রাপ্ত সচিব জনাব আব্দুল বাছিত এর প্রাপ্য ইউপি ৫০% অংশের আনুতোষিক ভাতা বাবদ ১১,৬৫,৯২৭.৫০ (এগার লক্ষ পঁয়ষট্টি হাজার নয়শত সাতাশ টাকা পঞ্চাশ পয়সা) টাকা স্থাবর সম্পত্তি হস্তান্তর কর ১% হতে পরিশোধের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, বিয়ানীবাজার, সিলেট। |
| | | ০২। চেয়ারম্যান উপজেলা পরিষদ, বিয়ানীবাজার সভায় জানান যে, বিয়ানীবাজার উপজেলা পরিষদের ব্যবহৃত সরকারি জীপ গাড়ী নং- সিলেট-ঘ-১১-০২৩১ পূর্ববর্তী উপজেলা চেয়ারম্যানগণের সময়কালে দুইবার গাড়িটির ইঞ্জিন পুরোপুরি বিকল (সিজ) হয়ে যায়। পরবর্তীতে সময়ে সময়ে সরকারি ও ব্যক্তিগত অর্থ দ্বারা গাড়িটি চলাচলের একরকম উপযোগী করা হয়েছিলো। ইদানিংকালে গাড়িটির বিভিন্ন যন্ত্রাংশ অধিক মাত্রায় বিকল হয়ে যাওয়াতে জরুরী কাজে চলাচলের ক্ষেত্রে পথিমধ্যে গাড়িটি বন্ধ হয়ে যায়। যার ফলে সরকারি বিভিন্ন জরুরী কর্মকান্ড পরিচালনা করা মারাত্মকভাবে ব্যহত হচ্ছে। গাড়ীটি আপাতত | ০২। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে বিয়ানীবাজার উপজেলা পরিষদের ব্যবহৃত সরকারি জীপ গাড়ী নং- সিলেট-ঘ-১১-০২৩১ মেরামত করণের লক্ষে মোটরযান পরিদর্শক, সিলেট কর্তৃক প্রাপ্ত প্রতিবেদন মোতাবেক বর্ণিত বিকল হয়ে যাওয়া যন্ত্রাংশ ক্রয় পূর্বক মেরামত/স্থাপন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। এ লক্ষে বর্ণিত ত্যানিসহ স্থানীয় সরকার বিভাগের ২৪/০৪/২০০৫ তারিখের স্থাসবি/উপ-১/গাড়ী-(১)-২/৯৯/৯৩ (৪৭২) নং স্মারক মূলে জারীকৃত পত্রের ক-ঢ | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, বিয়ানীবাজার। |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | চলাচলের উপযোগী করার লক্ষ্যে আঞ্চলিক মোটরযান পরিদর্শক বরাবর অত্র কার্যালয়ের স্মারক নং- উপচেকা/বিবা/২০২১-২৫, তারিখ- ১৮/০৮/২০২১ মূলে পত্র প্রদান করা হয়। উক্ত পত্রের আলোকে জীপ গাড়িটির ইঞ্জিন অভার হোলিং (প্রয়োজনীয় যন্ত্রাংশসহ), টায়ার-০৪টি, ফুয়েল ফিল্টার-০১টি, এয়ার ফিল্টার-০১টি, মবিল ফিল্টার-০১টি, শক অবজারভার-০২টি, প্রেসার প্লেট-০১ সেট, ক্লাচ প্লেট-০১ সেট, রিলিজ বিয়ারিং-০১ সেট, স্প্রিং মেইন লিফ-০২টি, পিষ্টন ও রিং-০১ সেট, ইঞ্জিন বেল্ট-০১ সেট, রোকার-০৮পিছ, আংশিক ডেন্টিং ও সম্পূর্ণ পেইন্টিংসহ যন্ত্রাংশ ক্রয়ের জন্য মোটরযান পরিদর্শক, সিলেট কর্তৃক প্রতিবেদন প্রদান করা হয়েছে। উল্লেখ্য যে, গাড়ীর প্রয়োজনীয় মেরামত কাজ সম্পন্নের জন্য স্থানীয় সরকার বিভাগের ২৪/০৪/২০০৫ তারিখের স্থাসবি/উপ-১/গাড়ী-(২)-২/৯৯/৯৩ (৪৭২) নং স্মারক মূলে জারীকৃত পত্রের ক-ঢ ক্রমিকের বর্ণিত তথ্যাদিসহ প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা রয়েছে। তিনি বিরআরটি কর্তৃক প্রদত্ত প্রতিবেদনসহ বিষয়টি সভায় উপস্থাপন করেন। | ক্রমিকের বর্ণিত সয়ংসম্পূর্ণ প্রস্তাব স্থানীয় সরকার মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট বিভাগে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, উপজেলা জামে মসজিদের অযু খানা ও বাথরুম অত্যন্ত জরাজীর্ণ হয়ে পড়েছে। যাহা সংস্কার করা অত্যন্ত জরুরী। উক্ত অযু খানা বাথরুম সংস্কার কাজটি উপজেলা পরিষদ হতে করা যায় কিনা সে বিষয়ে সভায় প্রস্তাবনা উপস্থাপন করেন। | ০৩। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে উপজেলা জামে মসজিদটির বাথরুম ও অযু খানা সরেজমিন পরিদর্শন পূর্বক সংস্কার কাজে কত টাকা ব্যয় হতে পারে সে সংক্রান্ত একটি প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| | | ০৪। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা জামে মসজিদের ইমাম ও মোয়াজ্জিনের বেতনসহ আনুষাঙ্গিক ব্যয় উপজেলা কমপ্লেক্স এর অভ্যন্তরের বিভিন্ন সরকারি দপ্তরের কর্মচারীবৃন্দ কর্তৃক নির্বাহ করে থাকেন। প্রায় মাসেই মসজিদের ইমাম ও মোয়াজ্জিনের বেতন পরিশোধের ক্ষেত্রে ঘাটতি হয়। যার ফলে মসজিদ পরিচালনার ক্ষেত্রে আর্থিকভাবে সমস্যা সৃষ্টি হচ্ছে। বিষয়টি স্থায়ী সমাধানের লক্ষে উপজেলা কমপ্লেক্স এর সীমানার বাহির দিকে মসজিদের নামে দোকান কোটা নির্মাণ করতঃ ভাড়া প্রদান করা হলে | ০৪। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে উপজেলা মসজিদের নিয়মিত আয়ের উৎস সৃষ্টির লক্ষে উপজেলা কমপ্লেক্স এর সীমানা প্রাচীরের বাহির দিকে এ বিষয়ে সম্ভাব্যতা যাচাই করে উপজেলা প্রকৌশলী জরুরী ভিত্তিতে মতামত দিবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | উপজেলা মসজিদের নিয়মিত আয়ের একটি উৎস সৃষ্টি হবে। এক্ষেত্রে ইমাম ও মোয়াজ্জিনের বেতন পরিশোধসহ মসজিদের আনুষাঙ্গিক খরচ পরিশোধ করতে আর্থিক সমস্যা লাঘব হবে। এ বিষয়ে উপজেলা চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাসহ একাধিক কর্মকর্তাসহমত পোষণ পূর্বক প্রস্তবনা উপস্থাপন করা হয়। | | |
| | | ০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, উপজেলা হল রুমের নাস্তা রাখার জেন্য ০২টি টেবিল ছিলো। টেবিল গুলো অধিক পুরাতন হওয়ার কারণে ভেংগে গিয়েছে। যার ফলে বড় বড় সভা সেমিনারে আপ্যায়নের ক্ষেত্রে সমস্যা সৃষ্টি হয়ে থাকে। তাছাড়া হলরুমের জন্য ভিজিটর চেয়ার, কাপ পিরিচ ক্রয় করা একান্ত প্রয়োজন মর্মে সভায় উপস্থাপন করেন। | ০৫। আলোচনায় উত্থাপিত হলরুমের জন্য ০২টি টেবিল, ভিজিটর চেয়ার, কাপ-পিরিচ ইত্যাদি ক্রয় কাজে কত টাকা ব্যয় হতে পারে এ বিষয়ে বিস্তারিত বিবরণ আগামী সভায় উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী |
| | | ০৬। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, WTC এর মাধ্যমে উপজেলায় ৩০ জন মহিলা প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ গ্রহণ করছেন। উক্ত প্রশিক্ষণ স্থলে বাথরুমের ব্যবস্থা না থাকায় প্রশিক্ষণ নিতে আগত প্রশিক্ষাণার্থীদের মারাত্মক সমস্যা সৃষ্টি হয়ে থাকে। তাছাড়া UTDC (পুরাতন অফিস ভবন) এ অবস্থিত অফিস সমূহের কর্মকর্তা-কর্মচারীগণ ও উপজেলা পরিষদে আগত জনসাধারণ কমন বাথরুম না থাকার কারণে অনেক ভোগান্তি পোহাতে হয়। বিষয়টি পরিষদ সভায় উপস্থাপন করা হয়।<br>এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, WTC ট্রেনিং কক্ষের নিকটতম UTDC (পুরাতন অফিস ভবন) এর দোতলায় অবস্থিত কমন টয়লেট এবং পুরাতন কনফারেন্স রুম সংলগ্ন টয়লেট মেরামত করে প্রশিক্ষনার্থীদের টয়লেট/বাথরুমের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। উক্ত বাথরুম দুটি ব্যবহারের উপযোগী করণে কত টাকা ব্যয় হতে পারে সে বিষয়ে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করা হয় এবং এ বিষয়ে বিস্তারিত তথ্যাদী আগামী সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়। | ০৬। আলোচনায় উত্থাপিত UTDC (পুরাতন অফিস ভবন) এর দোতলায় অবস্থিত কমন টয়লেট এবং পুরাতন কনফারেন্স রুম সংলগ্ন টয়লেট সংস্কার/মেরামত কাজে কত টাকা ব্যয় হতে পারে এ বিষয়ে উপজেলা প্রকৌশলী আগামী সভায় বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করবেন। | উপজেলা প্রকৌশলী |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ০৭। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা নতুন হলরুমের বিদ্যুৎ সংযোগ ও মিটার স্থাপনের জন্য ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, বিয়ানীবাজার সিলেট বরাবর পত্র প্রদান করা হয়। উক্ত পত্রের আলোকে নতুন হলরুমের বিদ্যুৎ সংযোগ/মিটার স্থাপনের জন্য পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক ৩২,৩২৫/- (বত্রিশ হাজার তিনশত পচিশ) টাকা ডিমান্ড নোট পরিশোধের জন্য পত্র মারফত জানান। পাশাপাশি 40 KW বিদ্যুৎ লোডের জন্য 30 KBR ক্যাপাসিটার স্থাপন করা প্রয়োজন। যাহা স্থাপনে আরো ১,১০,০০০/- টাকা প্রয়োজন। (ডিমান্ড নোট ৩২,৩২৫+ ১,১০,০০০) = ১,৪২,৩২৫/- (এক লক্ষ বিয়াল্লিশ হাজার তিনশত পচিশ) টাকা ব্যয় হবে। তিনি বিষয়টি পরিষদ সভায় উপস্থাপন করেন। | ০৭। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে উপজেলা কমপ্লেক্স এর নতুন হলরুমের বৈদ্যুতিক সংযোগ ও মিটার স্থাপন কাজে উত্থাপিত খরচের বিষয়টি আরো যাচাই বাছাই করে খরচ কমিয়ে আনা যায় কিনা সে বিষয়ে পরবর্তী সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী/ ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি, বিয়ানীবাজার। |
| | | ০৮। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা কমপ্লেক্স এর অভ্যন্তরের কুশিয়ারা ভবন, ডরমেটরি ভবন, এবং UTDC বিল্ডিং (পুরাতন অফিস ভবন) বিগত প্রায় ১৫-২০ বছর যাবৎ কোনরকম মেরামত না করায় অত্যন্ত জরাজীর্ণ অবস্থায় আছে। তাই উক্ত ভবন মেরামত করা একান্ত জরুরী। উক্ত মেরামত খাতে আনুমানিক ৪০,০০,০০০/- (চল্লিশ লক্ষ) টাকা ব্যয় হতে পারে। | ০৮। এ ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনায় উত্থাপিত কুশিয়ারা ভবন, কামিনি ভবন, ডরমেটরি ভবন UTDC বিল্ডিং (পুরাতন অফিস ভবন) মেরামতের জন্য ৪০,০০,০০০/- (চল্লিশ লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে প্রাক্কলন প্রস্তুত পূর্বক বরাদ্দ চেয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, বিয়ানীবাজার। |
| | | ০৯। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা কমপ্লেক্স এর অভ্যন্তরে অবস্থিত সেফালী ভবন দীর্ঘ দিন যাবৎ অব্যবহৃত অবস্থায় রয়েছে। সরকারী সম্পত্তি রক্ষণা বেক্ষন করার স্বার্থে বর্ণিত ভবনটি ব্যবহারযোগ্য করা যায় কি না সে বিষয়ে একটি টেকনিক্যাল কমিটি গঠন পূর্বক প্রতিবেদন দাখিলের বিষয়ে সভায় প্রস্তাবনা উপস্থাপন করেন। | ০৯। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা কমপ্লেক্স এর অভ্যন্তরের সেফালি ভবন ব্যবহারযোগ্য করার লক্ষ্যে সরেজমিন পরিদর্শন পূর্বক প্রতিবেদন দাখিলের জন্য নিম্নলিখিত কমিটি গঠন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বর্ণিত কমিটি কর্তৃক পরবর্তী মাসিক সমন্বয় সভায় প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হয়।<br><br>০১। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বিয়ানীবাজার.................আহবায়ক<br>০২। উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ............... সদস্য<br>০৩। গণপূর্ত বিভাগ, সিলেট এর একজন প্রতিনিধি........... ...... সদস্য | উপজেলা নির্বাহী অফিসার/উপ জেলা প্রকৌশলী/সংশ্লিষ্ট কমিটি |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ১০। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা কনফারেন্স হলের ০২টি ফ্যান বিকল হয়ে যায়। যার ফলে কর্তৃপক্ষের নির্দেশক্রমে ০২টি ফ্যান স্থানীয় বাজার হতে ক্রয় পূর্বক স্থাপন করা হয়েছে। উক্ত ফ্যান ক্রয়ের বিল বাবদ ৭,০০০/- (সাত হাজার) টাকা চাহিয়া জনাব মোঃ শাহরুল ইসলাম, কার্যসহকারী, এলজিইডি কর্তৃক একখানা বিল দাখিল করেন। দাকিলকৃত বিলটি পরিশোধের জন্য সভায় উপস্থাপন করেন। | ১০। সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে উপজেলা কনফার্সে হল রুমের জন্য ক্রয় পূর্বক স্থাপিত ফ্যান দুটির বিল বাবদ দাখিলকৃত ৭,০০০/- (সাত হাজার) টাকার বিল সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। বিলটি উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ৩(ক) অনুচ্ছেদ মোতাবেক পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী |
| | | ১১। উপজেলা চেয়ারম্যান সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০১৪, অনুচ্ছেদ নং-৫(ত) এবং উপজেলা পরিষদের ০৯/০৯/২০২১ তারিখের মাসিক সভার সিদ্ধান্তের আলোকে গঠিত নিয়োগ ও বাছাই কমিটি কর্তৃক প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে জনাব মোঃ বিল্লাল হোসেন, মোঃ উস্তার আলী, মাতা- মোছা: হেলেনা বেগম, বর্তমান ঠিকানা : নিদনপুর, ডাক- নিদনপুর, বিয়ানীবাজার পৌরসভা, ৯নং ওয়ার্ড, বিয়ানীবাজার, সিলেট। স্থায়ী ঠিকানা : গ্রাম- ফেনার বাঁক, ডাক- সেলিমগঞ্জ, উপজেলা- জামালগঞ্জ, জেলা- সুনামগঞ্জ-কে উপজেলা পরিষদের জন্য চুক্তি ভিত্তিক দৈনিক মজুরী হারে সুইপার (ঝাড়ুদার) পদে নিয়োগের জন্য সুপারিশ করেছেন। নিয়োগ ও বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত পত্র অনুমোদনের নিমিত্ত সভায় উপস্থাপন করেন। | ১১। এ বিষয়ে আলোচনান্তে নিয়োগ ও বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত জনাব মোঃ বিল্লাল হোসেন, মোঃ উস্তার আলী, মাতা- মোছা: হেলেনা বেগম, বর্তমান ঠিকানা : নিদনপুর, ডাক- নিদনপুর, বিয়ানীবাজার পৌরসভা, ৯নং ওয়ার্ড, বিয়ানীবাজার, সিলেট। স্থায়ী ঠিকানা : গ্রাম-ফেনার বাঁক, ডাক- সেলিমগঞ্জ, উপজেলা- জামালগঞ্জ, জেলা- সুনামগঞ্জ-কে উপজেলা পরিষদে চুক্তি ভিত্তিক দৈনিক মজুরী হারে সুইপার (ঝাড়ুদার) পদে নিয়োগের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান/ উপজেলা নির্বাহী অফিসার। |
| | | ১২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, উপজেলা পরিষদের নবনির্মিত সম্প্রসারিত ভবনে উপজেলা পরিষদ কার্যালয় সহ বেশ কয়েকটি কার্যালয় স্থানান্তরিত হয়েছে। নতুন সম্প্রসারিত ভবনে উপজেলা পরিষদ চেয়ারম্যানের অফিস কক্ষ, উপজেলা ভাইস চেয়ারম্যান দ্বয়ের অফিস কক্ষ, উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ এবং উপজেলা প্রকৌশলীর অফিস কক্ষে নতুন চেয়ার, টেবিল, পর্দা ও আনুষাঙ্গিক আসবাবপত্র ক্রয় করা অত্যন্ত জরুরী। উক্ত আসবাবপত্র ক্রয়ে কত টাকা ব্যয় হতে পারে সে বিষয়ে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করা হলে উপজেলা প্রকৌশলী জানান যে, বর্ণিত আসবাবপত্র ও আনুষাঙ্গিক দ্রব্যাদী ক্রয়ে আনুমানিক ১৬,০০,০০০/- (ষোল লক্ষ) টাকা ব্যয় হতে পারে। বিষয়টি পরিষদ সভায় উপস্থাপন করা হয়। | ১২। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা ভাইস চেয়ারম্যান দ্বয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং উপজেলা প্রকৌশলীর কার্যালয় সমূহের জন্য নতুন চেয়ার, টেবিল, পর্দা ও আনুষাঙ্গিক আসবাবপত্র ক্রয়ের লক্ষ্যে ১৬,০০,০০০/- (ষোল লক্ষ) টাকার মধ্যে প্রাক্কলন প্রস্তুত পূর্বক সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য প্রাক্কলনসহ পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। মন্ত্রণালয়ের অনুমোদন স্বাপেক্ষে উপজেলা রাজস্ব তহবিল হতে ক্রয় পূর্বক কাজটি বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, বিয়ানীবাজার |

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(আবুল কাশেম পল্লব)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বিয়ানীবাজার,সিলেট।
তারিখ : ১৯/১০/২০২১

স্মারক নম্বর : ০৫.৪৬.৯১১৭.০০০.০৬.০০৯.২১-৩২৭
সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো।

০১। মাননীয় সংসদ সদস্য, সিলেট-৬ (বিয়ানীবাজার-গোলাপগঞ্জ)।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, সিলেট।
০৫। পুলিশ সুপার, সিলেট।
০৬। চেয়ারম্যান, বিয়ানীবাজার উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট।
০৭। মেয়র, বিয়ানীবাজার পৌরসভা বিয়ানীবাজার, সিলেট।
০৮। নির্বাহী প্রকৌশলী / সহকারী প্রকৌশলী,.........................................................................সিলেট।
০৯-১৩। জেলা ................................................................. কর্মকর্তা, সিলেট।
১৪। সহকারী কমিশনার (ভূমি) বিয়ানীবাজার, সিলেট ।
১৫। ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বিয়ানীবাজার,সিলেট।
১৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট।
১৭-৪০। উপজেলা ................................................................ কর্মকর্তা (সকল), বিয়ানীবাজার, সিলেট।
৪১। অফিসার ইনচার্জ, বিয়ানীবাজার থানা, বিয়ানীবাজার , সিলেট।
৪২-৫২। চেয়ারম্যান ..........................................................................................ইউপি ( সকল ), বিয়ানীবাজার, সিলেট।
৫৩। সভাপতি, প্রেসক্লাব, বিয়ানীবাজার , সিলেট ।
৫৪। জনাব ..........................................................................বিয়ানীবাজার, সিলেট।

(মোঃ আশিক নূর)
উপজেলা নির্বাহী অফিসার
বিয়ানীবাজার, সিলেট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
বিয়ানীবাজার, সিলেট

**বিষয়** : **উপজেলা পরিষদ সমন্বয় সভার (সেপ্টেম্বর ২০২১) কার্যবিবরণী।**

সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন
তারিখ : ০৯/০৯/২০২১ খ্রি.
সময় : সকাল- ১০.০০ ঘটিকা
সভাপতি : জনাব আবুল কাশেম পল্লব, চেয়ারম্যান, বিয়ানীবাজার উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট।

সভায় উপস্থিত সদস্যদের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) পরিশিষ্ট "ক" তে সংযুক্ত করা হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বিয়ানীবাজার উপজেলা পরিষদের সেপ্টেম্বর-২০২১ মাসের সমন্বয় সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নোক্তভাবে সভার কার্যক্রম পরিচালনা করা হয় এবং সর্বসম্মত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

২। আলোচনা ও সিদ্ধান্ত সমূহ :

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় তাঁর বিভাগের কার্যপত্র উপস্থাপন করেন। তিনি জানান যে, তাঁর বিভাগের কাজ স্বাভাবিক ভাবে চলছে। | ১। উপজেলা প্রকৌশল বিভাগের চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল |
| | | ০২। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২২ বার্ষিক সনের উপজেলা পরিষদেরে খসড়া বাজেট অনুমোদনের জন্য উপস্থাপন করেন। | ০২। বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলী কর্তৃক উপস্থাপিত ২০২১-২২ সনের খসড়া বাজেট সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | ঐ |
| | | ০৩। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২২ অর্থবছরে এডিপি স্কীম বাস্তবায়নের জন্য গত ২৪/০৮/২০২১ তারিখে প্রকল্প উন্নয়ন বাছাই কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ০৩টি ইউনিয়ন থেকে তথা চারখাই, দুবাগ ও মুড়িয়া ইউপি স্কীম তালিকা পাওয়া যায়। ফলে স্কীম গুলো যাচাই বাছাই করা সম্ভব হয়নি। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ০৩। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনার পর ২০২১-২২ অর্থ বছরে এডিপির আওতায় প্রকল্প বাস্তবায়নের জন্য উপস্থিত সকল সদস্যগণের সিদ্ধান্তক্রমে আগামী ১৬/০৯/২০২১ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় উপজেলা পরিষদ চেয়ারম্যান কার্যালয়ে পুনরায় প্রকল্প বাছাই কমিটির সভা আয়োজন পূর্বক প্রকল্প যাচাই বাছাই কার্যক্রম সম্পন্ন করে বাস্তবায়নের জন্য চুড়ান্ত তালিকা পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত ১৬/০৯/২০২১ তারিখের মধ্যে স্কীম তালিকা দাখিলের জন্য সংশ্লিষ্টগণকে পুনরায় অনুরোধ করা হয়। উক্ত তারিখের মধ্যে প্রাপ্ত স্কীম তালিকা যাচাই বাছাই পূর্বক চুড়ান্ত তালিকা প্রস্তুত করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ঐ |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০২ | শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার তাঁর বিভাগের কার্যপত্র সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নির্দেশনা মোতাবেক Covid 19 মহামারীর কারণে অত্র উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ছিলো। আগামী ১২/০৯/২০২১ থেকে সকল শিক্ষা প্রতিষ্ঠানের পাঠদান কার্যক্রম শুরু হবে। এ লক্ষে সরকার কর্তৃক নির্দেশিত শর্তাদি অনুসরণ করে প্রতিষ্ঠানের পাঠদান কার্যক্রম সম্পর্কে সকলকে অবহিত করা হয়েছে। প্রতিষ্ঠান খোলার পূর্ব প্রস্তুতি চলমান রয়েছে। | (ক) মন্ত্রণালয়ের সিদ্ধান্তের আলোকে স্কুল খোলার পূর্ব প্রস্তুতি গ্রহণ করতে হবে।<br><br>(খ) মন্ত্রণালয়ের নির্দেশনা ও স্বাস্থ্যবিধি মেনে বিদ্যালয় পরিচালনা করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার |
| ০৩ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তাঁর বিভাগের কার্যপত্র সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, Covid 19 মহামারীর কারণে অত্র উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ছিলো। আগামী ১২/০৯/২০২১ ইং থেকে মাধ্যমিক পর্যায়ে সকল প্রতিষ্ঠানের পাঠদান কার্যক্রম শুরু হবে। এ লক্ষে গত ০৮/০৯/২০২১ তারিখে সকল শিক্ষা প্রতিষ্ঠানদের নিয়ে সরকার/মাউশি কর্তৃক নির্দেশিত ১৯টি শর্তাদি অনুসরণ করে প্রতিষ্ঠানের পাঠদান কার্যক্রম সম্পর্কে সকলকে অবহিত করা হয়েছে। প্রতিষ্ঠান খোলার পূর্ব প্রস্তুতি চলমান রয়েছে। | (ক) মন্ত্রণালয়ের সিদ্ধান্তের আলোকে স্কুল খোলার পূর্ব প্রস্তুতি গ্রহণ করতে হবে এবং সরকার কর্তৃক নির্দেশিত শর্তাদি অনুসরণ পূর্বক পাঠদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ০৪ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর আগস্ট- ২০২১ মাসের অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, চলতি মাসে<br><br>১। EOC কার্যক্রম আগস্ট/২১ মাসে ডেলিভারী ভর্তি- ২১৪ জন, ডেলিভারী হয়েছে- ১৫১ জন, সিজারিয়ান- ০৫ টি, মাসিক গড় ডেলিভারী- ১৫১ টি, ANC - ৩১৭ টি , PNC -১৫৪ টি।<br>২। রোগী : আগস্ট/২১ মাসে বহির্বিভাগে রোগী- ৬৪২৮ জন,অন্তঃবিভাগে-৪১০ জন, জরুরী বিভাগে-২৩৬২ জন।<br>৩। কমিউনিটি ক্লিনিক আগস্ট/২১ মাসে কমিউনিটি ক্লিনিকে মোট ১৫১২৯ জন রোগীকে চিকিৎসা দেয়া হয়েছে।<br>৪। ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রে : আগস্ট/২১ মাসে রোগী ৬০৫১ জন।<br>৫। মোবাইল সার্ভিসঃ বিয়ানীবাজার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে জরুরী স্বাস্থ্য পরামর্শে জন্য মোবাইল সার্ভিস চালু করা হয়েছে ।<br>৬। ইপিআই কভারেজ জুন/২১ মাসে ৯৯%<br>৭। বেড অকুপেন্সী জুন/২১ মাসে ৭৩% | (ক) উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে স্বাস্থ্য সেবার মান নিশ্চিত করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।<br><br>(খ) করোনা ভাইরাস সংক্রামান রোধে সকলকে বাধ্যতামূলকভাবে মাস্ক পরিধান করতে হবে এবং স্বাস্থ্যবিধি প্রতিপালন করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৫ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা তাঁর বিভাগের সকল কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতির নিম্নোক্ত প্রতিবেদন সভায় উপস্থাপন করেন।<br>চলতি মাসের আদায়যোগ্য টাকা- ১,২৪,৩৭৫/-<br>চলতি মাসে আদায়কৃত টাকা-১,২০,০০০/-<br>ক্রমপুঞ্জিত আদায়যোগ্য- ২,১১,৮৯,৬২৮/-<br>ক্রমপুঞ্জিত আদায়কৃত- ১,৯০,১১,১০৭/-<br>ঋণ তহবিল- ৭০,১৫,১২০/-<br>তিনি আরো জানান যে, গত ১৫ আগস্ট ২০২১ তারিখে ০৩(তিন) জন যুব ও যুব মহিলা কে ১৫০,০০০/- টাকা যুব ঋণ প্রদান করা হয়েছে। | যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম গতিশীল রাখার বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়। হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| ০৬ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে,<br>(ক) <u>দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা:</u> মাতৃত্বকাল ভাতা কার্যক্রমের আওতায় অনলাইনে ডাটা এন্ট্রি সম্পন্ন হয়েছে। ২০২০-২১ অর্থবছরের নতুন প্রতি ইউনিয়নে ০৭ জন করে মোট ৭০ জন এবং পৌরসভায় ৪৬ জনের নতুন ভাতাভোগীর অনলাইনে ডাটা এন্ট্রির কার্যক্রম চলমান রয়েছে।<br><br>(খ) বিউটিফিকেশন ও ফ্যাশন ডিজাইন এ ২৫ জন করে মোট ৫০ জনের তালিকা অনুমোদিত হয়ে অক্টোবর/২০২১ থেকে ডিসেম্বর/২০২১ পর্যন্ত ব্যাচ চলমান রয়েছে।<br>এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | চলতি অর্থ বছরের টার্গেট এবং অর্জন আগামী সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ০৭ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভাকে জানান যে, খরিপ-২/২০২১-২২ মৌসুমে অত্র উপজেলায় আমন আবাদের লক্ষ্যমাত্রা উফশী ৭৪৭৫ হেক্টর ও স্থানীয় ১৫৮০ হেক্টরসহ সর্বমোট ৯০৫৫ হেক্টর। আমন রোপন অর্জিত ৯৩৬৫ হেক্টর। আমন রোপন কার্যক্রম শেষ পর্যায়। | আমন আবাদ সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সকলের সহযোগিতা কামনা করা হয় | উপজেলা প্রশাসন/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/ ইউপি চেয়ারম্যান/এসএএও (সকল) |
| | | উপজেলা কৃষি অফিসার সভাকে জানান যে, সমন্বিত ব্যবস্থপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকর প্রকল্প এর আওতায় অত্র উপজেলায় ভর্তুকীর মাধ্যমে কম্বাইন হারভেস্টার, রিপার, রাইস ট্রান্সপ্লান্টার, পাওয়ার থ্রেসার, ড্রায়ার, মেইজ শেলার এর আবেদন নেওয়া হচ্ছে। এ উপলক্ষে একটি গণ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। কৃষক/কৃষাণী বা কৃষি বিষয়ক সংঘটক আবেদন করতে পারবে। আবেদনের শেষ তারিখ ১৪/০৯/২১ খ্রিঃ বিকাল ০৫ ঘটিকা পর্যন্ত।<br>আবেদন অনুযায়ী পরবর্তীতে প্রকল্প অফিস বরাদ্ধ প্রদান করবেন। | কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সকলের সহযোগিতা কামনা করা হয়। | উপজেলা প্রশাসন/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/ভারপ্রাপ্ত কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান/ এসএএও (সকল) |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- | --- |
| | | উপজেলা কৃষি অফিসার সভাকে জানান যে, এত্র উপজেলায় সমন্বিত ব্যবস্থপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকর প্রকল্প এর আওতায় উপজেলা পর্যায়ে কৃষি যন্ত্রপাতি ও উপকরন সংরক্ষনাগার নির্মানের জন্য উপজেলা পরিষদ চত্বরে ১২০০ বর্গফুট আয়তনের জমি প্রয়োজন। | কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সহকারী কমিশনার (ভূমি), উপজেলা প্রকৌশলী, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার , বিয়ানীবাজার কমিটি জায়গা নির্বাচন করবেন। | উপজেলা কৃষি পুর্নবাসন ও বাস্তবায়ন কমিটি। |
| | | উপজেলা কৃষি অফিসার সভাকে আরও জানান যে, অত্র উপজেলায় বিভিন্ন প্রকার রাসায়নিক সার ও বীজের পর্যাপ্ত মজুদ রয়েছে। বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে। | অত্র উপজেলায় যাতে কোন প্রকার রাসায়নিক সার ও বীজের সংকট না হয় সে ব্যাপারে উপজেলা কৃষি অফিসার সহ সংশ্লিষ্ট সকলকে সজাগ দৃষ্টি রাখার ব্যাপারে পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি ও সংশ্লিষ্ট (সকল) |
| ০৮ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় তাঁর বিভাগের কার্যপত্র উপস্থাপন করেন। তিনি জানান যে,<br><br>বিয়ানীবাজার উপজেলায় বোরো সংগ্রহ /২০২০-২১ এর আওতায় ৭৬০ মে:টন বোরো ধান সংগ্রহের লক্ষ্যমাত্রার বিপরীতে ৭৬০ মে:টন ধান সংগ্রহসহ অতিরিক্ত আরো ১০০ মে:টন অর্থাৎ ৮৬০ মে:টন ধান সংগ্রহ অর্জন করা হয়েছে। যাহা মূল লক্ষ্যমাত্রার ১১৪% ধান সংগ্রহ করা হয়েছে।<br><br>চলতি সেপ্টেম্বর ২০২১ হতে বিয়ানীবাজার উপজেলার ১০টি ইউনিয়নে খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় নির্দিষ্ট কার্ডধারীদের মধ্যে প্রতি কেজি ১০/- টাকা মূল্যে চাল সরবরাহ করা হবে এবং কার্যক্রম আগামী নভেম্বর ২০২১ পর্যন্ত চলবে।<br><br>বিয়ানীবাজার পৌর এলাকায় নিম্ন আয়ের জনসাধারণের খাদ্য সহায়তা প্রদানে খোলাবাজার অর্থাৎ ওএমএস কার্যক্রমের মাধ্যমে প্রতিকেজি ৩০/- টাকা দরে ভোক্তা প্রতি সর্বোচ্চ ০৫(পাঁচ) কেজি চাল বিক্রয় কার্যক্রম চলমান রয়েছে। অত্র পৌর এলাকায় ০৪(চার) জন ডিলারদ্বারা এই বিক্রয় কার্যক্রম অব্যাহত রয়েছে।<br><br>এছাড়াও তাঁর বিভাগের দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | উপজেলা খাদ্য বিভাগের কার্যক্রম যথাযথভাবে নির্দেশনা অনুযায়ী চলমান রাখার বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ০৯ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ২০২০-২১ অর্থবছরে বয়স্ক, বিধবা ও স্বামী পরিত্যাক্ত ভাতা ও অসচ্ছল প্রতিবন্ধীদের ব্যাংক হিসাবে টাকা ছাড়করণের কাজ চলমান রয়েছে। তাছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | উপজেলা সমাজসেবা বিভাগের কার্যক্রম যথাযথভাবে নির্দেশনা অনুযায়ী চলমান রাখার বিষয়ে গুরোত্ব আরোপ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১০ | পৌরসভা | মেয়র, বিয়ানীবাজার পৌরসভা সভায় অনুপস্থিত। | মেয়র, বিয়ানীবাজার পৌরসভা বা তার প্রতিনিধি সভায় উপস্থিত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো। | মেয়র, বিয়ানীবাজার পৌরসভা |
| ১১ | মৎস্য বিভাগ | ১। উপজেলা মৎস্য কর্মকর্তা তাঁর বিভাগের কার্যপত্র সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, ২০২১-২২ অর্থ বছরের রাজস্ব বাজেটের আওতায় মুড়িয়া হাওরে চুনিয়া কামাখ্যা বিলে এবং বাসুদেব মন্দিরের পুকুরে মোট ৩৩৪ কেজি পোনা মাছ অবমুক্ত করা হয়েছে। তাছাড়া তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | রেনু বা পোনা মাছ নিধন না করার লক্ষ্যে প্রতি ইউনিয়নে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মাইকিং করে প্রচারণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান (সকল) ও ইসলামিক ফাউন্ডেশন, বিয়ানীবাজার। |
| ১২ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, গত আগস্ট ২০২১ মাসে ১১৫ টি কৃত্রিম প্রজনন, ৬৮০টি গবাদি পশু পাখিকে টিকা প্রদান এবং ৯৯৫৬টি গবাদি পশু পাখিকে চিকিৎসা প্রদান করা হয়েছে। মুড়িয়া ইউনিয়নে একটি ফ্রি ভেটেনারি টিম পরিচালনা করা হয়েছে। এছাড়াও ৫টি উঠান বৈঠকের মাধ্যমে ৫৬ জন কৃষককে প্রাণিসম্পদ প্রযুক্তি সম্পর্কে ধারণা প্রদান করা হয়েছে। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভাকে আরো অবহিত করেন যে, গবাদি পশু পাখি খামার রেজিস্ট্রেশন কার্যক্রম চলমান রয়েছে। এ বিষয়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করেন। | উপজেলা প্রাণিসম্পদ বিভাগের চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হয় এবং গবাদি পশু পাখি খামার রেজিস্ট্রেশন কার্যক্রমে ইউপি চেয়ারম্যানগণকে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১৩ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা তাঁর বিভাগের কার্যপত্র সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, সমবায়ীদের দোর গোড়ায় সমবায় সেবা পৌঁছানোর লক্ষ্যে ২৫ জন করে সমবায়ীর সমন্বয়ে সমবায় ব্যবস্থাপনা উন্নয়ন বিষয়ক ভ্রাম্যমাণ প্রশিক্ষণ চলমান রয়েছে। চলতি সেপ্টেম্বর ২০২১ মাসে উপজেলা পরিষদ হলরুমে অথবা সংশ্লিষ্ট সমিতির কার্যালয়ে একটি ভ্রাম্যমান প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। এছাড়াও তাঁর বিভাগের দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | উপজেলা সমবায় বিভাগের চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা সমবায় অফিসার |
| ১৪ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী তাঁর বিভাগের কার্যপত্র সভায় উপস্থাপন করেন এবং সভাকে অবহিত করেন যে, জনস্বাস্থ্য প্রকৌশল কর্তৃক বাস্তবায়নাধীন "সমগ্র দেশে পানি সরবরাহ" শীর্ষক প্রকল্পের আওতায় ২০২১-২২ অর্থ বছরে বিয়ানীবাজার উপজেলায় ইউনিয়ন প্রতি ২৬টি একক পানির উৎস বরাদ্দ পাওয়া গেছে। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | অনুমোদিত ডিপিপি অনুযায়ী উক্ত বরাদ্দকৃত নলকূপের ৫০% স্থান মাননীয় সংসদ সদস্য কর্তৃক এবং অবশিষ্ট স্থান ইউনিয়ন ওয়াটস্যান কমিটি কর্তৃক নির্বাচন করা হবে। ইউনিয়ন ওয়াটস্যান কমিটির স্থান তালিকা উপজেলা ওয়াটস্যান কমিটি কর্তৃক অনুমোদিত হবে। এছাড়াও তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে বাস্তবায়িত হচ্ছে। | | |
| ১৫ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় অনুপস্থিত। বিগত কয়েকটি সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা অনুপস্থিত রয়েছেন যা সমীচীন নয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার বা তার প্রতিনিধি সভায় উপস্থিত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো। | পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১৬ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসের কাজ স্বাভাবিক ভাবে চলছে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস কর্তৃক গৃহীত প্রকল্প গুলোর গুণগতমান বজায় রাখার লক্ষ্যে তদারকি কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১৭ | বন বিভাগ | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন কেন্দ্র কর্মকর্তা তাঁর বিভাগের কার্যপত্র সভায় উপস্থাপন করেন। তাঁর বিভাগের কার্যক্রম চলমান রয়েছে। | উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্রের চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা বন কর্মকর্তা |
| ১৮ | উপজেলা দারিদ্র্য বিমোচন কার্যালয় | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা সভাকে জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তিনি জুলাই ২০২১ হতে চলতি আগস্ট ২০২১ মাসের কার্যপত্র সভায় উপস্থাপন করেন।<br>**ঋণ বিতরণ:**<br>(ক) নারী উদ্যোক্তা= ৯.০০ লক্ষ<br>(খ) সেল্প (বিশেষ)= ১১.০০ লক্ষ<br>(গ) ক্ষুদ্র= ১৩.০০ লক্ষ<br>(ঘ) প্রনোদনা= ৯.০০ লক্ষ<br>**সদস্য সংখ্যা :**<br>(ক) নারী উদ্যোক্তা= ৩৫ জন<br>(খ) সেল্প= ৭৪ জন<br>(গ) ক্ষুদ্র = ৮০৮ জন<br>(ঘ) প্রনোদনা= ০৭ জন।<br>**আদায়ের হার**<br>(ক) নারী উদ্যোক্তা= ৯৮%<br>(খ) সেল্প=৯৮%<br>(গ) ক্ষুদ্র= ৯৯% প্রনোদনা=১০০% | দারিদ্র্য বিমোচন কার্যালয়ের কার্যক্রমের মাধ্যমে অত্র উপজেলার অবহেলিত দারিদ্র্য জনগোষ্ঠীকে তাহার দপ্তরের সংশ্লিষ্ট সেবা যথাযথভাবে প্রদানের জন্য পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা |
| ১৯ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা তাঁর বিভাগের কার্যপত্র সভায় উপস্থাপন করেন। তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে মর্মে সভাকে অবহিত করেন। | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ২০ | পল্লী বিদ্যুৎ সমিতি | ০১। ডিজিএম, বিয়ানীবাজার জোনাল অফিস, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ জানান পল্লী বিদ্যুৎ সমিতির কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি | (ক) অত্র উপজেলায় নিরবিচ্ছিন্নভাবে বিদ্যুৎ সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ডিজিএম, বিয়ানীবাজার জোনাল অফিস, |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | জানান যে, বিভিন্ন এলাকায় বিদ্যুৎ লাইনের উপরে গাছ কর্তনের কাজ চলছে। নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ পেতে গাছ পালা কাটতে বিদ্যুৎ অফিসের লোকজনদের সহায়তা করার জন্য অনুরোধ জানান। অত্র উপজেলায় নিরবচ্ছিন্নভাবে বিদ্যুৎ সরবরাহের বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়। পাশাপাশি তাঁর বিভাগে জরুরী যোগাযোগের মোবাইল/টেলিফোন সার্বক্ষনিক সচল রাখার বিষয়ে পরামর্শ প্রদান করা হয়।<br>তাছাড়া মুজিব শতবর্ষ উপলক্ষে নির্মিত ঘরগুলোতে বিদ্যুৎ সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | (খ) মুজিব শতবর্ষ উপলক্ষে নির্মিত ঘরগুলোতে বিদ্যুৎ সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পল্লী বিদ্যুৎ সমিতি- |
| ২১ | আমার বাড়ী আমার খামার | আমার বাড়ী আমার খামার প্রকল্পের সমন্বয়কারীর প্রতিনিধি সভায় জানান যে, তাঁর বিভাগ কর্তৃক বিভিন্ন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর বিভাগের আগস্ট ২০২১ মাসের কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি নিম্নরূপঃ-<br>০১. ঋন বিতরণ : ২০,০০,০০০/- টাকা<br>০২. ঋন আদায় : ১০,০০,০০০/- টাকা<br>০৩. সঞ্চয় আদায় : ১,০০,০০০/- টাকা<br>০৪. কর্মসৃজন ঋন আদায় : ২,০০,০০০/- টাকা<br>০৫. ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ বিতরণ: ১,০০,০০০/-<br>০৬. ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ আদায়: ৩,০০,০০০/- | (ক) আমার বাড়ী আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক এর কার্যক্রম আরোও জোরদার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে।<br><br>(খ) ব্যাংকিং কার্যক্রমের অগ্রগতির উপর হালনাগাদ তথ্যাদি আগামী সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার |
| ২২ | বিবিধ | ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, উপজেলা পরিষদ কার্যালয়ে নিয়োজিত সুইপার (ঝাড়ুদার) জনাব রিনা বেগম কর্তৃক উপজেলা পরিষদের পরিষ্কার পরিচ্ছন্নতা কাজ যথাযথভাবে প্রতিপালন করতে ব্যর্থ হচ্ছেন এবং তাহার শারীরিক সমস্যাজনিত কারনে গত ৩১ জুন ২০২১ মাসে তাকে চাকুরী হতে অব্যাহতি প্রদান করা হয়। বর্তমানে অত্র উপজেলা পরিষদে একজন মালি পদে কর্মরত রয়েছেন। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ অনুচ্ছেদ নং ৫(ত) মোতাবেক সরকার কর্তৃক আরোপিত বিধি-বিধান সাপেক্ষে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থে সরকার অনুমোদিত হারে দৈনিক চুক্তিতে একজন মালি ও একজন সুইপার নিয়োগের নির্দেশনা রয়েছে। এমতাবস্থায়, উপজেলা পরিষদের পরিষ্কার পরিচ্ছন্নতা স্বাভাবিক রাখার লক্ষে একজন সুইপার (ঝাড়ুদার) নিয়োগের বিষয়ে সভায় প্রস্তাবনা উপস্থাপন করেন। | ০১। সভায় এব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৫(ত) অনুচ্ছেদ অনুযায়ী সরকার কর্তৃক আরোপিত বিধি-নিষেধ সাপেক্ষে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে সরকার অনুমোদিত হারে দৈনিক চুক্তিতে একজন সুইপার (ঝাড়ুদার) নিয়োগের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, বিয়ানীবাজার। |
| | | ০২। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, তথ্য কেন্দ্র, বিয়ানীবাজার, সিলেট এর | ০২। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা কমপ্লেক্স এর কমিনি ভবন | উপজেলা নির্বাহী |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ০৩জন মহিলা কর্মকর্তা উপজেলা পরিষদের অভ্যন্তরে আবাসনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নস্বাক্ষরকারী বরাবর একখানা আবেদন দাখিল করেন। যেহেতু উপজেলা কমপ্লেক্স এর অভ্যন্তরের কামিনি ভবনের নীচ তলার পশ্চিম পার্শ্বের ইউনিটটি ফাঁকা রয়েছে সেহেতু, উক্ত ইউনিটটি বসবাসের উপযোগী করে তাদের নামে বাসা বরাদ্দ প্রদানের বিষয়ে সভায় প্রস্তবনা উপস্থাপন করেন। এ বিষয়ে সভায় উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করা হয়। উপজেলা প্রকৌশলী জানান যে, উক্ত কামিনি ভবনের নীচ তলার পশ্চিম পার্শ্বের ইউনিটটি মেরামত পূর্বক বসবাসের উপযোগী করতে প্রায় ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা প্রয়োজন হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | মেরামত করণ কাজটি ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে আরএফকিউ পদ্ধতিতে উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে বাসাবাড়ী মেরামত খাত হতে বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার/ উপজেলা প্রকৌশলী |

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১২.৭.২০২১

(আবুল কাশেম পল্লব)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বিয়ানীবাজার,সিলেট।

স্মারক নম্বর : ০৫.৪৬.৯১১৭.০০০.০৬.০০১.২১-২৭৪
তারিখ : ১২/০৭/২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো।

০১। মাননীয় সংসদ সদস্য, সিলেট-৬ (বিয়ানীবাজার-গোলাপগঞ্জ)।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, সিলেট।
০৫। পুলিশ সুপার, সিলেট।
০৬। চেয়ারম্যান, বিয়ানীবাজার উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট।
০৭। মেয়র, বিয়ানীবাজার পৌরসভা বিয়ানীবাজার, সিলেট।
০৮। নির্বাহী প্রকৌশলী / সহকারী প্রকৌশলী..............................................................সিলেট।
০৯-১৩। জেলা ........................................................ কর্মকর্তা, সিলেট।
১৪। সহকারী কমিশনার (ভূমি) বিয়ানীবাজার, সিলেট ।
১৫। ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বিয়ানীবাজার,সিলেট।
১৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট।
১৭-৪০। উপজেলা ........................................................ কর্মকর্তা (সকল), বিয়ানীবাজার, সিলেট।
৪১। অফিসার ইনচার্জ, বিয়ানীবাজার থানা, বিয়ানীবাজার , সিলেট।
৪২-৫২। চেয়ারম্যান ..............................................................................ইউপি ( সকল ), বিয়ানীবাজার, সিলেট।
৫৩। সভাপতি, প্রেসক্লাব, বিয়ানীবাজার , সিলেট ।
৫৪। জনাব ........................................................................বিয়ানীবাজার, সিলেট।

(মোঃ আশিক নূর)
উপজেলা নির্বাহী অফিসার
বিয়ানীবাজার, সিলেট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
বিয়ানীবাজার, সিলেট

**বিষয় : উপজেলা পরিষদ সমন্বয় সভার (জুলাই ২০২১) কার্যবিবরণী।**

সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন
তারিখ : ১২/০৮/২০২১ খ্রি.
সময় : সকাল- ১০.০০ ঘটিকা
সভাপতি : জনাব আবুল কাশেম পল্লব, চেয়ারম্যান, বিয়ানীবাজার উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট।

সভায় উপস্থিত সদস্যদের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) পরিশিষ্ট "ক" তে সংযুক্ত করা হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বিয়ানীবাজার উপজেলা পরিষদের আগস্ট-২০২১ মাসের সমন্বয় সভার কাজ শুরু করেন: অতঃপর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নোক্তভাবে সভার কার্যক্রম পরিচালনা করা হয় এবং সর্বসম্মত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

২। আলোচনা ও সিদ্ধান্ত সমূহ :

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় তাঁর বিভাগের কার্যপত্র উপস্থাপন করেন। তিনি জানান যে, প্রতি বছরেই উপজেলা বার্ষিক উন্নয়ন পরিকল্পনা (এডিপি) বাস্তবায়নে বিলম্ব হয়ে থাকে। চলতি ২০২১-২২ অর্থ বছরে এডিপি'র আওতায় প্রকল্প বাস্তবায়নের জন্য দ্রুত স্কীম তালিকা প্রদান করা হলে আগামী বর্ষা মৌসুমের পূর্বেই এডিপি'র আওতাধীন প্রকল্প গুলো সঠিকভাবে বাস্তবায়ন করা সম্ভবপর হবে। সে প্রেক্ষিতে উপজেলা বার্ষিক উন্নয়ন কর্মসূচী ২০২১-২২ অর্থ বছরের স্কীম বাস্তবায়নের জন্য আগামী ১৮/০৮/২০২১ তারিখের মধ্যে স্কীম তালিকা দাখিল এবং আগামী ২৪/০৮/২০২১ তারিখ প্রকল্প বাছাই কমিটির সভা আহবান করা হয়েছে। এ প্রেক্ষিতে সংশ্লিষ্টগণ কর্তৃক যথাসময়ের মধ্যে স্কীম তালিকা দাখিল এবং প্রকল্প বাছাই কমিটির সভায় যথাসময়ে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা প্রকৌশল বিভাগের চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়।<br><br>২। উপজেলা বার্ষিক উন্নয়ন কর্মসূচী ২০২১-২২ অর্থ বছরের স্কীম বাস্তবায়নের জন্য আগামী ১৮/০৮/২০২১ তারিখের মধ্যে স্কীম তালিকা দাখিল করতে হবে। তাছাড়া আগামী ২৪/০৮/২০২১ তারিখ প্রকল্প বাছাই কমিটির সভায় যথাসময়ে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল |
| ০২ | শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার তাঁর বিভাগের কার্যপত্র সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নির্দেশনা মোতাবেক Covid 19 ভাইরাসের প্রভাবে বৈশ্বিক মহামারির কারণে সারা দেশের মতো অত্র উপজেলার সকল ক্যাটাগরীর বিদ্যালয় সমূহ বন্ধ রয়েছে। বিদ্যালয় বন্ধজনিত কারণে শিক্ষার্থীদের শ্রেণি পাঠদান বিষয়ক ঘাটতি | (ক) মন্ত্রণালয়ের সিদ্ধান্তের আলোকে স্কুল খোলার পূর্ব প্রস্তুতি গ্রহণ করতে হবে।<br><br>(খ) ওয়ার্ক শিট মূল্যায়ন করে বিদ্যালয়ে সংরক্ষণ করতে হবে।<br><br>(গ) শিক্ষার্থীদের সাথে যোগাযোগ | উপজেলা শিক্ষা অফিসার |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | পুষিয়ে নেওয়ার জন্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে সংসদ বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, কমিউনিটি রেডিও এর মাধ্যমে শ্রেণি পাঠদান সম্প্রচার অব্যাহত রয়েছে। সারাদেশের মতো অত্র উপজেলার শিক্ষকগণও মোবাইল ফোনের মাধ্যমে প্রতিদিন শিক্ষার্থীদের সাথে যোগাযোগ রাখছেন। জুম আইডি ব্যবহার করে অনলাইন ভিত্তিক পাঠদান অব্যাহত রয়েছে। এছাড়া শিক্ষার্থীদের বাড়ি বাড়ি গিয়ে ওয়ার্ক শিট পৌছে দিয়ে শিক্ষার্থীদের সেগুলো বুঝিয়ে দেয়া হচ্ছে। সপ্তাহ শেষে ওয়ার্ক শিট গুলো শিক্ষকগণ সংগ্রহ করে মূল্যায়ন পূর্বক বিদ্যালয়ে সংরক্ষণ করছেন। | অব্যাহত রাখতে হবে। | |
| ০৩ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তাঁর বিভাগের কার্যপত্র সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, Covid 19 মহামারীর কারণে অত্র উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় মাধ্যমিক পর্যায়ে বিদ্যালয় সমূহে অনলাইন ক্লাস কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। | (ক) মন্ত্রণালয়ের সিদ্ধান্তের আলোকে স্কুল খোলার পূর্ব প্রস্তুতি গ্রহণ করতে হবে। এ্যাসাইনমেন্ট মূল্যায়ন ও অনলাইনে পাঠদান কার্যক্রম জোরদার করতে হবে এবং শিক্ষার্থীদের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ০৪ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর জুলাই- ২০২১ মাসের অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, চলতি মাসে<br><br>১। EOC কার্যক্রম জুলাই/২১ মাসে ডেলিভারী ভর্তি- ২০৫ জন, ডেলিভারী হয়েছে- ১৩১ জন, সিজারিয়ান- ০৪ টি, মাসিক গড় ডেলিভারী- ১৫০ টি, ANC - ৩০০ টি , PNC -১৩১ টি।<br>২। রোগী : জুলাই/২১ মাসে বহির্বিভাগে রোগী- ৫২৬৯ জন, অন্তঃবিভাগে-৪১১ জন, জরুরী বিভাগে-২৫৪৪ জন।<br>৩। কমিউনিটি ক্লিনিক জুলাই/২১ মাসে কমিউনিটি ক্লিনিকে মোট ১৫৩৬১ জন রোগীকে চিকিৎসা দেয়া হয়েছে।<br>৪। ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রে : জুলাই/২১ মাসে রোগী ৫৮৭৪ জন।<br>৫। মোবাইল সার্ভিসঃ বিয়ানীবাজার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে জরুরী স্বাস্থ্য পরামর্শের জন্য মোবাইল সার্ভিস চালু করা হয়েছে ।<br>মোবাইল নং-০১৭৩০-৩২৪৭৫০;<br>৬। ইপিআই কভারেজ জুলাই/২১ মাসে ৯৯%<br>৭। বেড অকুপেন্সী জুলাই/২১ মাসে ৫৫%<br>**করোনা ভাইরাস সংক্রান্ত তথ্যাদি :**<br>১। মোট স্যাম্পুল প্রেরন :৪৪৭৭ | (ক) উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে স্বাস্থ্য সেবার মান নিশ্চিত করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।<br><br>(খ) করোনা ভাইরাস সংক্রামণ রোধে সকলকে বাধ্যতামূলকভাবে মাস্ক পরিধান করতে হবে এবং স্বাস্থ্যবিধি প্রতিপালন করতে হবে।<br><br>(গ) সীমান্ত এলাকা দিয়ে অবৈধভাবে কোন লোক ভারত হতে আসছে কিনা এবং তাদের যাতায়াত প্রতিরোধ করার জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(ঘ) প্রয়োজনে ভারত হতে আগত লোকজনের কোয়ারাইনটেন নিশ্চিত করার বিষয়ে সংশ্লিষ্ট সকলকে নিয়ে সভা আহবান করতে হবে।<br><br>(ঙ) ইতোমধ্যে উপজেলার প্রতিটি ইউনিয়নে গঠিত কমিটির আওতায় প্রতিদিন কতটি টিকা দেয়া হচ্ছে সে সম্পর্কে পরবর্তী সভায় উপস্থাপান করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ২। সর্বমোট আক্রান্ত :৭৫১<br>(ক) বিয়ানীবাজার স্বাস্থ্য কমপ্লেক্স হতে প্রেরিত স্যাম্পুল থেকে সনাক্ত: ৫০২ জন<br>(খ) অন্যান্য স্থান হতে সনাক্ত: ২৪৯ জন<br>৩। মোট সুস্থ : ৫৮৮ জন<br>৪। চিকিৎসাধীন: ১২০ জন<br>৫। মোট মৃত : ৪৩ জন<br>৬। জুন/২১ মৃত্যু : ০৪ জন<br>৭। জুলাই/২১ মৃত্যু : ০৯ জন<br>৮। জুন-২১ আক্রান্ত : ৫৯ জন<br>**ভ্যাকসিনেশন সক্রান্ত তথ্যাদিঃ**<br>১। রেজিস্ট্রেশন সম্পন্ন : ২০১০৭ জন<br>২। মোট ১ম ডোজ সম্পন্ন : ১২৪০৪ জন<br>৩। মোট ২য় ডোজ সম্পন্ন : ৬৪২১ জন | | |
| ০৫ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা তাঁর বিভাগের সকল কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতির নিম্নোক্ত প্রতিবেদন সভায় উপস্থাপন করেন।<br><br>ক্রমপুঞ্জিত আদায়যোগ্য- ২,১৮,৬৫,২৫৩/-<br>ক্রমপুঞ্জিত আদায়কৃত- ১,৮৮,৫৮,৫৬৫/-<br>ক্রমপুঞ্জিত আদায়ের হার- ৮৬% | (ক) যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম আরও গতিশীল করতে হবে। করোনা পরিস্থিতিতে সীমিত আকারে অনলাইন প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br><br>(খ) আগামী সভায় হালনাগাদ তথ্যাদি উপস্থাপন করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| ০৬ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, মাতৃত্বকালীন ভাতাভোগীদের ডাটা ব্যাংক এর অনলাইন সংশোধন কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | (ক) করোনা পরিস্থিতি বিবেচনায় অনলাইন প্রশিক্ষণ অব্যাহত রাখতে হবে।<br><br>(খ) চলতি অর্থ বছরের টার্গেট এবং অর্জন আগামী সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ০৭ | কৃষি বিভাগ | (ক) উপজেলা কৃষি অফিসার সভাকে জানান যে, খরিপ-১/২০২০-২১ অর্থবছরে অত্র উপজেলায়। আউশ আবাদ অর্জিত হয়েছে উফশী ৪২৭৫ হেক্টর ও স্থানীয় ১৭৫ হেক্টর সহ মোট ৪৪৫০ হেক্টর। আউশ কর্তন কার্যক্রম চলমান। | (ক) আউশ কর্তন সুন্দরভাবে সম্পন্ন করতে মাঠ পর্যায়ে কৃষককে প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য সবাইকে অনুরোধ ও প্রয়োজনীয় পরামর্শ প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রশাসন/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/ ইউপি চেয়ারম্যান/ এসএএও (সকল) |
| | | (খ) উপজেলা কৃষি অফিসার সভাকে জানান যে, খরিপ-২/২০১৯-২০ অর্থবছরে ২০২০-২১ মৌসুমে অত্র উপজেলায় আমন আবাদের লক্ষ্যমাত্রা উফশী ৭৪৭৫ হেক্টর ও স্থানীয় ১৫৮০ হেক্টরসহ সর্বমোট ৯০৫৫ হেক্টর। আমন রোপন কার্যক্রম চলমান। | (খ) আমন আবাদ সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সকলের সহযোগিতা কামনা করা হয়। | ঐ |
| | | (গ) তিনি সভায় আরও জানান যে, অত্র | (গ) জলঢুপী কমলা ও আনারসের | উপজেলা |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | উপজেলার ঐতিহ্য জলতুপী কমলা ও আনারস এর আবাদ বাড়াতে কৃষকের সাথে যোগাযোগ করা হচ্ছে। | আবাদ বৃদ্ধি করার জন্য উপজেলা কৃষি অফিসারকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/ |
| | | (ঘ) উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, অতিবৃষ্টি ও পাহাড়ী ঢলের কারনে সৃষ্ট বন্যার ফলে আমন বীজতলা নষ্ট হতে পারে। সেজন্য অত্র উপজেলার জলমগ্ন প্রতিরোধী জাত ব্রিধান-৫১, ব্রিধান-৫২ও ব্রিধান-৮৭ জাতের সম্প্রসারণ কার্যক্রম গ্রহন করা হয়েছে। | (ঘ)কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সকলের সহযোগিতা কামনা করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা ও সংশ্লিষ্ট (সকল) |
| | | (ঙ) উপজেলা কৃষি অফিসার সভাকে আরও জানান যে, অত্র উপজেলায় বিভিন্ন প্রকার রাসায়নিক সার ও বীজের পর্যাপ্ত মজুদ রয়েছে। বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে। | (ঙ) অত্র উপজেলায় যাতে কোন প্রকার রাসায়নিক সার ও বীজের সংকট না হয় সে ব্যাপারে উপজেলা কৃষি অফিসার সহ সংশ্লিষ্ট সকলকে সজাগ দৃষ্টি রাখার ব্যাপারে পরামর্শ প্রদান করা হয় | উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি ও সংশ্লিষ্ট (সকল) |
| ০৮ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় তাঁর বিভাগের কার্যপত্র উপস্থাপন করেন। তিনি জানান যে,<br><br>বিয়ানীবাজার উপজেলায় বোরো সংগ্রহের আওতায় ৭৬০ মে:টন বোরো ধানের লক্ষ্যমাত্রার মধ্যে ৭০৭ মে:টন অর্থাৎ ০.৯৩% অর্জন করা হয়েছে এবং আতপ চাল ৪২ মে:টন এবং ১৬৯ মে:টন সিদ্ধ চালের মধ্যে ১৫১.৪২০ মে:টন অর্জিত হয়েছে। অর্থাৎ আতপ চাল ১০০% এবং সিদ্ধ চাল ৯০% অর্জন করা হয়েছে। উল্লেখ্য যে, বর্তমান করোনা ভাইরাস সংক্রমনের কারণে ক্ষতিগ্রস্থ নিম্ন আয়ের মানুষকে খাদ্য সহায়তা প্রদানের লক্ষ্যে বিয়ানীবাজার পৌরসভায় লাইসেন্স কৃত ০৪ জন ওএমএস ডিলার দ্বারা শুক্রবার ব্যতিত প্রতিজন ডিলার প্রতিদিন ১.৫০০ মে:টন চাল এবং ১.০০ মে:টন আটা বিক্রয় কার্যক্রম অব্যাহত আছে।<br><br>এছাড়াও তাঁর বিভাগের দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | (ক) পরিপত্র অনুযায়ী লক্ষ্যমাত্রা পুরণের জন্য প্রয়োজনীয় কার্যক্রম করতে হবে।<br><br>(খ) বোরো ধানের লক্ষ্যমাত্রা অর্জনে সকল ইউনিয়নের সম্মানিত ইউপি চেয়ারম্যানগণ প্রচার প্রচারণার মাধ্যমে কৃষকগণকে উদ্বোদ্ধ করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক<br><br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/ইউপি চেয়ারম্যান (সকল) |
| ০৯ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান যে, উপজেলা পরিষদ, ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যান ও ইউপি সদস্যগণের প্রত্যক্ষ প্রচেষ্টা ও সহযোগিতায় ইউনিয়ন পরিষদের উদ্যোক্তার মাধ্যমে বয়স্ক, বিধবা ও অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতাভোগীদের এমআইএস সম্পন্ন হয়েছে। সংখ্যক ভাতাভোগী যারা ভাতা পান কিন্তু MIS | ক) বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে অগ্রাধিকার ভিত্তিতে MIS এ বাদপড়াদের MIS-এ অন্তর্ভূক্ত করতে হবে।<br><br>খ) আর্থিক সংশ্লিষ্ট বিষয় জড়িত বিধায় জনপ্রতিনিধিগণের প্রত্যয়ন ব্যতিত মোবাইল নম্বর সংশোধন, সংযোজন বা বিয়োজন না করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল)<br><br>ঐ |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- | --- |
| | | করেননি অথবা এমআইএস কার্যক্রমের সময় উনাদের খুঁজে পাওয়া যায়নি বর্তমানে নতুন বরাদ্ধ না আসা পর্যন্ত উনাদের MIS এ অন্তর্ভূক্ত সম্ভবপর নয়।<br><br>**ভাতা বিতরণ সংক্রান্ত :**<br>বয়স্ক, বিধবা ও স্বামী পরিত্যক্তা মহিলা ভাতা ও অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতার চতুর্থ কিস্তি (এপ্রিল-জুন-২১) পর্যন্ত ভাতার পে-রোল পাঠানো হয়েছে। ইতোমধ্যে অধিকাংশ ভাতাভোগীর মোবাইলে ভাতার টাকা পেয়েছেন। মোবাইল নম্বর জটিলতায় যারা এখনো ভাতা পাননি তারা সমাজসেবা কার্যালয়ে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হয়। | গ) প্রত্যেক ইউনিয়ন ও ওয়ার্ড ভিত্তিক ভাতাভোগীগণের তালিকা প্রিন্ট করে পৌরসভা/ ইউনিয়ন পরিষদসহ সংশ্লিষ্ট কার্যালয় সমূহে প্রেরণ করতে হবে। তালিকায় অন্তর্ভূক্ত ভাতাভোগীগণের মধ্যে কেউ ইতোমধ্যে মারা গিয়ে থাকলে অথবা মোবাইল নম্বর সংশোধনের প্রয়োজনীয়তা থাকলে তা তালিকা প্রাপ্তির ১৫ দিনের মধ্যে সমাজসেবা কার্যালয়ে যোগাযোগ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | ঐ |
| ১০ | পৌরসভা | (ক) মেয়র, বিয়ানীবাজার পৌরসভা সভাকে জানান যে, বিয়ানীবাজার পৌর এলাকায় যানজট নিরসনে বিয়ানীবাজার পৌরসভা হতে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। বাজারের অস্থায়ী দোকানগুলো সরানোর প্রচেষ্টা অব্যাহত আছে। এছাড়া ইতোমধ্যে পৌর এলাকার পানি নিষ্কাশনের ড্রেনগুলোর ময়লা আবর্জনা পরিষ্কার পরিচ্ছন্ন ও নিষ্কাশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। তাছাড়া গত বর্ষা মৌসুমে অধিক বৃষ্টিপাতের ফলে পৌর এলাকার ক্ষতিগ্রস্থ রাস্তা গুলো সংস্কারের কাজ অব্যাহত আছে।<br>তাছাড়া চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, উপজেলা কমপ্লেক্স এর অভ্যন্তরের পানি নিষ্কাশনের ড্রেনগুলোতে ময়লা আবর্জনা জমে পনি নিষ্কাশণ ঠিকমত হচ্ছে না। তাছাড়া উপজেলা কমপ্লেক্স এর অভ্যন্তরে গাছগাছালি বেশী থাকায় গাছের পাতা ঝরে পড়ে। ফলে পরিষ্কার পরিচ্ছন্নতার প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। পৌরসভা কর্তৃক উপজেলা কমপ্লেক্স এর অভ্যন্তরে নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন কাজ করার লক্ষ্যে ০২ (দুই) জন শ্রমিক নিয়োজিত করার বিষয়ে সভায় প্রস্তাবনা উপস্থাপন করেন। | (ক/১) আসন্ন বর্ষা মৌসুমে শহরের কোথাও যেন জলাবদ্ধতা সৃষ্টি না হয় সে বিষয়ে কার্যক্রম গ্রহণ করতে হবে।<br><br>(ক/২) পৌর শহরের রাস্তায় সবজির দোকান, সিএনজি, হকার, অবৈধভাবে বসতে না পারে সে জন্য নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে।<br><br>(ক/৩) উপজেলা কমপ্লেক্স এর অভ্যন্তরে নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন রাখার লক্ষ্যে ০২ (দুই) জন শ্রমিক সার্বক্ষনিক নিয়োজিত করার বিষয়ে মেয়র, বিয়ানীবাজার পৌরসভাকে অনুরোধ জানানো হয়। | মেয়র, বিয়ানীবাজার পৌরসভা |
| | | (খ) চেয়ারম্যান উপজেলা পরিষদ সভাকে অবহিত করেন যে, বিয়ানীবাজারে সিএনজিগুলো কোন আইন মেনে চালানো হয় না এবং নির্ধারিত জায়গায় অবস্থান করে না। ফলে তীব্র যানজট সৃষ্টি হয় এবং বেপরোয়াভাবে সিএনজি চালানোর জন্য দূর্ঘটনায় একজনের মৃত্যু হয়েছে যা কখনো কাম্য নয়।এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র, পৌরসভা এবং অফিসার ইনচার্জকে | (খ) যত্রতত্রভাবে যেন সিএনজি অবস্থান করতে না পারে সে বিষয়ে মেয়র প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং সিএনজির কাগজপত্র ও ড্রাইভিং লাইসেন্স সঠিক রয়েছে কি না তা যাচাই করে অফিসার ইনচার্জ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবেন। | মেয়র, বিয়ানীবাজার পৌরসভা/ অফিসার ইনচার্জ, বিয়ানীবাজার থানা। |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | অনুরোধ করা হয়। | | |
| | | (গ) মেয়র বিয়ানীবাজার পৌরসভা সভায় জানান যে, দেশের প্রতিটি পৌরসভায় ওয়ার্ড ভিত্তিক ৬০০ জন হারে মোট ৫৪০০ জনকে করোনা ভ্যাকসিন দেয়া হচ্ছে। কিন্তু বিয়ানীবাজার পৌরসভায় মাত্র ০৩টি ওয়ার্ডে ২০০ জন হারে মোট ৬০০জনকে ভ্যাকসিনের আওতায় নিয়ে আসা হয়েছে। যাহা প্রয়োজনের তুলনায় খুব-ই অপ্রতুল। এমতাবস্থায় বিয়ানীবাজার পৌরসভায় অন্যান্য পৌরসভার মত করোনা ভ্যাকসিন বৃদ্ধি করে প্রদানের জন্য সভায় উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তার প্রতি দৃষ্টি আকর্ষন করেন। | (গ) বিয়ানীবাজার পৌরসভায় করোনা ভ্যাকসিন বৃদ্ধি করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা |
| ১১ | মৎস্য বিভাগ | ১। উপজেলা মৎস্য কর্মকর্তা তাঁর বিভাগের কার্যপত্র সভায় উপস্থাপন করেন। তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন । তিনি আরো জানান যে, যেসকল অসাধু ব্যক্তি নদী, খাল ও বিলে বাঁধ ও খাটি বান (বেড়া) ও বেড়াজাল স্থাপন করে মাছের চলাচলে বাঁধার সৃষ্টি করে এবং অবাধে ডিমওয়ালা মা মাছ নিধন করে এসকল তাদের বিরুদ্ধে নিয়মিত অভিযান পরিচালনা অব্যাহত রয়েছে।<br><br>২। জাতীয় মৎস্য সপ্তাহ ২০২১ উদযাপন উপলক্ষে "বেশি বেশি মাছ চাষ করি, বেকারত্ব দূর করি" এই প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে আগামী ২৮ আগস্ট থেকে ০৩ সেপ্টেম্বর পর্যন্ত জাতীয় মৎস্য সপ্তাহ ২০২১ উদযাপন হবে। জাতীয় মৎস্য সপ্তাহ ২০২১ উদযাপন উপলক্ষে উপজেলা মৎস্য অফিস কর্তৃক বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হয়েছে। উক্ত কর্মসূচী পালনে সকলের সহযোগিতা কামনা করেন। | (ক) রেনু বা পোনা মাছ নিধন না করার লক্ষ্যে প্রতি ইউনিয়নে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মাইকিং করে প্রচারণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(খ) আইন অমান্যকারীদের বিরুদ্ধে অভিযান পরিচালনা করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(গ) জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে জনপ্রতিনিধিগণ ও মসজিদের ইমামগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। এ বিষয়ে ইসলামিক ফাউন্ডেশন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।<br><br>(ঘ) জাতীয় মৎস্য সপ্তাহ ২০২১ উদযাপনে সকলের সহযোগিতা কামনা করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান (সকল) ও ইসলামিক ফাউন্ডেশন, বিয়ানীবাজার। |
| ১২ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | উপজেলা প্রাণিসম্পদ বিভাগের চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ১৩ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা তাঁর বিভাগের কার্যপত্র সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, সমবায়ীদের দোর গোড়ায় সমবায় সেবা পৌঁছানোর লক্ষ্যে ২৫ জন করে সমবায়ীর সমন্বয়ে সমবায় ব্যবস্থাপনা উন্নয়ন বিষয়ক ভ্রাম্যমাণ প্রশিক্ষণ চলমান রয়েছে। এছাড়াও তাঁর বিভাগের দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | উপজেলা সমবায় বিভাগের চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা সমবায় অফিসার |
| ১৪ | জনস্বাস্থ্য | (ক) উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী তাঁর | (ক) উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল | উপ-সহকারী |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | প্রকৌশল বিভাগ | বিভাগের কার্যপত্র সভায় উপস্থাপন করেন এবং সভাকে অবহিত করেন যে, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে বাস্তবায়িত হচ্ছে।<br>'ক' শ্রেণির গৃহহীন পরিবারগুলোর নিরাপদ পানি সরবরাহের লক্ষে ইতোমধ্যে কটুখালির পার ৮টি, শিকারপুরে ২টি এবং কাকুরায় ৩টি গভীর ও অগভীর নলকূপ স্থাপন করা হয়েছে।<br><br>(খ) ২০২১-২২ অর্থ বছরে বিয়ানীবাজার উপজেলায় মোট ১৮টি কমিউনিটি ভিত্তিক পানিসরবরাহ ইউনিট বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দপত্র সভায় উপস্থাপন করেন।<br><br>(গ) তিনি আরো জানান যে, ২০২০-২১ অর্থ বছরে বিয়ানীবাজার উপজেলায় সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় বিয়ানীবাজার উপজেলায় ১০টি ইউনিয়নে ১৩টি করে নলকূপ স্থাপনের বরাদ্দ পাওয়া যায়। নলকূপগুলো স্থাপনের লক্ষে ৬টি ইউনিয়ন হতে স্থান তালিকা দাখিল করেছেন। এখনো ৪টি ইউনিয়ন যথাক্রমে: মাথিউরা, তিলপাড়া, মোল্লাপুর ও শেওলা ইউনিয়ন হতে তালিকা পাওয়া যায়নি। যার ফলে নলকূপ স্থাপন কাজ বাস্তবায়ন ব্যহত হচ্ছে। বিষয়টি তিনি পরিষদ সভায় উপস্থাপন করেন। | বিভাগের চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়। গৃহহীন পরিবারগুলোর নিরাপদ খাবার পানি সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(খ) নীতিমালা অনুযায়ী কমিউনিটি ভিত্তিক পানিসরবরাহ ইউনিট স্থাপন করতে হবে।<br><br>(গ) এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে ২০২০-২১ অর্থ বছরে বরাদ্দকৃত নলকূপ গুলো স্থাপনের বিষয়ে সংশ্লিষ্ট ওয়াটসন কমিটিকে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশনা প্রদান করা হয়। তাছাড়া যেসকল ইউনিয়নের তালিকা পাওয়া গেছে সেসকল ইউনিয়নে দ্রুত গতীতে কার্যক্রম শুরু করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ/সংশ্লিষ্ট ওয়াটসন কমিটি। |
| ১৫ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় অনুপস্থিত। বিগত কয়েকটি সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা অনুপস্থিত রয়েছেন যা সমীচীন নয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার বা তার প্রতিনিধি সভায় উপস্থিত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো। | পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১৬ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসের কাজ স্বাভাবিক ভাবে চলছে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস কর্তৃক গৃহীত প্রকল্প গুলোর গুণগতমান বজায় রাখার লক্ষ্যে তদারকি কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১৭ | বন বিভাগ | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন কেন্দ্র কর্মকর্তা তাঁর বিভাগের কার্যপত্র সভায় উপস্থাপন করেন। তাঁর বিভাগের কার্যক্রম চলমান রয়েছে। | উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্রের চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা বন কর্মকর্তা |
| ১৮ | উপজেলা দারিদ্র্য বিমোচন কার্যালয় | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা সভাকে জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তিনি জুন ২০২১ মাসের কার্যপত্র সভায় উপস্থাপন করেন।<br>১। ক্ষুদ্র ঋণ বিতরণ : ১,২৫,০০,০০০/- টাকা<br>২। নারী ঋণ বিতরণ : ৩৫,০০,০০০/- টাকা<br>৩। ব্যবসায়ী ঋণ বিতরণ : ৮৭,০০,০০০/- টাকা | দারিদ্র্য বিমোচন কার্যালয়ের কার্যক্রমের মাধ্যমে অত্র উপজেলার অবহেলিত দারিদ্র্য জনগোষ্ঠীকে তাহার দপ্তরের সংশ্লিষ্ট সেবা যথাযথভাবে প্রদানের জন্য পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা |
| ১৯ | উপজেলা পল্লী | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা তাঁর বিভাগের কার্যপত্র সভায় উপস্থাপন করেন। তাঁর বিভাগের | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য পরামর্শ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | উন্নয়ন বিভাগ | কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে মর্মে সভাকে অবহিত করেন। | প্রদান করা হয়। | |
| ২০ | পল্লী বিদ্যুৎ সমিতি | ০১। ডিজিএম, বিয়ানীবাজার জোনাল অফিস, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ জানান পল্লী বিদ্যুৎ সমিতির কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান যে, বিভিন্ন এলাকায় বিদ্যুৎ লাইনের উপরে গাছ কর্তনের কাজ চলছে। নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ পেতে গাছ পালা কাটতে বিদ্যুৎ অফিসের লোকজনদের সহায়তা করার জন্য অনুরোধ জানান। অত্র উপজেলায় নিরবচ্ছিন্নভাবে বিদ্যুৎ সরবরাহের বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়। পাশাপাশি তাঁর বিভাগে জরুরী যোগাযোগের মোবাইল/টেলিফোন সার্বক্ষণিক সচল রাখার বিষয়ে পরামর্শ প্রদান করা হয়।<br>তাছাড়া মুজিব শতবর্ষ উপলক্ষে নির্মিত ঘরগুলোতে বিদ্যুৎ সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | (ক) অত্র উপজেলায় নিরবিচ্ছিন্নভাবে বিদ্যুৎ সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(খ) মুজিব শতবর্ষ উপলক্ষে নির্মিত ঘরগুলোতে বিদ্যুৎ সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ডিজিএম, বিয়ানীবাজার জোনাল অফিস, পল্লী বিদ্যুৎ সমিতি- |
| ২১ | আমার বাড়ী আমার খামার | আমার বাড়ী আমার খামার প্রকল্পের সমন্বয়কারীর প্রতিনিধি সভায় জানান যে, তাঁর বিভাগ কর্তৃক বিভিন্ন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর বিভাগের জুলাই ২০২১ মাসের কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি নিম্নরূপঃ-<br>০১. ঋণ বিতরণ : ২০,৩০,০০০/- টাকা<br>০২. ঋণ আদায় : ১৫,২০,০০০/- টাকা<br>০৩. সঞ্চয় আদায় : ১,০০,০০০/- টাকা<br>০৪. কর্মসৃজন ঋণ আদায় : ৫,০০,০০০/- টাকা<br>০৫. ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ বিতরণ: ০০<br>০৬. ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ আদায়: ৪,০০,০০০/-<br>০৭. ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ বিতরণ: ২,০০,০০০/- | (ক) আমার বাড়ী আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক এর কার্যক্রম আরোও জোরদার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(খ) ব্যাংকিং কার্যক্রমের অগ্রগতির উপর হালনাগাদ তথ্যাদি আগামী সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার |
| ২২ | বিবিধ | ০১। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, আগামী ১৭/০৮/২০২১ তারিখে বিয়ানীবাজার উপজেলায় মাননীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট মহোদয় পরিদর্শনে আসবেন। মাননীয় কমিশনার মহোদয়ের আগমন উপলক্ষে সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য আহবান করেন। | ০১। মাননীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট মহোদয়ের পরিদর্শন সূচী অনুযায়ী সংশ্লিষ্ট সকল উপস্থিত থাকতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| | | ০২। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ১৫ই আগস্ট স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৬তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২১ উপলক্ষে আলোচনা সভা ১১:০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সংশ্লিষ্টদেরকে উপস্থিত থাকার জন্য এবং দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য অনুরোধ করেন। | ০২। সভায় বিস্তারিত আলোচনান্তে ১৫ই আগস্ট স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৬তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২১ উপলক্ষে আলোচনা সভায় অংশগ্রহণ এবং প্রতি বছরের ন্যায় দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপন করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| | | ০৩। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, | ০৩। উপজেলা ভাইস চেয়ারম্যান ও | ভাইস |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | উপজেলা পরিষদের নতুন সম্প্রসারিত ভবনে নির্ধারিত সকল কার্যালয় স্থানান্তরিত হলেও অধ্যাবধি পর্যন্ত উপজেলা ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান গণের অফিস কক্ষ স্থানান্তর করা হয়নি। তাই যত দ্রুত সম্ভব উল্লিখিত উপজেলা কমপ্লেক্সের নবনির্মিত ভবনে স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | মহিলা ভাইস চেয়ারম্যানগণ যত দ্রুত সম্ভব উপজেলা পরিষদের নতুন সম্প্রসারিত ভবনে স্থানান্তরের জন্য অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান। |
| | | ০৪। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা কমপ্লেক্সের অভ্যন্তরের নন গেজেটেড কোয়াটার তথা কুশিয়ারা ভবন, কামিনি ভবন, ডরমেটরি কোয়াটার, উপজেলা চেয়ারম্যান কোয়াটার দীর্ঘদিন যাবৎ মেরামত কাজ না করায় উক্ত ভবন/বিল্ডিং গুলো বসবাসের উনুপযোগী হয়ে পড়েছে। যাহা মেরামত করা অত্যন্ত জুরুরী। তাছাড়া উপজেলা পরিষদের পুরাতন অফিস ভবন অর্থাৎ UTDC বিল্ডিং প্রায় ১৫ বছর যাবৎ কোন মেরামত কাজ করা হয়নি। তাই বিল্ডিং এর ছাদ দিয়ে পানি পড়ে রং নষ্ট হয়ে গিয়েছে। উক্ত ভবনটির ছাদ মেরামত কাজ, রং করণ ও আনুষাঙ্গিক কাজ করানো অত্যন্ত জুরুরী মর্মে সভায় প্রস্তাবনা উপস্থাপন করেন। | ০৪। এ ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে দ্রুততম সময়ের মধ্যে নন গেজেটেড কোয়াটার তথা কুশিয়ারা ভবন, কামিনি ভবন, ডরমেটরি ভবন, উপজেলা চেয়ারম্যান কোয়াটার এবং উপজেলা পরিষদের পুরাতন অফিস ভবনের (UTDC বিল্ডিং) প্রাক্কলন প্রস্তুত পূর্বক বরাদ্দ প্রদানের লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| | | ০৫। উপজেলা চেয়ারম্যান সভায় উপজেলা পরিষদের নতুন গেইট নির্মাণ সম্পর্কিত বিষয়ে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করিলে তিনি জানান যে, উপজেলা পরিষদের গেইট নির্মাণের লক্ষ্যে প্রাক্কলন প্রস্তুত কাজ চলমান রয়েছে। | ০৫। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে আগামী এক সপ্তাহের মধ্যে গেইটের প্রাক্কলন প্রস্তুত পূর্বক সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে অনুমোদনের জন্য পত্র প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী |
| | | ০৬। উপজেলা নির্বাহী অফিসার সভায় উপজেলা কমপ্লেক্স এর অভ্যন্তরে চেয়ারম্যান কোয়ার্টারের পূর্ব দক্ষিন পাশে অবস্থিত অর্ধ নির্মিত দোতলা ভবনটির বিষয়ে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী জানান যে, উক্ত অর্ধ নির্মিত দোতলা ভবনটি দীর্ঘ প্রায় ১৮-১৯ বছর পূর্বে অর্ধ সম্পন্ন করে অরক্ষিত অবস্থায় ফেলে রাখা হয়েছে। এ বিষয়ে মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন, বর্ণিত ভবনটি মহিলা হোস্টেল হিসেবে নির্মিত হয়েছিলো। কিন্তু কাজ সমাপ্ত হয়নি। তবে অন্যান্য উপজেলায় পরবর্তীতে এ ভবনগুলো নির্মাণ কাজ সম্পন্ন করে বিভিন্ন কাজে ব্যবহার করা যাচ্ছে। | ০৬। উপজেলা কমপ্লেক্স এর অভ্যন্তরে চেয়ারম্যান কোয়ার্টারের পূর্ব দক্ষিণ পাশে অবস্থিত অর্ধ নির্মিত ভবনের বিষয়ে বিস্তারিত তথ্যাদি যেমন ঠিকাদারের বিল পরিশোধ হয়েছে কিনা ও অন্যান্য আনুষাঙ্গিক তথ্যাদি আগামী ০১ সপ্তাহের মধ্যে উপস্থাপনের জন্য বলা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিয়ানীবাজার। |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ০৭। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, নবনির্মিত ভবনের জন্য প্রতিটি ফ্লোরের কক্ষ নম্বর অংকন এবং ভবনের সম্মুখে একটি কক্ষ নির্দেশিকা স্থাপন করা অত্যন্ত জরুরী। উক্ত কাজটি বাস্তবায়নে আনুমানিক ১২,০০০/- (বার হাজার) টাকা ব্যয় হতে পারে। | ০৭। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নবনির্মিত ভবনের প্রতিটি ফ্লোরের কক্ষ নম্বর অংকন এবং কক্ষ নির্দেশিকা স্থাপন কাজটি ১২,০০০/- (বার হাজার) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ৩(ক) মোতাবেক বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| | | ০৮। উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান মহোদয়ের ব্যবহৃত জীপ গাড়ি নং- সিলেট ঘ-১১-০২৩১ এর পিষ্টন ও রিং এবং রোকার যন্ত্রাংশ বিকল হয়ে যায়। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ ৩(গ) অনুচ্ছেদ মোতাবেক কর্তৃপক্ষের অনুমতিক্রমে গত ০৬/০৭/২০২১ তারিখ জনাব ছাদেক আহমদ গাড়ি চালক, উপজেলা পরিষদ, বিয়ানীবাজার উক্ত বিকল হয়ে যাওয়া যন্ত্রাংশ ক্রয় পূর্বক গাড়িটি মেরামত করে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট,বরাবর ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার একখানা বিল দাখিল করেন। দাকিলকৃত বিলটি যাচাইয়ান্তে সঠিক পাওয়ায় বিলটি অনুমোদনের নিমিত্ত উপজেলা প্রকৌশলী সভায় উপস্থাপন করেন। | ০৮। উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান মহোদয়ের ব্যবহৃত জীপ গাড়ি নং- সিলেট ঘ-১১-০২৩১ এর পিষ্টন ও রিং এবং রোকার যন্ত্রাংশ ক্রয় পূর্বক মেরামত করণ বাবদ দাখিলকৃত ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকার বিলটি উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ ৩(গ) অনুচ্ছেদ মোতাবেক সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয় এবং উক্ত বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নির্বাহের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| | | ০৯। উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান মহোদয়ের ব্যবহৃত জীপ গাড়ি নং- সিলেট ঘ-১১-০২৩১ এর ০৪টি চাকার বিয়ারিং, ০৮টি সিল, ও সিভি জয়েন্ট যন্ত্রাংশ বিকল হয়ে যায়। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ ৩(গ) অনুচ্ছেদ মোতাবেক কর্তৃপক্ষের অনুমতিক্রমে গত ০৪/০৮/২০২১ তারিখ জনাব ছাদেক আহমদ গাড়ি চালক, উপজেলা পরিষদ, বিয়ানীবাজার উক্ত বিকল হয়ে যাওয়া যন্ত্রাংশ ক্রয় পূর্বক গাড়িটি মেরামত করে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট বরাবর ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার একখানা বিল দাখিল করেন। দাকিলকৃত বিলটি যাচাইয়ান্তে সঠিক পাওয়ায় বিলটি অনুমোদনের নিমিত্ত উপজেলা প্রকৌশলী সভায় উপস্থাপন করেন। | ০৯। উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান মহোদয়ের ব্যবহৃত জীপ গাড়ি নং- সিলেট ঘ-১১-০২৩১ এর ০৪টি চাকার বিয়ারিং, ০৮টি সিল, ও সিভি জয়েন্ট যন্ত্রাংশ ক্রয় পূর্বক মেরামত করন বাবদ দাখিলকৃত ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকার বিলটি উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ ৩(গ) অনুচ্ছেদ মোতাবেক সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয় এবং উক্ত বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নির্বাহের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| | | ১০। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের গত ১৪/০১/২০২১ তারিখের মাসিক সমন্বয় সভার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্তের আলোকে ৩,০০,০০০/- (তিন লক্ষ) | ১০। এ বিষয়ে আলোচনান্তে উপজেলা পরিষদের গাড়ী রাখার জন্য সেড নির্মান বিলটি সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং ঠিকাদারী | উপজেলা প্রকৌশলী |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | টাকার মধ্যে ব্যয় সীমবিদ্ধ রেখে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে গাড়ী রাখার জন্য একটি সেড নির্মাণ করা হয়। ইতোমধ্যে যথা নিয়মে সেড নির্মাণ কাজটি শতভাগ সম্পন্ন করে ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স নজরুল এন্টারপ্রাইজ কর্তৃক ২,৯৯,৯৯৯/- (দুই লক্ষ নিরানব্বই হাজার নয়শত নিরানব্বই) টাকার (ভ্যাট+আয়কর সহ) একখানা বিল দাখিল করেন। দাখিলকৃত বিলটি পরিশোধের জন্য সভায় উপস্থাপন করেন। | প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত বিলটি উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | ১১। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বর্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি/২০১৯-২০ ও এডিপি ২০২০-২১) এর দরপত্র e-Tender পদ্ধতিতে আহবান করা হয়। আহবানকৃত দরপত্র বিজ্ঞপ্তি জাতীয় ও স্থানীয় পত্রিকায় বহুল প্রচারের জন্য বিজ্ঞপ্তি আকারে প্রকাশিত হয়। প্রকাশিত বিজ্ঞপ্তির বিল বাবদ<br>(ক) দৈনিক নিউনেশন পত্রিকায় দরপত্র নং-০৪/২০২০-২১ বিজ্ঞপ্তি গত ০১/০৪/২০২১ তারিখে প্রকাশিত হয়। প্রকাশিত বিজ্ঞাপনের বিল বাবদ সংশ্লিষ্ট বিজ্ঞাপন ব্যবস্থাপক কর্তৃক ৪৯,০৩৬/- টাকার বিল দাখিল করেন।<br><br>(খ) দৈনিক ভোরের ডাক পত্রিকায় দরপত্র নং-০৪/২০২০-২১ বিজ্ঞপ্তি গত ০২/০৪/২০২১ তারিখে প্রকাশিত হয়। প্রকাশিত বিজ্ঞাপনের বিল বাবদ সংশ্লিষ্ট বিজ্ঞাপন ব্যবস্থাপক কর্তৃক ৬২,১০০/- টাকার বিল দাখিল করেন।<br><br>(গ) দৈনিক নিউ এইজ পত্রিকায় দরপত্র নং-০৫/২০১৯-২০ বিজ্ঞপ্তি গত ২৮/০২/২০২০ তারিখে প্রকাশিত হয়। প্রকাশিত বিজ্ঞাপনের বিল বাবদ সংশ্লিষ্ট বিজ্ঞাপন ব্যবস্থাপক কর্তৃক ৪৯,৪৯৬/- টাকার বিল দাখিল করেন।<br><br>(ঘ) দৈনিক মানব জমিন পত্রিকায় দরপত্র নং-০৫/২০১৯-২০ বিজ্ঞপ্তি গত ২৮/০২/২০২০ তারিখে প্রকাশিত হয়। প্রকাশিত বিজ্ঞাপনের বিল বাবদ সংশ্লিষ্ট বিজ্ঞাপন ব্যবস্থাপক কর্তৃক ৫৫,৮৯০/- টাকার বিল দাখিল করেন।<br><br>উপরোল্লিখিত প্রকাশিত বিজ্ঞাপনের বিল বাবদ ((ক) ৪৯,০৩৬+ (খ) ৬২,১০০ + (গ) ৪৯,৪৯৬ + (ঘ) ৫৫,৮৯০ )= ২,১৬,৫২২/- (দুই লক্ষ ষোল হাজার পাঁচশত বাইশ) টাকার বিল পরিশোধের জন্য সভায় উপস্থাপন করেন। | ১১। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে বর্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি/২০১৯-২০ ও এডিপি ২০২০-২১) এর দরপত্র e-Tender পদ্ধতিতে আহবানকৃত দরপত্রের বিপরীতে বিজ্ঞাপন বিল বাবদ উত্থাপিত ২,১৬,৫২২/- (দুই লক্ষ ষোল হাজার পাঁচশত বাইশ) টাকার বিল সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং বিলগুলো সংশ্লিষ্ট বিজ্ঞাপন ব্যবস্থাপকগণ বরাবর পরিশোধের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(আবুল কাশেম পল্লব)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বিয়ানীবাজার,সিলেট।
তারিখ : ১৬/০৮/২০২১

স্মারক নম্বর : ০৫.৪৬.৯১১৭.০০০.০৬.০০৯.২১-২৪৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো।

০১। মাননীয় সংসদ সদস্য, সিলেট-৬ (বিয়ানীবাজার-গোলাপগঞ্জ)।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, সিলেট।
০৫। পুলিশ সুপার, সিলেট।
০৬। চেয়ারম্যান, বিয়ানীবাজার উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট।
০৭। মেয়র, বিয়ানীবাজার পৌরসভা বিয়ানীবাজার, সিলেট।
০৮। নির্বাহী প্রকৌশলী / সহকারী প্রকৌশলী,.......................................................................সিলেট।
০৯-১৩। জেলা ........................................................... কর্মকর্তা, সিলেট।
১৪। সহকারী কমিশনার (ভূমি) বিয়ানীবাজার, সিলেট।
১৫। ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বিয়ানীবাজার,সিলেট।
১৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট।
১৭-৪০। উপজেলা ..............................................................কর্মকর্তা (সকল), বিয়ানীবাজার, সিলেট।
৪১। অফিসার ইনচার্জ, বিয়ানীবাজার থানা, বিয়ানীবাজার , সিলেট।
৪২-৫২। চেয়ারম্যান ..........................................................................................ইউপি ( সকল ), বিয়ানীবাজার, সিলেট।
৫৩। সভাপতি, প্রেসক্লাব, বিয়ানীবাজার , সিলেট ।
৫৪। জনাব .........................................................................................বিয়ানীবাজার, সিলেট।

(মোঃ আশিক নূর)
উপজেলা নির্বাহী অফিসার
বিয়ানীবাজার, সিলেট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
বিয়ানীবাজার, সিলেট

**বিষয় : উপজেলা পরিষদ সমন্বয় সভার (জুলাই ২০২১) কার্যবিবরণী।**

সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন
তারিখ : ০৮/০৭/২০২১ খ্রি.
সময় : সকাল- ১০.০০ ঘটিকা
সভাপতি : জনাব আবুল কাশেম পল্লব, চেয়ারম্যান, বিয়ানীবাজার উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট।

সভায় উপস্থিত সদস্যদের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) পরিশিষ্ট "ক" তে সংযুক্ত করা হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বিয়ানীবাজার উপজেলা পরিষদের জুলাই-২০২১ মাসের সমন্বয় সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা। অত:পর আলোচ্যসূচি অনুযায়ী নিম্নোক্তভাবে সভার কার্যক্রম পরিচালনা করা হয় এবং সর্বসম্মত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

২। আলোচনা ও সিদ্ধান্ত সমূহ :

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় তাঁর বিভাগের কার্যপত্র উপস্থাপন করেন। তিনি জানান যে, তাঁর বিভাগের কাজ স্বাভাবিক ভাবে চলছে। | ১। উপজেলা প্রকৌশল বিভাগের চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়।<br><br>২। উপজেলা প্রকৌশল বিভাগের আওতায় গত ২০২০-২০২১ অর্থ বছরে কি কি কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে তার পূর্ণাঙ্গ তালিকা আগামী সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল |
| ০২ | শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার তাঁর বিভাগের কার্যপত্র সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নির্দেশনা মোতাবেক Covid 19 ভাইরাসের প্রভাবে বৈশ্বিক মহামারির কারণে সারা দেশের মতো অত্র উপজেলার সকল ক্যাটাগরীর বিদ্যালয় সমূহ বন্ধ রয়েছে। বিদ্যালয় বন্ধজনিত কারণে শিক্ষার্থীদের শ্রেণি পাঠদান বিষয়ক ঘাটতি পুষিয়ে নেওয়ার জন্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে সংসদ বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, কমিউনিটি রেডিও এর মাধ্যমে শ্রেণি পাঠদান সম্প্রচার অব্যাহত রয়েছে। সারাদেশের মতো অত্র উপজেলার শিক্ষকগণও মোবাইল ফোনের মাধ্যমে প্রতিদিন শিক্ষার্থীদের সাথে যোগাযোগ রাখছেন। জুম আইডি ব্যবহার করে অনলাইন ভিত্তিক পাঠদান অব্যাহত রয়েছে। এছাড়া শিক্ষার্থীদের বাড়ি বাড়ি গিয়ে ওয়ার্ক শিট পৌঁছে | (ক) মন্ত্রণালয়ের সিদ্ধান্তের আলোকে স্কুল খোলার পূর্ব প্রস্তুতি গ্রহণ করতে হবে।<br><br>(খ) ওয়ার্ক শিট মূল্যায়ন করে বিদ্যালয়ে সংরক্ষণ করতে হবে।<br><br>(গ) শিক্ষার্থীদের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- | --- |
| | | দিয়ে শিক্ষার্থীদের সেগুলো বুঝিয়ে দেয়া হচ্ছে। সপ্তাহ শেষে ওয়ার্ক শিট গুলো শিক্ষকগণ সংগ্রহ করে মূল্যায়ন পূর্বক বিদ্যালয়ে সংরক্ষণ করছেন। | | |
| ০৩ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তাঁর বিভাগের কার্যপত্র সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, Covid 19 মহামারীর কারণে অত্র উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় মাধ্যমিক পর্যায়ে বিদ্যালয় সমূহে অনলাইন ক্লাস কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। | (ক) মন্ত্রণালয়ের সিদ্ধান্তের আলোকে স্কুল খোলার পূর্ব প্রস্তুতি গ্রহণ করতে হবে। এ্যাসাইনমেন্ট মূল্যায়ন ও অনলাইনে পাঠদান কার্যক্রম জোরদার করতে হবে এবং শিক্ষার্থীদের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ০৪ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর জুন- ২০২১ মাসের অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, চলতি মাসে<br><br>১। EOC কার্যক্রম জুন/২১ মাসে ডেলিভারী ভর্তি- ১৯৪ জন, ডেলিভারী হয়েছে- ১২৮ জন, সিজারিয়ান- ০৩ টি, মাসিক গড় ডেলিভারী- ১৫৩ টি, ANC - ২৮৭ টি , PNC -১২৮ টি।<br>২। রোগী : জুন/২১ মাসে বহির্বিভাগে রোগী- ৮১০৩ জন, অন্তঃবিভাগে-৪৬৪ জন, জরুরী বিভাগে-৩০০১ জন।<br>৩। কমিউনিটি ক্লিনিক জুন/২১ মাসে কমিউনিটি ক্লিনিকে মোট ১৭৮৬৫ জন রোগীকে চিকিৎসা দেয়া হয়েছে।<br>৪। ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রে : জুন/২১ মাসে রোগী ৫৬০১ জন।<br>৫। মোবাইল সার্ভিসঃ বিয়ানীবাজার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে জরুরী স্বাস্থ্য পরামর্শে জন্য মোবাইল সার্ভিস চালু করা হয়েছে।<br>মোবাইল নং-০১৭৩০-৩২৪৭৫০;<br>৬। ইপিআই কভারেজ জুন/২১ মাসে ৯৯%<br>৭। বেড অকুপেন্সী জুন/২১ মাসে ৭৩%<br><br>**<u>করোনা ভাইরাস সংক্রান্ত তথ্যাদি :</u>**<br><br>১। মোট স্যাম্পুল প্রেরন :৪৪৭৭<br>২। সর্বমোট আক্রান্ত :৭৫১<br>(ক) বিয়ানীবাজার স্বাস্থ্য কমপ্লেক্স হতে প্রেরিত স্যাম্পুল থেকে সনাক্ত: ৫০২ জন<br>(খ) অন্যান্য স্থান হতে সনাক্ত: ২৪৯ জন<br>৩। মোট সুস্থ : ৫৮৮ জন<br>৪। চিকিৎসাধীন: ১২০ জন<br>৫। মোট মৃত : ৪৩ জন<br>৬। জুন/২১ মৃত্যু : ০৪ জন<br>৭। জুলাই/২১ মৃত্যু : ০৯ জন | (ক) উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে স্বাস্থ্য সেবার মান নিশ্চিত করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।<br><br>(খ) করোনা ভাইরাস সংক্রামণ রোধে সকলকে বাধ্যতামূলকভাবে মাস্ক পরিধান করতে হবে এবং স্বাস্থ্যবিধি প্রতিপালন করতে হবে।<br><br>(গ) সীমান্ত এলাকা দিয়ে অবৈধভাবে কোন লোক ভারত হতে আসছে কিনা এবং তাদের যাতায়াত প্রতিরোধ করার জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(ঘ) প্রয়োজনে ভারত হতে আগত লোকজনের কোয়ারাইনটেন নিশ্চিত করার বিষয়ে সংশ্লিষ্ট সকলকে নিয়ে সভা আহবান করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ৮। জুন-২১ আক্রান্ত : ৫৯ জন<br>**ভ্যাকসিনেশন সক্রান্ত তথ্যাদিঃ**<br>১। রেজিস্ট্রেশন সম্পন্ন : ২০১০৭ জন<br>২। মোট ১ম ডোজ সম্পন্ন : ১২৪০৪ জন<br>৩। মোট ২য় ডোজ সম্পন্ন : ৬৪২১ জন | | |
| ০৫ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা তাঁর বিভাগের সকল কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতির নিম্নোক্ত প্রতিবেদন সভায় উপস্থাপন করেন।<br>চলতি মাসের আদায়যোগ্য টাকা- ১,২৪,০০০/-<br>চলতি মাসে আদায়কৃত টাকা-১,২৪,০০০/-<br>ক্রমপুঞ্জিত আদায়যোগ্য- ২,১৮,৬৫,২৫৩/-<br>ক্রমপুঞ্জিত আদায়কৃত- ১,৮৮,৫৮,৫৬৫/-<br>ঋণ তহবিল- ৬৯,৯১,৩৯০/-<br>ক্রমপুঞ্জিত আদায়ের হার- ৮৬%<br>চলতি আদায়ের হার- ১০০% | (ক) যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম আরও গতিশীল করতে হবে। করোনা পরিস্থিতিতে সীমিত আকারে অনলাইন প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br><br>(খ) আগামী সভায় হালনাগাদ তথ্যাদি উপস্থাপন করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| ০৬ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, মাতৃত্বকালীন ভাতাভোগীদের ডাটা ব্যাংক এর অনলাইন সংশোধন কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | (ক) করোনা পরিস্থিতি বিবেচনায় অনলাইন প্রশিক্ষণ অব্যাহত রাখতে হবে।<br><br>(খ) চলতি অর্থ বছরের টার্গেট এবং অর্জন আগামী সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ০৭ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভাকে জানান যে, খরিপ-১/২০২০-২১ অর্থবছরে অত্র উপজেলায়। আউশ আবাদের লক্ষ্যমাত্রা ৪৩৩০ হেক্টর। আউশ আবাদ অর্জিত হয়েছে উফশী ৪২৭৫ হেক্টর ও স্থানীয় ১৭৫ হেক্টর সহ মোট ৪৪৫০ হেক্টর। আউশ ফসলের অবস্থা ভাল। | আউশ ফসল যাতে কোন প্রকার রোগ ও পোকার আক্রমণে ক্ষতিগ্রস্থ না হয় সে ব্যাপারে মাঠ পর্যায়ে কর্মরত উপসহকারী কৃষি কর্মকর্তাগণ কৃষককে প্রয়োজনীয় পরামর্শ প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রশাসন/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সংশ্লিষ্ট (সকল) |
| | | উপজেলা কৃষি অফিসার সভাকে জানান যে, খরিপ-২/২০২০-২১ মৌসুমে অত্র উপজেলায় আমন আবাদের লক্ষ্যমাত্রা উফশী ৭২৭৫ হেক্টর ও স্থানীয় ১৯৯০ হেক্টরসহ সর্বমোট ৯২৬৫ হেক্টর। আমন বীজতলার কার্যক্রম শুরু হয়েছে। | আমন আবাদ সুষ্ঠুভাবে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা, বিয়ানীবাজার। |
| | | তিনি সভায় আরও জানান যে, অত্র উপজেলার ঐতিহ্য জলঢুপী কমলা ও আনারস এর আবাদ বাড়াতে কৃষকের সাথে যোগাযোগ করা হচ্ছে এবং তাদেরকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করার আশ্বাস প্রদান করেন। | জলঢুপী কমলা ও আনারসের আবাদ বৃদ্ধি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ঐ |
| | | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, অতিবৃষ্টি ও পাহাড়ী ঢলের কারনে সৃষ্ট বন্যার ফলে আমন বীজতলা নষ্ট হতে পারে। সেজন্য অত্র উপজেলার ০৩টি ইউনিয়নে জলমগ্ন প্রতিরোধী জাত ব্রিধান-৫১ ও ব্রিধান-৫২ জাতের ধানবীজ বিতরণ করার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। | বীজ বিতরণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সকলের সহযোগিতা কামনা করা হয় | ঐ |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | উপজেলা কৃষি অফিসার সভাকে আরও জানান যে, অত্র উপজেলায় বিভিন্ন প্রকার রাসায়নিক সার ও বীজের পর্যাপ্ত মজুদ রয়েছে। বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে। | অত্র উপজেলায় যাতে কোন প্রকার রাসায়নিক সার ও বীজের সংকট না হয় সে ব্যাপারে উপজেলা কৃষি অফিসার সহ সংশ্লিষ্ট সকলকে সজাগ দৃষ্টি রাখার ব্যাপারে পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি ও সংশ্লিষ্ট সকল |
| ০৮ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় তাঁর বিভাগের কার্যপত্র উপস্থাপন করেন। তিনি জানান যে,<br><br>পেওলা এলএসডির অনুকূলে চলতি বোরো সংগ্রহের বিপরীতে ৭৬০ মে:টন ধানের মধ্যে ইতোমধ্যে কৃষকের নিকট হতে ৬৪০ মে:টন ধান সংগ্রহ করা হয়েছে। এছাড়া লাইসেন্সধারী ডিলারের নিকট হতে ৪২ মে:টন আতপ চাল ও ১৪৬ মে:টন সিদ্ধ চাল ক্রয় করা হয়েছে। এ কার্যক্রম আগামী ১৬ আগস্ট-২১ পর্যন্ত চলমান থাকবে।<br><br>এছাড়াও তাঁর বিভাগের দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | (ক) পরিপত্র অনুযায়ী লক্ষ্যমাত্রা পুরণের জন্য প্রয়োজনীয় কার্যক্রম করতে হবে।<br><br>(খ) বোরো ধানের লক্ষ্যমাত্রা অর্জনে সকল ইউনিয়নের সম্মানিত ইউপি চেয়ারম্যানগন প্রচার প্রচারণার মাধ্যমে কৃষকগণকে উদ্বোদ্ধ করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক<br><br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/ইউপি চেয়ারম্যান (সকল) |
| ০৯ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান যে, উপজেলা পরিষদ, ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যান ও ইউপি সদস্যগণের প্রত্যেক প্রচেষ্টা ও সহযোগিতায় ইউনিয়ন পরিষদের উদ্যোক্তার মাধ্যমে বয়স্ক, বিধবা ও অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতাভোগীদের এমআইএস সম্পন্ন হয়েছে। সংখ্যক ভাতাভোগী যারা ভাতা পান কিন্তু MIS করেননি অথবা এমআইএস কার্যক্রমের সময় উনাদের খুঁজে পাওয়া যায়নি বর্তমানে নতুন বরাদ্দ না আসা পর্যন্ত উনাদের MIS এ অন্তর্ভূক্ত সম্ভবপর নয়।<br><br>ভাতা বিতরণ সংক্রান্ত :<br>বয়স্ক, বিধবা ও স্বামী পরিত্যাক্তা মহিলা ভাতা ও অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতার চতুর্থ কিস্তি (এপ্রিল-জুন-২১) পর্যন্ত ভাতার পে-রোল পাঠানো হয়েছে। ইতোমধ্যে অধিকাংশ ভাতাভোগীর মোবাইলে ভাতার টাকা পেয়েছেন। মোবাইল নম্বর জটিলতায় যারা এখনো ভাতা পাননি তারা সমাজসেবা কার্যালয়ে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হয়। | ক) বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে অগ্রাধিকার ভিত্তিতে MIS এ বাদপড়াদের MIS-এ অন্তর্ভূক্ত করতে হবে।<br><br>খ) আর্থিক সংশ্লিষ্ট বিষয় জড়িত বিধায় জনপ্রতিনিধিগণের প্রত্যয়ন ব্যতিত মোবাইল নম্বর সংশোধন, সংযোজন বা বিয়োজন না করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>গ) প্রত্যেক ইউনিয়ন ও ওয়ার্ড ভিত্তিক ভাতাভোগীগণের তালিকা প্রিন্ট করে পৌরসভা/ ইউনিয়ন পরিষদসহ সংশ্লিষ্ট কার্যালয় সমূহে প্রেরণ করতে হবে। তালিকায় অন্তর্ভূক্ত ভাতাভোগীগণের মধ্যে কেউ ইতোমধ্যে মারা গিয়ে থাকলে অথবা মোবাইল নম্বর সংশোধনের প্রয়োজনীয়তা থাকলে তা তালিকা প্রাপ্তির ১৫ দিনের মধ্যে সমাজসেবা কার্যালয়ে যোগাযোগ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল)<br><br>ঐ<br><br>ঐ |

| ক্রম নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১০ | পৌরসভা | (ক) মেয়র, বিয়ানীবাজার পৌরসভা সভাকে জানান যে, বিয়ানীবাজার পৌর এলাকায় যানজট নিরসনে বিয়ানীবাজার পৌরসভা হতে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। বাজারের অস্থায়ী দোকানগুলো সরানোর প্রচেষ্টা অব্যাহত আছে। এছাড়া ইতোমধ্যে পৌর এলাকার পানি নিষ্কাশনের ড্রেণগুলোর ময়লা আবর্জনা পরিষ্কার পরিচ্ছন্ন ও নিষ্কাশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হয়েছে। তাছাড়া গত বর্ষা মৌসুমে অধিক বৃষ্টিপাতের ফলে পৌর এলাকার ক্ষতিগ্রস্থ রাস্তা গুলো সংস্কারের কাজ অব্যাহত আছে।<br>তাছাড়া চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, উপজেলা কমপ্লেক্স এর অভ্যন্তরের পানি নিষ্কাশনের ড্রেণগুলোতে ময়লা আবর্জনা জমে পনি নিষ্কাশন ঠিকমত হচ্ছে না। তাছাড়া উপজেলা কমপ্লেক্স এর অভ্যন্তরে গাছপাছালি বেশী থাকায় গাছের পাতা ঝরে পড়ে। ফলে পরিষ্কার পরিচ্ছন্নতার প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। পৌরসভা কর্তৃক উপজেলা কমপ্লেক্স এর অভ্যন্তরে নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন কাজ করার লক্ষ্যে ০২ (দুই) জন শ্রমিক নিয়োজিত করার বিষয়ে সভায় প্রস্তাবনা উপস্থাপন করেন। | (ক/১) আসন্ন বর্ষা মৌসুমে শহরের কোথাও যেন জলাবদ্ধতা সৃষ্টি না হয় সে বিষয়ে কার্যক্রম গ্রহণ করতে হবে।<br><br>(ক/২) পৌর শহরের রাস্তায় সবজির দোকান, সিএনজি, হকার, অবৈধভাবে বসতে না পারে সে জন্য নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে।<br><br>(ক/৩) উপজেলা কমপ্লেক্স এর অভ্যন্তরে নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন রাখার লক্ষ্যে ০২ (দুই) জন শ্রমিক সার্বক্ষনিক নিয়োজিত করার বিষয়ে মেয়র, বিয়ানীবাজার পৌরসভাকে অনুরোধ জানানো হয়। | মেয়র, বিয়ানীবাজার পৌরসভা |
| | | (খ) চেয়ারম্যান উপজেলা পরিষদ সভাকে অবহিত করেন যে, বিয়ানীবাজারে সিএনজিগুলো কোন আইন মেনে চালানো হয় না এবং নির্ধারিত জায়গায় অবস্থান করে না। ফলে তীব্র যানজট সৃষ্টি হয় এবং বেপরোয়াভাবে সিএনজি চালানোর জন্য দূর্ঘটনায় একজনের মৃত্যু হয়েছে যা কখনো কাম্য নয়।এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র, পৌরসভা এবং অফিসার ইনচার্জকে অনুরোধ করা হয়। | (খ) যত্রতত্রভাবে যেন সিএনজি অবস্থান করতে না পারে সে বিষয়ে মেয়র প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং সিএনজির কাগজপত্র ও ড্রাইভিং লাইসেন্স সঠিক রয়েছে কি না তা যাচাই করে অফিসার ইনচার্জ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবেন। | মেয়র, বিয়ানীবাজার পৌরসভা/ অফিসার ইনচার্জ, বিয়ানীবাজার থানা। |
| ১১ | মৎস্য বিভাগ | ১। উপজেলা মৎস্য কর্মকর্তা তাঁর বিভাগের কার্যপত্র সভায় উপস্থাপন করেন। তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন । তিনি আরো জানান যে, বিভিন্ন ইউনিয়নের মাছ চাষীদের পুকুরে "প্রদর্শনী পুকুর স্থাপন" করা হয়েছে। পর্যায়ক্রমে সকল ইউনিয়নগুলোতেও "প্রদর্শনী পুকুর স্থাপন" পরিকল্পনা রয়েছে। এতে মাছ চাষীরা উদ্বোদ্ধ হবেন। এ বিষয়ে সভায় সকলের সহযোগিতা কামনা করেন।<br><br>২। এছাড়াও যেসকল অসাধু ব্যক্তি নদী, খাল ও বিলে বাঁধ ও স্থাটি বান (বেড়া) ও বেড়াজাল | (ক) রেনু বা পোনা মাছ নিধন না করার লক্ষ্যে প্রতি ইউনিয়নে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মাইকিং করে প্রচারণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(খ) আইন অমান্যকারীদের বিরুদ্ধে অভিযান পরিচালনা করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(গ) জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে জনপ্রতিনিধিগণ ও মসজিদের ইমামগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। এ বিষয়ে ইসলামিক | উপজেলা মৎস্য কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান (সকল) ও ইসলামিক ফাউন্ডেশন, বিয়ানীবাজার। |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | স্থাপন করে মাছের চলাচলে বাঁধার সৃষ্টি করে এবং অবাদে ডিমওয়ালা মা মাছ নিধন করে এসকল তাদের বিরুদ্ধে নিয়মিত অভিযান পরিচালনা অব্যাহত রয়েছে। | ফাউন্ডেশন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | |
| ১২ | প্রানিসম্পদ বিভাগ | উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তাছাড়া আসন্ন ঈদে গরুর হাটে কোন অসুস্থ গরু যেন বিক্রি না হয় সে দিকে নজর রাখার জন্য বিশেষজ্ঞ টিম প্রেরণ করা হবে মর্মে সভাকে অবহিত করেন। | উপজেলা প্রানিসম্পদ বিভাগের চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়। পাশাপাশি স্থায়ী ও অস্থায়ী প্রতিটি গরুর হাটে বিশেষ টিম নিয়োজিত রাখতে হবে। | উপজেলা প্রানি সম্পদ কর্মকর্তা |
| ১৩ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা তাঁর বিভাগের কার্যপত্র সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, সমবায়ীদের দোর গোড়ায় সমবায় সেবা পৌঁছানোর লক্ষ্যে ২৫ জন করে সমবায়ীর সমন্বয়ে সমবায় ব্যবস্থাপনা উন্নয়ন বিষয়ক ভ্রাম্যমাণ প্রশিক্ষণ চলমান রয়েছে। এছাড়াও তাঁর বিভাগের দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | উপজেলা সমবায় বিভাগের চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা সমবায় অফিসার |
| ১৪ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী তাঁর বিভাগের কার্যপত্র সভায় উপস্থাপন করেন এবং সভাকে অবহিত করেন যে, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে বাস্তবায়িত হচ্ছে।<br>'ক' শ্রেণির গৃহহীন পরিবারগুলোর নিরাপদ পানি সরবরাহের লক্ষে কটুখালির পার ৮টি, শিকারপুরে ২টি এবং কাকুরায় ৩টি গভীর ও অগভীর নলকূপ স্থাপন করা হয়েছে। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়। গৃহহীন পরিবারগুলোর নিরাপদ খাবার পানি সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ |
| ১৫ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় অনুপস্থিত। বিগত কয়েকটি সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা অনুপস্থিত রয়েছেন যা সমীচীন নয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার বা তার প্রতিনিধি সভায় উপস্থিত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো। | পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১৬ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসের কাজ স্বাভাবিক ভাবে চলছে। তিনি জানান যে, ২০২০-২১ অর্থ বছরে বিয়ানীবাজার উপজেলায় নিম্নলিখিত প্রকল্পসমূহ বাস্তবায়িত হয়েছে।<br>**টিআর প্রকল্প :**<br>মোট বরাদ্দ : ১,৮০,৩১,৪০৫/- টাকা<br>প্রকল্পের সংখ্যা=১৮২ টি<br>মোট ব্যয় = ১,৮০,৩১,৪০৫/- টাকা<br>কাজের অগ্রগতি : ১০০%<br>**কাবিখা প্রকল্প :**<br>মোট বরাদ্দ : ১,৯৮,৭৭,২৭৭/- টাকা<br>প্রকল্পের সংখ্যা=৬৮ টি<br>মোট ব্যয় = ১,৯৮,৭৭,২৭৭/- টাকা<br>কাজের অগ্রগতি : ১০০% | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস কর্তৃক গৃহীত প্রকল্প গুলোর গুণগতমান বজায় রাখার লক্ষ্যে তদারকি কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | **মুজিব শতবর্ষ উপলক্ষে ঘর নির্মাণ:**<br>মোট বরাদ্দ : ১,৭৭,৮৪,০০০/- টাকা<br>মোট ঘর নির্মাণ= ১০৪ টি<br>মোট ব্যয় = ১,৭৭,৮৪,০০০/- টাকা<br>কাজের অগ্রগতি : ১০০%<br>**ইজিপিপি :**<br>মোট বরাদ্দ : ব্যয়=২,১২,০০,০০০/- টাকা<br>প্রকল্পের সংখ্যা : ৮৪টি<br>মোট ব্যয়=২,১২,০০,০০০/- টাকা<br>কাজের অগ্রগতি : ১০০%<br>**বন্যা আশ্রয়ন কেন্দ্র নির্মাণ :**<br>মোট বরাদ্দ : ৩,৪৮,৩৩,৪৪৫/- টাকা<br>চুক্তি মূল্য : ৩,১৩,৬১,২৪৭/- টাকা<br>প্রকল্পের সংখ্যা : ১টি (শেওলা হাই স্কুল বন্যা আশ্রয়ন কেন্দ্র)<br>প্রকল্পের অবস্থা : চলমান<br>কাজের অগ্রগতি : ৬৫% | | |
| ১৭ | বন বিভাগ | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন কেন্দ্র কর্মকর্তা তাঁর বিভাগের কার্যপত্র সভায় উপস্থাপন করেন। তাঁর বিভাগের কার্যক্রম চলমান রয়েছে। | উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্রের চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা বন কর্মকর্তা |
| ১৮ | উপজেলা দারিদ্র্য বিমোচন কার্যালয় | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা সভাকে জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তিনি জুন ২০২১ মাসের কার্যপত্র সভায় উপস্থাপন করেন।<br>১। ক্ষুদ্র ঋণ বিতরণ : ১,২৫,০০,০০০/- টাকা<br>২। নারী ঋণ বিতরণ : ৩৫,০০,০০০/- টাকা<br>৩। ব্যবসায়ী ঋণ বিতরণ : ৮৭,০০,০০০/- টাকা | দারিদ্র্য বিমোচন কার্যালয়ের কার্যক্রমের মাধ্যমে অত্র উপজেলার অবহেলিত দারিদ্র্য জনগোষ্ঠীকে তাহার দপ্তরের সংশ্লিষ্ট সেবা যথাযথভাবে প্রদানের জন্য পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা |
| ১৯ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা তাঁর বিভাগের কার্যপত্র সভায় উপস্থাপন করেন। তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে মর্মে সভাকে অবহিত করেন। | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ২০ | পল্লী বিদ্যুৎ সমিতি | ০১। ডিজিএম, বিয়ানীবাজার জোনাল অফিস, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ জানান পল্লী বিদ্যুৎ সমিতির কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান যে, বিভিন্ন এলাকায় বিদ্যুৎ লাইনের উপরে গাছ কর্তনের কাজ চলছে। নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ পেতে গাছ পালা কাটতে বিদ্যুৎ অফিসের লোকজনদের সহায়তা করার জন্য অনুরোধ জানান। অত্র উপজেলায় নিরবচ্ছিন্নভাবে বিদ্যুৎ সরবরাহের বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়। পাশাপাশি তাঁর বিভাগে জরুরী যোগাযোগের মোবাইল/টেলিফোন সার্বক্ষণিক সচল রাখার বিষয়ে পরামর্শ প্রদান করা হয়।<br>তাছাড়া মুজিব শতবর্ষ উপলক্ষে নির্মিত ঘরগুলোতে বিদ্যুৎ সরবরাহের প্রয়োজনীয় | (ক) অত্র উপজেলায় নিবিচ্ছিন্নভাবে বিদ্যুৎ সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(খ) মুজিব শতবর্ষ উপলক্ষে নির্মিত ঘরগুলোতে বিদ্যুৎ সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ডিজিএম, বিয়ানীবাজার জোনাল অফিস, পল্লী বিদ্যুৎ সমিতি- |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | | |
| ২১ | আমার বাড়ী আমার খামার | আমার বাড়ী আমার খামার প্রকল্পের সমন্বয়কারীর প্রতিনিধি সভায় জানান যে, তাঁর বিভাগ কর্তৃক বিভিন্ন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর বিভাগের জুন ২০২১ মাসের কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি নিম্নরূপঃ-<br>০১. ঋণ বিতরণ : ২০,০০,০০০/- টাকা<br>০২. ঋণ আদায় : ১০,০০,০০০/- টাকা<br>০৩. সঞ্চয় আদায় : ১,০০,০০০/- টাকা<br>০৪. কর্মসৃজন ঋণ আদায় : ২,০০,০০০/- টাকা<br>০৫. ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ বিতরণ: ১,০০,০০০/-<br>০৬. ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ আদায়: ৩,০০,০০০/- | (ক) আমার বাড়ী আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক এর কার্যক্রম আরোও জোরদার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(খ) ব্যাংকিং কার্যক্রমের অগ্রগতির উপর হালনাগাদ তথ্যাদি আগামী সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার |
| ২২ | বিবিধ | ০১। চেয়ারম্যান উপজেলা পরিষদ সভায় জানান যে, সরকার কর্তৃক সময়ে সময়ে বিভিন্ন ত্রাণ কার্যে চাল বরাদ্দ প্রদান করা হয়ে থাকে। আমাদের সিলেট অঞ্চলের জনসাধারণ সাধারণত আতপ চাল খেতে অভ্যস্থ। তাই সিলেট অঞ্চল তথা বিয়ানীবাজার উপজেলায় সরকার কর্তৃক প্রদত্ত সিদ্ধ চালের পরিবর্তে আতপ চাল বরাদ্দের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করার জন্য অনুরোধ করেন। | ০১। বিয়ানীবাজার উপজেলায় বিভিন্ন ত্রাণ কার্যে বরাদ্দকৃত সিদ্ধ চালের পরিবর্তে আতপ চাল বরাদ্দের বিষয়ে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর অবহিত করণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| | | ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, বিয়ানীবাজার উপজেলাধীন শেওলা ত্রিমুখী হতে শেওলা পুরাতন ফেরী খাদ্যগোদাম শেওলা বাজার পর্যন্ত প্রায় ০১ কিঃমিঃ রাস্তাটি দীর্ঘ ১৯ বছর পূর্বে বিয়ানীবাজার টু সিলেট যাতায়াতের একমাত্র রাস্তা ছিলো। দুবাগ এলাকায় শেওলা সেতু নির্মিত হওয়ায় ফেরী বন্ধ হয়ে যায়। রাস্তাটি ২১ বছর যাবৎ পরিত্যাক্ত অবস্থায় রয়েছে। উক্ত পরিত্যাক্ত রাস্তাদিয়ে বেশ কয়েকটি গ্রামের জনসাধারণ চলাচল করে থাকেন। রাস্তাটি এতই জরাজীর্ণ হয়েছে যে, উক্ত রাস্তাদিয়ে পায়ে হেঁটে অতিক্রম করা দুস্কর হয়ে পড়েছে। এহেন অবস্থার পরিপ্রেক্ষিতে কয়েকটি গ্রামের জনসাধারণ চলাচলে মারাত্মক ভোগান্তির শিকার হচ্ছেন। বর্ণিত রাস্তাটি পরিত্যক্ত থাকায় গত ১৮/১১/২০১৯ তারিখের উপজেলা পরিষদের মাসিক সভার সিদ্ধান্তের আলোকে প্রধান নির্বাহী প্রকৌশলী, এলজিইডি কর্তৃক বর্ণিত "শেওলা ত্রিমুখী হইতে শেওলা পুরাতন ফেরী খাদ্যগোদাম শেওলা বাজার পর্যন্ত প্রায় ০১ কিঃমিঃ পরিত্যাক্ত রাস্তাটি" জনস্বার্থে উন্নয়নের লক্ষে এলজিইডির নিকট হস্তান্তর করার সুপারিশ জানিয়ে সড়ক ও জনপথ বিভাগের উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর একখানা পত্র প্রদান | ০২। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে "শেওলা ত্রিমুখী হইতে শেওলা পুরাতন ফেরী খাদ্যগোদাম শেওলা বাজার পর্যন্ত প্রায় ০১ কিঃমিঃ পরিত্যাক্ত রাস্তাটি" উন্নয়ন কার্যক্রম পরিচালনার জন্য নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/ সংশ্লিষ্ট সকল। |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | করা হয়। উক্ত পত্রের আলোকে সড়ক ও জনপথ বিভাগ কর্তৃক বর্ণিত রাস্তাটিতে এলজিইডি কর্তৃক সংস্কার কাজ করানোর সম্মতি জ্ঞাপন করেছেন। এমতাবস্থায়, যেহেতু রাস্তাটি জন চলাচলের অতিব গুরুত্বপূর্ণ রাস্তা, সেহেতু চলতি অর্থ বছরে এলজিইডির আওতায় উপজেলা রাজস্ব তহবিল (এডিপি) অর্থায়নে বাস্তবায়ন করা যায় কিনা সে বিষয়ে প্রস্তাবনা উপস্থাপন করেন। এ প্রসঙ্গে উপজেলা নির্বাহী অফিসার জানান, জেলা উন্নয়ন সমন্বয় সভায় বর্ণিত রাস্তাটি নিয়ে আলোচনা করা হয়েছে। নির্বাহী প্রকৌশলী সওজ জানিয়েছেন খুব শীঘ্রই বর্ণিত রাস্তাটির উন্নয়ন কাজ শুরু করা হবে। | | |
| | | ০৩। উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, শাহজালাল সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লি: এর বিরুদ্ধে গত ১০/০৬/২০২১ তারিখের মাসিক সভায় উত্থাপিত অভিযোগের বিষয়ে তদন্ত প্রক্রিয়াধীন রয়েছে। কোভিড-১৯ এর কারণে সরকার কর্তৃক ঘোষিত লকডাউন থাকায় তদন্তকাজে বিলম্ব হচ্ছে। তদন্ত কার্যক্রমে আনীত অভিযোগটির সত্যতা পাওয়াগেলে শাহজালাল সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লি: এর বিরুদ্ধে আইনানুগ যথাযথ ব্যবস্থা গ্রহণ পূর্বক অত্র সভাকে অবহিত করা হবে। | ০৩। এ বিষয়য়ে সভায় দীর্ঘ আলোচনা করা হয়। আলোচনান্তে শাহজালাল সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লি: এর বিরুদ্ধে আনীত অভিযোগটির বিষয়ে তদন্তকার্যক্রম ত্বরান্বিত করার জন্য উপজেলা সমবায় অফিসার, বিয়ানীবাজার, সিলেটকে পুণরায় নির্দেশনা প্রদান করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, বিয়ানীবাজার, সিলেট। |
| | | ০৪। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, বিয়ানীবাজার উপজেলার ১৪২৮ বাংলা সনের হাটবাজার ইজারা বিজ্ঞপ্তি দৈনিক উত্তরপূর্ব পত্রিকায় প্রকাশিত হয়। প্রকাশিত বিজ্ঞাপনের বিল বাবদ ৩৩,৯৩৮ টাকা পরিশোধের জন্য দৈনিক উত্তরপূর্ব পত্রিকার সম্পাদক/বিজ্ঞাপন ব্যবস্থাপক কর্তৃক একখানা বিল দাখিল করেন। দাখিলকৃত বিলটি অনুমোদন পূর্বক পরিশোধের জন্য সভায় উপস্থাপন করেন। | ০৪। সভায় আলোচনান্তে ১৪২৮ বাংলা সনের হাটবাজার ইজারা বিজ্ঞপ্তির বিজ্ঞাপন বিল বাবদ দাখিলকৃত ৩৩,৯৩৮/- (তেত্রিশ হাজার নয়শত আটত্রিশ) টাকার বিল সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং উপজেলা রাজস্ব তহবিল হতে বিলটি পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, বিয়ানীবাজার |
| | | ০৫। উপজেলা চেয়ারম্যান সভায় জানান যে, কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত হয়ে উপজেলা পরিষদ চেয়ারম্যান কার্যালয়ে দৈনন্দিন কাজে ব্যবহৃত ঝাড়ু, ব্রাশ, ঝিন, বালতি, মগ, পাপুস ইত্যাদি ক্রয় করে ১০,৫০০/- (দশ হাজার পাঁচশত) টাকার বিল চেয়ে জনাব রুবেল আহমদ, সাঁট মুদ্রাক্ষরিক কর্তৃক একখানা বিল দাখিল করেন। দাখিলকৃত বিলটি অনুমোদন পূর্বক পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হয়। | ০৫। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদ চেয়ারম্যান কার্যালয়ে দৈনন্দিন কাজে ব্যবহৃত ঝাড়ু, ব্রাশ, ঝিন, বালতি, মগ, পাপুস ইত্যাদি ক্রয়ে ব্যয়িত ১০,৫০০/- (দশ হাজার পাঁচশত) টাকার বিল সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। বিলটি উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ৩/(চ) মোতাবেক পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, বিয়ানীবাজার |

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৮.৭.২১
(আবুল কাশেম পল্লব)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বিয়ানীবাজার,সিলেট।

স্মারক নম্বর : ০৫.৪৬.৯১১৭.০০০.০৬.০০৯.২১-২১৫
তারিখ : ০৮/০৭/২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরন করা হলো।

০১। মাননীয় সংসদ সদস্য, সিলেট-৬ (বিয়ানীবাজার-গোলাপগঞ্জ)।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, সিলেট।
০৫। পুলিশ সুপার, সিলেট।
০৬। চেয়ারম্যান, বিয়ানীবাজার উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট।
০৭। মেয়র, বিয়ানীবাজার পৌরসভা বিয়ানীবাজার, সিলেট।
০৮। নির্বাহী প্রকৌশলী / সহকারী প্রকৌশলী,..........................................................................সিলেট।
০৯-১৩। জেলা .......................................................................... কর্মকর্তা, সিলেট।
১৪। সহকারী কমিশনার (ভূমি) বিয়ানীবাজার, সিলেট ।
১৫। ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বিয়ানীবাজার,সিলেট।
১৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট।
১৭-৪০। উপজেলা .......................................................................... কর্মকর্তা (সকল), বিয়ানীবাজার, সিলেট।
৪১। অফিসার ইনচার্জ, বিয়ানীবাজার থানা, বিয়ানীবাজার , সিলেট।
৪২-৫২। চেয়ারম্যান ,..........................................................................ইউপি ( সকল ), বিয়ানীবাজার, সিলেট।
৫৩। সভাপতি, প্রেসক্লাব, বিয়ানীবাজার , সিলেট ।
৫৪। জনাব ..........................................................................বিয়ানীবাজার, সিলেট।

৮.৭.২১
(মোঃ আশিক নূর)
উপজেলা নির্বাহী অফিসার
বিয়ানীবাজার, সিলেট।

উপজেলা পরিষদ কার্যালয়
বিয়ানীবাজার, সিলেট

বিষয় : **উপজেলা পরিষদের মে-২০২২ মাসের সভার কার্যবিবরণী :**

সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন
তারিখ : ১২/০৫/২০২২
সময় : সকাল- ১০.০০ ঘটিকা
সভাপতি : জনাব আবুল কাশেম পল্লব, চেয়ারম্যান, বিয়ানীবাজার উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট

সভায় উপস্থিত সদস্যদের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বিয়ানীবাজার উপজেলা পরিষদের মে-২০২২ মাসের সমন্বয় সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নোক্তভাবে সভার কার্যক্রম পরিচালনা করা হয় এবং সর্বসম্মত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

২। **আলোচনা ও সিদ্ধান্তসমূহ :**

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরো জানান যে, উপজেলা পরিষদের চতুরপার্শ্বের বাউন্ডারী ওয়াল খুবই ঝুকিপুর্ণ অবস্থায় আছে। যেকোন সময় বাউন্ডারী ওয়াল ভেঙ্গে সাধারন জনগনের জানমালের মারাত্বক ক্ষতি হতে পারে। তাছাড়া উপজেলা পরিষদের অভ্যান্তরে জরাজীর্ণ কোট বিল্ডিং এর বাউন্ডারী ওয়াল অত্যান্ত ঝুকিপুর্ণ অবস্থায় আছে। তাছাড়া কোর্ট বিল্ডিংটি অনেকদিন যাবৎ পরিত্যক্ত অবস্থায় রয়েছে। উক্ত ভবনটি কনডেমনেশন ঘোষনার করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | (ক) জরুরী ভিত্তিতে কোট বিল্ডিংয়ের বাউন্ডারী ওয়াল ভাঙ্গার নিমিত্তে নিলামের ব্যবস্থা গ্রহণ এবং উপজেলা পরিষদের বাউন্ডারী ওয়াল ভাঙ্গার জন্য প্রাক্কলন প্রস্তুত পুর্বক অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। (খ) কোর্ট বিল্ডিংটি কনডেমনেশন ঘোষনা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল |
| ০২ | শিক্ষা বিভাগ | প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, অদ্য ১২/০৫/২০২২ থেকে ঈদুল ফিতর পরবর্তী বন্ধের পর বিদ্যালয় খোলা হয়েছে। স্বাস্থ্যবিধি নির্দেশনাসহ পূর্ণকালীন শ্রেণি রুটিন দিয়ে পত্র জারী করা হয়েছে। নির্দেশনাগুলো বিদ্যালয় পর্যায়ে প্রেরণ করা হয়েছে। ২০২১-২২ অর্থ বছরে বিদ্যালয় পর্যায়ে উন্নয়ন পরিচালনার অর্থ বিদ্যালয়ে স্থানান্তর প্রক্রিয়াধীন। তাছাড়া ১০টি প্রাথমিক বিদ্যালয়ে " Need Based Playing Accesories" এর ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা করে বরাদ্দ পাওয়া গেছে। স্থানীয় সরকার প্রকৌশলী অধিদপ্তরের মাধ্যমে প্রাক্কলন তৈরি করে এস.এম.সি'র মাধ্যমে কাজ সমাপ্ত করা হবে। বিদ্যালয় পর্যায়ে বরাদ্দ ব্যয়ের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম যথারীতি চলছে। | মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক শিক্ষা কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। তাছাড়া প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের করোনা ভাইরাসের টিকা প্রদানের কার্যক্রম গ্রহণ করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার/ সংশ্লিষ্ট সকল |
| ০৩ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, বিদ্যালয়/মাদ্রাসা অর্থাৎ মাধ্যমিক প্রতিষ্ঠান সমূহ যথারীতি ক্লাস চলিতেছে। জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২২ আগামী ১৮ই মে উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত হবে। এতে সকলের সহযোগিতা কামনা করেন। | মন্ত্রণালয়ের সিদ্ধান্তের আলোকে স্কুল খোলার পূর্ব প্রস্তুতি গ্রহণ করতে হবে। এ্যাসাইনমেন্ট মুল্যায়ন ও অনলাইনে পাঠদান কার্যক্রম জোরদার করতে হবে এবং শিক্ষার্থীদের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৪ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর এপ্রিল- ২০২২ মাসের অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, চলতি মাসে<br>১। EOC কার্যক্রম এপ্রিল/২২ মাসে ডেলিভারী ভর্তি- ২১৪ জন, ডেলিভারী হয়েছে- ১৫১ জন, সিজারিয়ান- ০৫ টি, মাসিক গড় ডেলিভারী- ১৫১ টি, ANC - ৩১৭ টি , PNC -১৫৪ টি।<br>২। রোগী : এপ্রিল/২২ মাসে বহির্বিভাগে রোগী- ৬৪২৮ জন,অন্তঃবিভাগে-৪৯০ জন, জরুরী বিভাগে-২৩৬২ জন।<br>৩। কমিউনিটি ক্লিনিক এপ্রিল/২২ মাসে কমিউনিটি ক্লিনিকে মোট ১৫১২৯ জন রোগীকে চিকিৎসা দেয়া হয়েছে।<br>৪। ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রে : এপ্রিল/২২ মাসে রোগী ৬০৫১ জন।<br>৫। মোবাইল সার্ভিসঃ বিয়ানীবাজার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে জরুরী স্বাস্থ্য পরামর্শে জন্য মোবাইল সার্ভিস চালু করা হয়েছে ।<br>৬। ইপিআই কভারেজ এপ্রিল/২২ মাসে ৯৯%<br>৭। বেড অকুপেন্সী এপ্রিল/২২ মাসে ৭৩% | (ক) উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে স্বাস্থ্য সেবার মান নিশ্চিত করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।<br>(খ) করোনা ভাইরাস সংক্রমণ রোধে সকলকে বাধ্যতামূলকভাবে মাস্ক পরিধান করতে হবে এবং স্বাস্থ্যবিধি প্রতিপালন করতে হবে। করোনা ভাইরাস প্রতিরোধী টিকার ২য় ডোজ প্রদানের প্রচার প্রচারণা বৃদ্ধি করতে হবে।<br>(গ) প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের করোনা ভাইরাসের টিকা প্রদানের বিষয়ে উপজেলা শিক্ষা অফিসারের পরামর্শক্রমে পরিকল্পনা প্রণয়ন করতে হবে।<br>(ঘ) সকল চেয়ারম্যান ও মেম্বারগণ প্রতিটি ওয়ার্ডে করোনা টিকার ২য় ডোজ গ্রহণ করার জন্য সাধারণ জনগনকে উদ্বোদ্ধ করবেন। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, বিয়ানীবাজার ও সংশ্লিষ্ট সকল। |
| ০৫ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভাকে জানান যে, রবি/২০২১-২২ অর্থবছরে অত্র উপজেলায় বোরো আবাদ অর্জিত হয়েছে হাইব্রিড ৯৭৫ হেক্টর, উফশী ৪৯২৫ হেক্টর ও স্থানীয় ২২০ হেক্টর সহ সর্বমোট ৬১২০ হেক্টর। ফসল কর্তন শেষ পর্যায়ে এবং ফলন আশানুরুপ ভাল পাওয়া যাচ্ছে। ২১৪২০ মে.টন খাদ্য উৎপাদন হার হবে বলে আশা করা যায়। | বোরো ফসল কর্তন দ্রুত সম্পন্ন করতে সকলের সহযোগিতা কামনা করা হয়। | উপজেলা প্রশাসন/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/ ইউপি চেয়ারম্যান/ এসএএও (সকল) বিয়ানীবাজার, সিলেট |
| | | উপজেলা কৃষি অফিসার সভাকে জানান যে, চলমান খরিপ-১ /২০২১-২২ মৌসুমে আউশ আবাদ সহ আগাম সবজি আবাদ সম্প্রসারণ করার লক্ষ্যে মাঠ পর্যায়ে বিভিন্ন কার্যক্রম গ্রহন করা হয়েছে। চাষযোগ্য আউশ ও সবজি জমি যাতে পতিত না থাকে সেজন্য কৃষক সমাবেশ, দলীয় আলোচনা, ব্যক্তিগত যোগাযোগ, উঠান বৈঠক সহ বিভিন্ন কার্যক্রম পরিচালিত হচ্ছে। | আউশ ও আবাদ সবজি আবাদ সম্প্রসারণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সকলের সহযোগীতা কামনা করা হয়। | উপজেলা প্রশাসন/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/ ইউপি চেয়ারম্যান/ এসএএও (সকল) বিয়ানীবাজার, সিলেট। |
| | | তিনি সভায় আরও জানান যে, অত্র উপজেলায় বিভিন্ন প্রকার রাসায়নিক সার ও বীজের পর্যাপ্ত মজুদ রয়েছে। বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে। | অত্র উপজেলায় যাতে কোন প্রকার রাসায়নিক সার ও বীজের সংকট না হয় সে ব্যাপারে উপজেলা কৃষি অফিসার সহ সংশ্লিষ্ট সকলের সজাগ দৃষ্টি রাখার ব্যাপারে পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা প্রশাসন/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/ ইউপি চেয়ারম্যান/ এসএএও (সকল)/উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি ও সংশ্লিষ্ট (সকল) বিয়ানীবাজার, সিলেট |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | চেয়ারম্যান, তিলপাড়া ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সভায় জানান যে, কম্বাইন্ড হারভেস্টার গুলো বাহিরে জেলায় ধান কাটছে যার ফলে অত্র উপজেলায় বোরো ধান কর্তনের জন্য মেশিন পাওয়া যাচ্ছে না। পরবর্তীতে যাতে মেশিন গুলো বাহিরে না যেতে পারে তার ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানানো হয়।<br>উপজেলা নির্বাহী অফিসার জানান, আগামী সভায় অত্র উপজেলায় কতটি কম্বাইন্ড হারভেস্টার রয়েছে তার তথ্যাদি উপস্থাপন করতে হবে। তাছাড়া কম্বাইন্ড হারভেস্টার প্রদানের জন্য কৃষক নির্বাচনের ক্ষেত্রে জনপ্রতিনিধি ও কমিটিকে সম্পৃক্ত করে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (ক) গত অর্থ বছর এবং চলতি অর্থ বছরে কতটি কম্বাইন্ড হারভেস্টার কোন কোন ইউনিয়নে দেয়া হয়েছে তার তালিকা সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) অনুমতি না নিয়ে কোন কোন কৃষক উপজেলার বাইরে ধান কাটতে গিয়েছিল তাদের তালিকা তৈরী করতে হবে এবং তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা কৃষি অফিসার বিয়ানীবাজার, সিলেট। |
| ০৬ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | প্রকল্প বাস্তবায়ন অফিসার সভাকে জানান যে, বিভিন্ন সময়ে ইউনিয়ন চেয়ারম্যানদের নিকট তালিকা ও মাস্টার রোল চাওয়া হয় কিন্তু তাদের নিকট হতে যথাসময়ে তালিকা না পাওয়ায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয় এবং বরাদ্দ কার্যক্রম বাস্তাবায়ন ব্যাহত হচ্ছে। প্রকল্প বাস্তবায়ন বিভাগ কর্তৃক বাস্তবায়িত ও বাস্তবায়নাধীন প্রকল্পগুলো নিয়মিত পরিদর্শন করার জন্য সকল চেয়ারম্যানগনকে অনুরোধ জানানো হয়। সভায় যথাসময়ে চাহিত তালিকা ও মাস্টার রোল প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া দাপ্তরিক কার্যক্রম যথারীতি চলছে। | (ক) টিআর প্রকল্প ৩য় পর্যায়ের তালিকা জেলায় অনুমোদনের জন্য জেলায় প্রেরণ করতে হবে।<br>(খ) কাবিটা/কাবিখা (চাল) ২য় পর্যায়ের তালিকা অনুমোদনের জন্য জেলায় প্রেরণ করতে হবে।<br>(গ) জিআর (ঈদুল ফিতর-২০২২) বিতরণের মাষ্টারোল অত্র কার্যালয়ে অতি দ্রুত প্রেরণ করতে হবে।<br>(ঘ) ইউনিয়ন ও বিগত ৫ (পাঁচ) বছরের টিআর/কাবিটা/কাবিখা হতে নির্মিত রাস্তার তালিকা মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ০৭ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় তাঁর বিভাগের কার্যপত্র উপস্থাপন করেন। তিনি জানান যে, বিয়ানীবাজার উপজেলায় ১০ টি ইউনিয়নে মাননীয় প্রধান মন্ত্রীর ১০/- টাকা কেজি মূল্যের খাদ্য বান্ধব কর্মসূচীর চাল স্ব-স্ব ইউনিয়ন ডিলারদের মধ্যে সরবরাহ করা হয়েছে। ডিলারগণ সপ্তাহে ০৩ দিন অর্থাৎ সোম, মঙ্গল ও বুধবার কার্ডধারী উপকারভোগীদের মধ্যে সরবরাহ করবেন। এতদ্বিষয়ে স্ব-স্ব ইউপি চেয়ারম্যান বৃন্দকে সার্বিক সহযোগিতার জন্য সভায় অনুরোধ জানানো হয় এবং এ কার্যক্রম মার্চ/২০২২ হতে এপ্রিল/২০২২ পর্যন্ত চলবে। দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিক চলমান রয়েছে। | (ক) টিসিবি ও জিআর বিতরণে চেয়ারম্যানগন সহযোগিতা প্রদান করেছেন। এজন্য তাদেরকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।<br>(খ) সরকার কর্তৃক কৃষকদের নিকট হতে ধান ক্রয় কার্যক্রম চলমান রয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকল কৃষককে অবগত করা এবং সরকারি খাদ্য গুদামে ধান বিক্রি করার জন্য উদ্বুদ্ধ করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও চেয়ারম্যান (সকল) |
| ০৮ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ভাতা ভোগীদের নাম্বার সংশোধন করার উদ্যোগ গ্রহণের জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। শতভাগ চাহিদা নিরুপনের জন্য বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা ও অসচ্ছল প্রতিবন্ধী ভাতার ইউনিয়ন ভিত্তিক তালিকা প্রস্তুতের জন্য সিদ্ধান্ত নেয়া হয়। ২০২১-২২ অর্থ বছরের সকল ধরনের ভাতা আগামী ২৫ মে তারিখে পে-রোল প্রস্তুত করা হয়। | (ক) সকল ভাতাভোগীদের তালিকা প্রতিটি ইউনিয়নে পাঠাতে হবে।<br>(খ) শতভাগ ভাতা প্রদানের নিমিত্তে চেয়ারম্যানগন তালিকা প্রণয়ন করে প্রেরণ করবেন এবং তা মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।<br>(গ) উপজেলা পর্যায়ে সবগুলো কমিটির নিয়মিত সভার আয়োজন করতে হবে। | চেয়ারম্যান (সকল) ইউপি/ উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিয়ানীবাজার। |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৯ | পৌরসভা | উপজেলা পরিষদ চেয়ারম্যান সভাকে অবহিত করেন যে, প্রতিবছর উপজেলা পরিষদ হতে অনেক টাকা ট্যাক্স হিসেবে পৌরসভাকে দেয়া হয় কিন্তু সে ভাবে কোন সেবা পাওয়া যাচ্ছে না। উপজেলা পরিষদের অভ্যন্তরে লাইট জ্বলে না, মশার উপদ্রব, পরিষ্কার পরিচ্ছন্নতার কোন ধরনের কার্যক্রম পরিচালনা করা হয় না।<br>উপজেলা ভাইস চেয়ারম্যান বলেন, ট্যাক্সের পরিমান বেশি হয়েছে। তা পুনরায় যাচাই করে কমানোর প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। উপজেলা পরিষদের অভ্যন্তরে লাইট লাগানো মশা নিধন কার্যক্রম পরিচালনা এবং পরিষ্কার পরিচ্ছন্নতার জন্য কমপক্ষে ২ (দুই) জন পরিচ্ছন্নতা কর্মী উপজেলা পরিষদে নিয়োজিত করার জন্য মেয়রকে অনুরোধ জানানো হয়। | (ক) ০২ (দুই) জন পরিচ্ছন্নতা কর্মী উপজেলায় নিয়োজিত করার জন্য মেয়রকে অনুরোধ করা হয় এবং লাইটগুলো জ্বালানোর ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়।<br>(খ) পৌর শহরের ড্রেনগুলোর ময়লা আবর্জনা পরিষ্কার করনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে পৌর মেয়রকে অভিনন্দন জানানো হয়। পৌর মেয়রের কার্যক্রমে সকলকে সহযোগিতা করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) সিএনজি যত্রতত্র পার্কিং করা থাকে বলে যানজট তৈরী হয়। যানজট নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।<br>(ঘ) শহরে রাস্তার পাশে অবৈধ ভাবে ইট, পাথর, বালু রাখা হয়েছে। এর ফলে দুর্ঘটনা বৃদ্ধি পাচ্ছে। রাস্তার পাশে রক্ষিত ইট, বালু, পাথর সরানোর জন্য প্রচার/মাইকিং করতে হবে। পরবর্তীতে তাদেরকে আইনের আওতায় নিয়ে আসা হবে। | মেয়র, বিয়ানীবাজার পৌরসভা |
| ১০ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানানা যে, ক্রমাগত বৃষ্টি হওয়ার কারনে বন্যা হওয়ার সম্ভাবনা রয়েছে। বন্যার পানিতে পুকুরের মাছ ভেসে যাওয়ার সম্ভাবনা থাকে। সেজন্য সকল মাছ চাষীর বন্যার পূর্বে প্রস্তুতি হিসেবে পুকুরের চারপাশে নেট দিয়ে ঘিরে দিতে হবে। বর্ষার এই মৌসুমে দেশীয় প্রজাতির মাছ নদী, খাল-বিলে ডিম ছাড়ে। কেউ যেন অবৈধ ভাবে ডিম ওয়ালা মাছ, মাছের পোনা আহরন এবং উম্মুক্ত খালে বা নদীতে জাল দিয়ে অথবা বাধঁ দিয়ে মাছের চলাচল কিংবা পানির স্বাভাবিক প্রবাহে বাধা সৃষ্টি না করতে পারে সেজন্য সভায় উপস্থিত সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়।<br>তাছাড়া উপজেলার খাল ও বিলগুলো ইতোমধ্যে ভরাট হয়ে গেছে। স্থানীয়ভাবে ভরাট খাল ও বিলগুলো খনন করা যায় কিনা এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভায় উল্লেখ করা হয় যে, স্থানীয়ভাবে ভরাট খাল ও বিলগুলো খনন করা হলে একদিকে পরিবেশ উন্নয়ন হবে, মাছ বৃদ্ধি পাবে, বন্যা নিয়ন্ত্রণ করা যাবে। অন্য দিকে ইট ভাটার মাটি সরবরাহ করে সরকারের রাজস্ব আয় বৃদ্ধি পাবে এ বিষয়ে একটি স্বয়ং সম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া স্থানীয় মাছের বংশ রক্ষায় এবং বৃদ্ধির নিমিত্তে একটি বিলকে অভয়ারণ্য ঘোষণা করার ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | (ক) অগ্রাধিকার ভিত্তিতে কোন খালগুলো খননের প্রস্তাব দেয়া যায় এ বিষয়ে আগামী সভায় তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) খালগুলো স্থানীয়ভাবে খননের জন্য প্রস্তাব জেলা কমিটিতে অনুমোদনের নিমিত্ত প্রেরণ করতে হবে।<br>(গ) একটি বিলকে মাছের অভয়ারণ্য হিসেবে ঘোষণা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা। |
| ১১ | প্রানিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভাকে জানান যে, বিগতমাসে ১৬০টি কৃত্রিম প্রজনন, ১৭৩৮৩টি গবাদিপশু-পাখিকে টিকা প্রদান, ও ১০৭৬৩টি গবাদি পশু-পাখিকে চিকিৎসা প্রদান করা হয়, ১টি উঠান বৈঠকে ১২জন খামারিকে গবাদি পশু-পাখি পালন বিষয়ে পরামর্শ প্রদান করা হয়।<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভাকে আরও জানান যে, এন.এ.টি.পি-২ প্রকল্পের আওতায় ১২০জন খামারীকে গরু হৃষ্টপুষ্ট করণও গাভী পালন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। হাওর | (ক) প্রশিক্ষণ শুরুর পূর্বে প্রতিটি ইউনিয়ন পরিষদে বিস্তারিত উল্লেখ করে পত্র দিতে হবে।<br>(খ) উপর্যুক্ত প্রশিক্ষনার্থী মনোনয়ন দিতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | অঞ্চলে সমন্বিত প্রাণি সম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় ২টি ব্যাচে ৫০ জন খামারীকে তিন দিনব্যাপী আধুনিক প্রযুক্তিতে মুরগী পালন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রাণি পুষ্টি প্রকল্পের আওতায় প্রতিইউনিয়ন থেকে ৮জন সুফলভোগী নির্বাচনে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করেন। | | |
| ১২ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বিয়ানীবাজার সভায় জানান যে, দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতাঃ মাতৃত্বকাল ভাতা কার্যক্রমের আওতায় অনলাইনে ডাটা এন্ট্রির কাজ সম্পূর্ন হয়েছে।<br>প্রশিক্ষণঃ WTC প্রশিক্ষন কার্যক্রমের আওতায় ৩০ জন সেলাই প্রশিক্ষণার্থী প্রশিক্ষন চলমান রয়েছে।<br>বিউটিফিকেশন ও ফ্যাশন ডিজাইন এ ২৫ জন করে মোট ৫০ জনের তালিকা অনুমোদিত হয়ে মার্চ/২২ হতে জুন/২২ পর্যন্ত ব্যাচ চলমান রয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | (ক) উপজেলা মহিলা বিষয়ক বিভাগের চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়। প্রশিক্ষণ শুরুর পূর্বে সকল ইউনিয়ন পরিষদে প্রশিক্ষণার্থী প্রেরণের জন্য চেয়ারম্যাণকে পত্র দিতে হবে।<br>(খ) উপজেলা পর্যায়ে সবগুলো কমিটির সভা আয়োজন করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৩ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তাছাড়া ২০২১-২২ অর্থ বছরে এই পর্যন্ত বিতরণ ৮,৫০,০০০/- টাকা। ১টি সংগঠন রেজি: করা হয়েছে। যুব পুরুষ ও যুব মহিলাদের প্রশিক্ষণ দেওয়া হয়েছে ৩৬০ জনকে। যুব কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | (ক) প্রতিটি প্রশিক্ষণে উপযুক্ত প্রশিক্ষণার্থী মনোনয়ন দিতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, বিয়ানীবাজার, সিলেট। |
| ১৪ | পল্লী বিদ্যুৎ সমিতি | ডিজিএম সভাকে অবহিত করেন যে, নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য তারা নিরলস কাজ করে যাচ্ছে। সকলের সহযোগিতায় তারা সফল হয়েছে। তাছাড়া তিনি আরো জানান যে, বিভিন্ন সরকারি দপ্তরে অনেক টাকা বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করার জন্য অনুরোধ করা হয়েছে। তিনি আরো জানান 'ক' শ্রেণীর ভূমিহীন পরিবারগুলোকে পুনর্বাসন করা হচ্ছে। সে পরিবারগুলোকে তালিকা প্রেরণ করা হলে তিনি বিদ্যুৎ সংযোগ দেয়ার ব্যবস্থা গ্রহণ করবেন।<br>ভূমিহীন ও গৃহহীনদের পুনর্বাসনের জন্য কার্যক্রম চলমান রয়েছে। নির্মাণ কাজ সম্পন্ন হলে বৈদ্যুতিক সংযোগ প্রদান করতে হবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ডিজিএমকে অনুরোধ করা হয়। | (ক) বকেয়া বিদ্যুৎ বিল দ্রুত পরিশোধ করতে হবে।<br>(খ) 'ক' শ্রেণীর ভূমিহীনের পরিবারের তালিকা ডিজিএম পল্লী বিদ্যুৎ এর নিকট প্রেরণ করতে হবে । | (সহকারি কমিশনার ভূমি), বিয়ানীবাজার/ ডিজিএম, বিয়ানীবাজার জোনাল অফিস, পল্লী বিদ্যুৎ সমিতি |
| ১৫ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান যে, 'ক' শ্রেণীর পরিবারের জন্য নির্মিত ঘরে পানির উৎস স্থাপন কাজ চলমান ইতোমধ্যে ০৫টি নলকূপ স্থাপন করা হয়েছে। এবং সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের কাজ ইতোমধ্যে ৫০% সমাপ্ত হয়েছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলমান। | (ক) 'ক' শ্রেনীর পরিবার পুর্নবাসনের জন্য নির্মিতব্য ঘরের চাহিদা অনুসারে নলকূপ স্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) চলতি অর্থ বছরের বরাদ্দকৃত কার্যক্রম দ্রুত বাস্তবায়ন করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ, বিয়ানীবাজার |
| ১৬ | উপজেলা দারিদ্র্য বিমোচন | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা সভাকে জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তিনি মার্চ-২০২২ | দারিদ্র্য বিমোচন কার্যালয়ের কার্যক্রমের মাধ্যমে অত্র উপজেলার অবহেলিত দারিদ্র্য জনগোষ্টিকে তাহার দপ্তরের সংশ্লিষ্ট সেবা যথাযথভাবে | উপজেলা দারিদ্র্য বিমোচন অফিসার |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকা |
|---|---|---|---|---|
| | কার্যালয় | মাস পর্যন্ত কার্যপত্র সভায় উপস্থাপন করেন।<br>১। মোট সদস্য সংখ্যা= ১৪৫ জন।<br>২। ক্ষুদ্র ঋণ =১০০.০০ লক্ষ<br>৩। নারী = ৫২.০০ লক্ষ<br>৪। প্রনোদনা = ৪৬.০০ লক্ষ<br>৫। ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ = ৭৫.০০ লক্ষ<br>আদায়ের হার :- ৯৮%<br>সেলপ= ৯৮%<br>ক্ষুদ্র = ৯০%<br>নারী = ৯৮%<br>প্রনোদনা = ১০০% | প্রদানের জন্য গুরুত্ব আরোপ করা হয়। প্রশিক্ষণ শুরুর পূর্বে প্রত্যেক ইউনিয়ন পরিষদে বিস্তারিত উল্লেখ করে পত্র দিতে হবে। | |
| ১৭ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।<br>২০২১-২০২২ অর্থ বছরে<br>ঋণ বিতরণ- ১০.৫০ লক্ষ টাকা<br>ঋণ আদায়- ৯.৫০ লক্ষ টাকা<br>প্রশিক্ষণ প্রদান করা হয়েছে ১২০ জনকে,<br>প্রদর্শনী খামার করা ০৬ টি,<br>ভার্মি কম্পোস্ট করা হয়েছে ০৩ টি। | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়। প্রশিক্ষণ শুরুর পূর্বে সকল ইউনিয়ন পরিষদে বিস্তারিত উল্লেখ করে পত্র দিতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিয়ানীবাজার |
| ১৮ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সদ্য যোগদান করেছেন। তাঁকে অত্র উপজেলায় স্বাগত জানানো হয়। | উপজেলা সমবায় বিভাগের চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা সমবায় অফিসার, বিয়ানীবাজার. |
| ১৯ | পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, তাঁর বিভাগ কর্তৃক বিভিন্ন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর বিভাগের এপ্রিল, ২০২২ মাসের কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি নিম্নরূপঃ-<br>০১. ঋণ আদায় হয়েছে : ৪৪,০৩,৯৬০/- টাকা<br>০২. ঋণ বিতরণ হয়েছে : ৫,৪৭,১০৫/- টাকা<br>০৩. সঞ্চয় আদায় : ৫,৪৭,১০৫/- টাকা | (ক) পল্লী সঞ্চয় ব্যাংক এর কার্যক্রম আরোও জোরদার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) ব্যাংকিং কার্যক্রমের অগ্রগতির উপর হালনাগাদ তথ্যাদি আগামী সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২০ | উপজেলা পরিসংখ্যান অফিস | সরকারের সিদ্ধান্ত মোতাবেক এ বছর প্রথম ডিজিটাল ডিভাইস ব্যবহার করে জনশুমারি পরিচালিত হবে। এ বিষয়ে সকলকে সহযোগিতা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। | জনশুমারি সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনার জন্য সকল পর্যায়ের জনপ্রতিনিধি, কর্মকর্তাগণকে সহযোগিতা প্রদান করতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা |
| ২১ | বিবিধ | ০১। চেয়ারম্যান কুড়ারবাজার, শেওলা, দুবাগ, ইউপি সভায় জানান যে, তাদের ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে ডাইকগুলো ভেঙ্গে গিয়েছে জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন বলে সভায় ইউপি চেয়ারম্যানগণ উপস্থাপন করেন। | (ক) ভাঙ্গা ডাইকগুলো জরুরি ভিত্তিতে মেরামতের জন্য প্রস্তাব পানি উন্নয়ন বোর্ডে প্রেরণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ০২। দুবাগ ইউপি চেয়ারম্যান সভায় জানান যে, দুবাগ বাজারে ২টি গাছ কাটার প্রয়োজন দেখা দেয়। তাই তিনি গাছ কাটার অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।<br>চেয়ারম্যান ইউনিয়ন পরিষদের আয় বৃদ্ধির জন্য কিছু দোকান নির্মাণ করার প্রস্তাব দেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং উপজেলা প্রকৌশলীকে প্রতিবেদন দেয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | (খ) দুবাগ বাজারে গাছ কাটার বিষয়ে সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন দিতে হবে।<br>(গ) পরিষদের আয় বৃদ্ধির নিমিত্ত দোকান নির্মাণের বিষয়ে প্রতিবেদন দিতে হবে। | উপজেলা বন কর্মকর্তা/উপজেলা প্রকৌশলী |
| | | ০৩। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, জনাব মোহাম্মদ জামাল হোসেন , ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট এর নভেম্বর, ২০২১ থেকে মার্চ, ২০২২ পর্যন্ত সময়ের ভ্রমন ভাতা বিল বাবদ সর্বমোট ৪০,৬০০/- (চল্লিশ হাজার ছয়শত) টাকার ভ্রমণ ব্যয় উপজেলা রাজস্ব তহবিল থেকে পরিশোধের নিমিত্ত অনুমোদনের জন্য উপস্থাপন করেন। | ০৩। সভায় আলোচনান্তে জনাব মোহাম্মদ জামাল হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট এর নভেম্বর, ২০২১ থেকে মার্চ, ২০২২ পর্যন্ত সময়ের ভ্রমণ ভাতা বিল বাবদ সর্বমোট ৪০,৬০০/- (চল্লিশ হাজার ছয়শত) টাকার ভ্রমণ ব্যয় উপজেলা রাজস্ব তহবিল থেকে পরিশোধের নিমিত্ত অনুমোদন প্রদান করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| | | ০৪। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, মিসেস রোকসানা বেগম , মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট এর নভেম্বর, ২০২১ থেকে মার্চ, ২০২২ পর্যন্ত সময়ের ভ্রমন ভাতা বিল বাবদ সর্বমোট ৪০,৬০০/- (চল্লিশ হাজার ছয়শত) টাকার ভ্রমণ ব্যয় উপজেলা রাজস্ব তহবিল থেকে পরিশোধের নিমিত্ত অনুমোদনের জন্য উপস্থাপন করেন। | ০৪। সভায় আলোচনান্তে মিসেস রোকসানা বেগম , মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট এর নভেম্বর, ২০২১ থেকে মার্চ, ২০২২ পর্যন্ত সময়ের ভ্রমণ ভাতা বিল বাবদ সর্বমোট ৪০,৬০০/- (চল্লিশ হাজার ছয়শত) টাকার ভ্রমণ ব্যয় উপজেলা রাজস্ব তহবিল থেকে পরিশোধের নিমিত্ত অনুমোদন প্রদান করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| | | ০৫। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, বিয়ানীবাজার উপজেলার ১৪২৯ বাংলা সনের হাটবাজার ইজারা বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। সরকারী হাটবাজার নীতিমালা মোতাবেক স্থানীয় দু'টি পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের বিধান থাকায় দৈনিক উত্তরপূর্ব ও দৈনিক শুভ প্রতিদিন পত্রিকায় প্রকাশিত হয়। দৈনিক উত্তরপূর্ব পত্রিকায় হাটবাজার ইজারা বিজ্ঞপ্তি প্রকাশিত বিজ্ঞাপনের বিল বাবদ ৩৫,৯৩৫/- (পঁয়ত্রিশ হাজার নয়শত পঁয়ত্রিশ) টাকা ও দৈনিক শুভ প্রতিদিন পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপন বিল বাবদ ২৮,৯৮০/- (আটাইশ হাজার নয়শত আশি) টাকার বিল দাখিল করেছেন। দাখিলকৃত বিজ্ঞাপন বিলগুলো সরকারি হাটবাজার নীতিমালা মোতাবেক পরিষদ সভায় অনুমোদন পূর্বক উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় উপস্থাপন করেন। | ০৫। সভায় আলোচনান্তে ১৪২৯ বাংলা সনের হাটবাজার ইজারা বিজ্ঞপ্তির বিজ্ঞাপন বিল দু'টি বাবদ যথাক্রমে ৩৫,৯৩৫/- (পঁয়ত্রিশ হাজার নয়শত পঁয়ত্রিশ) টাকা ও ২৮,৯৮০/- (আটাইশ হাজার নয়শত আশি) টাকার বিল সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং উপজেলা রাজস্ব তহবিল হতে বিলটি পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ০৬। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, বিয়ানীবাজার উপজেলার ১৪২৯-১৪৩১ বাংলা সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে জলমহাল সমূহের ইজারা বিজ্ঞপ্তি দৈনিক উত্তরপূর্ব ও দৈনিক শুভ প্রতিদিন পত্রিকায় প্রকাশিত হয়। দৈনিক উত্তরপূর্ব পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিল বাবদ ৩৫,৯৩৫/- (পঁয়ত্রিশ হাজার নয়শত পঁয়ত্রিশ) টাকা এবং দৈনিক শুভ প্রতিদিন পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তি বিল বাবদ বাবদ ২৫,৭৬০/- (পঁচিশ হাজার সাতশত ষাট) টাকার অনুমোদন পূর্বক পরিশোধের জন্য সভায় উপস্থাপন করেন। | ০৬। ১৪২৯-১৪৩১ বাংলা সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে জলমহাল সমূহের ইজারা বিজ্ঞপ্তির বিজ্ঞাপন বিল দু'টি বাবদ যথাক্রমে ৩৫,৯৩৫/- (পঁয়ত্রিশ হাজার নয়শত পঁয়ত্রিশ) টাকা ও ২৫,৭৬০/- (পঁচিশ হাজার সাতশত ষাট) টাকার বিল সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং উপজেলা রাজস্ব তহবিল হতে বিলটি পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| | | ০৭। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, আনসার ব্যারাকের সেফটি ট্যাংকি জ্যাম হওয়ায় আনসারকে ভোগান্তি হচ্ছে তাই জরুরী ভিত্তিতে সেফটি ট্যাংকি পরিষ্কার ও সংস্কার প্রয়োজন। তাছাড়া উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানগনের ওয়াসরুমে সামান্য মেরামত প্রয়োজন। এ ব্যাপারে কর্তৃপক্ষের নির্দেশনা অনুসারে জনাব শাহরুল ইসলাম দুটি কাজ বাবদ ভ্যাট ট্যাক্স এবং মজুরী সহ মেরামত কাজের একখানা ১০,০০০/- (দশ হাজার) টাকার বিল দাখিল করেন। | ০৭। উক্ত কাজ দুটি অতীব প্রয়োজনীয় বিধায় উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের ৩ (ঘ) খাত থেকে ব্যয়ের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| | | ০৮। উপজেলা পরিষদ চেয়ারম্যান সভায় জানান যে, বিয়ানীবাজার উপজেলার বিভিন্ন এলাকার উন্নতি হলেও এ উপজেলার বিভিন্ন খাল, বিল ও জলাশয়ের অবস্থা খুবই নাজুক। উক্ত খাল বিল ও জলাশয়গুলো ভরাটের ফলে পানি নিষ্কাশনে প্রতিবন্ধকতা সৃষ্টি হয়। এতে সামান্য বৃষ্টিতে নিম্নাঞ্চল বন্যায় প্লাবিত হয়। তাছাড়া মৎস্য উৎপাদন নাই বললেই চলে। উক্ত জলাশয়ে মাছের অভয়ারণ্য নাই। এছাড়া গর্ত ভরাটের পর পরিকল্পিত ড্রেনেজ ব্যবস্থা না থাকায় জলাবদ্ধতার সৃষ্টি হয়েছে। উপজেলার জনসাধারণ কৃষি নির্ভর এবং নদী, হাওড়, খাল ও বিল বেষ্টিত মৎস্য সম্পদ আহরণ ও কৃষি আবাদ করে অর্থনীতির চাকা শক্ত করে। জলমহাল ইজারা থেকে সরকারও প্রতিবছর লাখ লাখ টাকার রাজস্ব পেয়ে থাকে। পরিকল্পিত ভাবে কোন কাজ না করলে উপকার না হয়ে ক্ষতি হয়। জলাশয়গুলো খনন না হওয়ায় হাওড়ে যেমন মাছের উৎপাদন হ্রাস পাবে, তেমনি বিলুপ্ত প্রজাতির মাছও রক্ষা করা যাবে না। জলাশয় খনন করা হলে উপকারভোগী সমিতির লোকজনসহ মৎস্যজীবি লোকজন লাভবান হবেন। উপজেলা পরিষদ চেয়ারম্যান আরও বলেন যে, পরিষদের পক্ষ থেকে জলাবদ্ধতা নিরসনে উপজেলার বিভিন্ন গণ্যমাণ্য ব্যক্তিবর্গকে এই খননের দায়িত্ব দেওয়া হলে তাদের নিজ উদ্যোগে খননের মাধ্যমে প্রাণ ফিরে পাবে উপজেলার বিভিন্ন জলমহাল। হাওরাঞ্চলে জলমহাল ও জলাশয় খনন না হওয়ায় ইতোমধ্যে বিলুপ্ত হয়ে গেছে হাওরের প্রায় ১০-১২ প্রজাতির মাছ। সেই সঙ্গে কমেছে মাছের উৎপাদন। হাওরে মাছ উৎপাদন বৃদ্ধি ও বিলুপ্ত প্রজাতির মাছ রক্ষায় বিয়ানীবাজার জলাশয় খনন করা খুবই প্রয়োজন। | এ ব্যাপারে বিশদ আলোচনান্তে উপস্থিত সকলেই একমত পোষণ করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে বিয়ানীবাজার উপজেলাধীন বিভিন্ন ভরাট হয়ে যাওয়া খাল খনন করার বিষয়ে অনুমোদন প্রাপ্তির লক্ষ্যে জেলা প্রশাসক সিলেট, ডিডিএলজি সিলেট, নির্বাহী প্রকৌশলী পানি উন্নয়ন বোর্ড, সিলেট মহোদয় বরাবর পত্র প্রেরণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহন করা হয়। | উপজেলা চেয়ারম্যান, বিয়ানীবাজার, সিলেট। |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ০৯। উপজেলা পরিষদ চেয়ারম্যান সভায় জানান যে, বিয়ানীবাজার পৌরসভার নিদনপুর মৌজার ৩ অংশের ১ অংশ পৌরসভার বাহিরে (লামা নিদনপুর, কটুখালিরপাড়) এবং কসুগঞ্জ এর অর্ধেক পৌরসভার বাহিরে এমনকি পৌরসভার ১ নং ওয়ার্ডের লাসাইতলার অনেক অংশ পৌসভার বাহিরে। পৌরসভা থেকে চন্দগ্রাম মৌজা ১.৫ কিঃমিঃ দূরে পৌরসভা নিকটবর্তী থাকায় ঐ এলাকার লোকজন সকল সুযোগ সুবিধা থেকে বঞ্চিত এবং তাদের ক্ষেত্রে ইউনিয়ন পরিষদ অনেক দূরে। পৌরসভার আয়তন বৃদ্ধি করা প্রয়োজন। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে বিয়ানীবাজার পৌরসভার আয়তন বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাচন অফিস/উপজেলা প্রকৌশলী বিয়ানীবাজার। |

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৪.৫.২২

(আবুল কাশেম পল্লব)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ বিয়ানীবাজার, সিলেট।

স্মারক নম্বর : ০৫.৪৬.৯১১৭.০০০.০৬.০০৯.২২-৬২৮
তারিখ : ১২/০৫/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো।
০১। মাননীয় সংসদ সদস্য, সিলেট-৬ (বিয়ানীবাজার-গোলাপগঞ্জ)।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরক্যর বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, সিলেট।
০৫। পুলিশ সুপার, সিলেট।
০৬। চেয়ারম্যান, বিয়ানীবাজার উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট।
০৭। মেয়র, বিয়ানীবাজার পৌরসভা বিয়ানীবাজার, সিলেট।
০৮। নির্বাহী প্রকৌশলী / সহকারী প্রকৌশলী,............................................সিলেট।
০৯। ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বিয়ানীবাজার,সিলেট।
১০। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট।
১১-২২। উপজেলা .................................................. কর্মকর্তা (সকল), বিয়ানীবাজার, সিলেট।
২৩। অফিসার ইনচার্জ, বিয়ানীবাজার থানা, বিয়ানীবাজার , সিলেট।
২৪-৩৩। চেয়ারম্যান ,..................................................................ইউপি ( সকল ), বিয়ানীবাজার, সিলেট।
৩৪। সভাপতি, প্রেসক্লাব, বিয়ানীবাজার , সিলেট ।
৩৫। জনাব ..................................................................বিয়ানীবাজার, সিলেট।

২৪/৫/২২

(মোঃ আশিক নূর)
উপজেলা নির্বাহী অফিসার
বিয়ানীবাজার, সিলেট।

# উপজেলা পরিষদ কার্যালয়

বিয়ানীবাজার, সিলেট

**বিষয় : উপজেলা পরিষদের এপ্রিল-২০২২ মাসের সভার কার্যবিবরণী :**

সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন
তারিখ : ১১/০৪/২০২২
সময় : সকাল- ১০.০০ ঘটিকা
সভাপতি : জনাব আবুল কাশেম পল্লব, চেয়ারম্যান, বিয়ানীবাজার উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট

সভায় উপস্থিত সদস্যদের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বিয়ানীবাজার উপজেলা পরিষদের মার্চ-২০২২ মাসের সমন্বয় সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নোক্তভাবে সভার কার্যক্রম পরিচালনা করা হয় এবং সর্বসম্মত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

**২। আলোচনা ও সিদ্ধান্তসমূহ :**

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান তার বিভগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এডিপি ২০২১-২২ অর্থ বছরের ০১টি স্কীমের সংশোধনী প্রয়োজন মর্মে সভাকে অবহিত করেন।<br>সংশোধনী-০১ বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত এবং উপজেলা পরিষদ কর্তৃক ২৬ নং স্কীমটি ''খেজগ্রাম জুবেদ আলী মিয়ার বাড়ী হইতে আব্দুল হাকিম মিয়ার বাড়ীর দিকে ইট সলিং'' স্কীমটি জুবেদ আলী মিয়ার নিজের ব্যক্তিগত রাস্তা দাবি করেন তাছাড়া উক্ত রাস্তাটি বাস্তবায়ন যোগ্য নহে বিধায় উক্ত স্কীমটি বাতিলের প্রস্তাব করেন। | ১। যেহেতু স্কীমটি বাস্তবায়ন সম্ভব নয় তাই ২৬ নং স্কীমটি বাতিলের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল |
| ০২ | শিক্ষা বিভাগ | প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, আগামী ২৩/০৪/২০২২ খ্রি: পর্যন্ত সকাল ৯.৩০ মিনিট থেকে বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত শ্রেণি পাঠদান কার্যক্রম চলবে। ১লা বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ প্রাথমিক বিদ্যালয় পর্যায়ে পালন করা হবে। শিখন ঘাটতি পূরণের জন্য পবিত্র রমযান মাসে শিক্ষকগণ নিয়মিত ক্লাস নিচ্ছেন। সকল ক্যাটগরীর বিদ্যালয়ের প্রধানগণকে আগামী ২০২৩ খ্রি: সনের বইয়ের চাহিদা অত্রাফিসে অনতিবিলম্বে জমা দেয়ার সনের বইয়ের চাহিদা অত্রাফিসে অনতিবিলম্বে জমা দেয়ার অনুরোধ করা হয়। বিভাগীয় কার্যক্রম যথারীতি চলছে। | মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক শিক্ষা কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। তাছাড়া প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের করোনা ভাইরাসের টিকা প্রদানের কার্যক্রম গ্রহণ করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার/ সংশ্লিষ্ট সকল |
| ০৩ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, সারাদেশের ন্যায় বিয়ানীবাজার উপজেলার মাধ্যমিক পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ আগামী ২০ এপ্রিল পর্যন্ত শ্রেণী কার্যক্রম/পাঠদান চলমান রহিয়াছে। শুধুমাত্র পবিত্র রমজান মাসে শনিবার ও শুক্রবার সাপ্তাহিক ছুটি বিধায় শ্রেণী কার্যক্রম বন্ধ থাকবে। সভায় মাধ্যমিক শিক্ষা অফিসার আরো জানান তাঁর অফিস সংলগ্ন একটি আবাসিক ভবনের ট্যাংকির দুর্গন্ধে অফিস | মন্ত্রণালয়ের সিদ্ধান্তের আলোকে স্কুল খোলার পূর্ব প্রস্তুতি গ্রহণ করতে হবে। এ্যাসাইনমেন্ট মূল্যায়ন ও অনলাইনে পাঠদান কার্যক্রম জোরদার করতে হবে এবং শিক্ষার্থীদের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- | --- |
| | | কার্যক্রম চালাতে অনেক সমস্যা হচ্ছে। এব্যাপারে দুর্গন্ধমুক্ত করার জন্য সেনটিক ট্যাংকির সংস্কার/স্থাপনের জন্য উপস্থিত সভায় অবগত করেন। | | |
| ০৪ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর মার্চ- ২০২২ মাসের অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, চলতি মাসে<br>১। EOC কার্যক্রম মার্চ/২২ মাসে ডেলিভারী ভর্তি- ১৯৪ জন, ডেলিভারী হয়েছে- ১২৮ জন, সিজারিয়ান- ০৩ টি, মাসিক গড় ডেলিভারী- ১৫০ টি, ANC - ২৮৭ টি , PNC -১২৮ টি।<br>২। রোগী : মার্চ/২২ মাসে বহির্বিভাগে রোগী- ৮১০৩ জন, অন্তঃবিভাগে-৪৬৪ জন, জরুরী বিভাগে-৩০০১ জন।<br>৩। কমিউনিটি ক্লিনিক মার্চ/২২ মাসে কমিউনিটি ক্লিনিকে মোট ১৭৮৬৫ জন রোগীকে চিকিৎসা দেয়া হয়েছে।<br>৪। ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রে : মার্চ/২২ মাসে রোগী ৫৬০১ জন।<br>৫। মোবাইল সার্ভিসঃ বিয়ানীবাজার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে জরুরী স্বাস্থ্য পরামর্শে জন্য মোবাইল সার্ভিস চালু করা হয়েছে।<br>মোবাইল নং-০১৭৩০-৩২৪৭৫০;<br>৬। ইপিআই কভারেজ মার্চ/২২ মাসে ৯৯%<br>৭। বেড অকুপেন্সী মার্চ/২২ মাসে ৭৩% | (ক) উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে স্বাস্থ্য সেবার মান নিশ্চিত করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।<br>(খ) করোনা ভাইরাস সংক্রমণ রোধে সকলকে বাধ্যতামূলকভাবে মাস্ক পরিধান করতে হবে এবং স্বাস্থ্যবিধি প্রতিপালন করতে হবে। করোনা ভাইরাস প্রতিরোধী টিকার ২য় ডোজ প্রদানের প্রচার প্রচারণা বৃদ্ধি করতে হবে।<br>(গ) প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের করোনা ভাইরাসের টিকা প্রদানের বিষয়ে উপজেলা শিক্ষা অফিসারের পরামর্শক্রমে পরিকল্পনা প্রণয়ন করতে হবে।<br>(ঘ) সকল চেয়ারম্যান ও মেম্বারগণ প্রতিটি ওয়ার্ডে করোনা টিকার ২য় ডোজ গ্রহণ করার জন্য সাধারণ জনগনকে উদ্বোদ্ধ করবেন। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, বিয়ানীবাজার ও সংশ্লিষ্ট সকল। |
| ০৫ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভাকে জানান যে, রবি/২০২১-২২ অর্থবছরে অত্র উপজেলায় বোরো হয়েছে ৬২৫০ হেক্টর। ফসলের সার্বিক অবস্থা ভালো। | বোরো আবাদ সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সকলের সহযোগিতা কামনা করা হয়। | উপজেলা প্রশাসন/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/ ইউপি চেয়ারম্যান/ এসএএও (সকল) বিয়ানীবাজার, সিলেট |
| | | উপজেলা কৃষি অফিসার সভাকে জানান যে, সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় ২০২১-২২ অর্থবছরে বোরো মৌসুমে উন্নয়ন সহায়তার (ভর্তুকি) প্রদানের জন্য কম্বাইন হারভেষ্টার, রিপার, রাইস ট্রান্সপ্লান্টার, পাওয়ার থ্রেসার, মেইজ শেলার, ড্রায়ার যন্ত্র, পাওয়ার স্প্রেয়ার, পাওয়ার উইডার, সিডার বেডপ্লান্টার ও ক্যারেট ওয়াশার যন্ত্র বরাদ্দ প্রদান, সরবরাহ ও ব্যবহার পদ্ধতির নীতিমালা পাওয়া গেছে। | সংশ্লিষ্ট সকলের কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতা কামনা করা হয়। নীতিমালা অনুযায়ী সকল কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। কৃষি যন্ত্রপাতি সঠিকভাবে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রশাসন/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/ ইউপি চেয়ারম্যান/ এসএএও (সকল) বিয়ানীবাজার, সিলেট। |
| | | তিনি সভায় আরও জানান যে, অত্র উপজেলায় বোরো সহ অন্যান্য ফসলে সমকালীন চাষাবাদ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। সমকালীন চাষাবাদের আওতায় প্রতিটি ইউনিয়নের মাঠকে নির্বাচন করে কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। | কৃষিকে উন্নত ও আধুনিকায়ন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। পতিত জমি চাষাবাদ করার জন্য সাধারণ জনগণকে উদ্বুদ্ধ করতে হবে এবং জনপ্রতিনিধিগণ ভূমিকা পালন করবেন। উপজেলায় যাতে কোন প্রকার রাসায়নিক সার ও | উপজেলা প্রশাসন/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/ ইউপি চেয়ারম্যান/ এসএএও |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | প্রনোদনা ও বীজ সহায়তায় বোরো হাইব্রিড ধানের সমকালীন চাষাবাদ প্রতিটি ইউনিয়নের বিভিন্ন স্থানে রোপন করা হয়েছে। উপজেলায় বিভিন্ন প্রকার রাসায়নিক সার ও বীজের পর্যাপ্ত মজুদ রয়েছে। বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে। | বীজের সংকট না হয় সে ব্যাপারে উপজেলা কৃষি অফিসার সহ সংশ্লিষ্ট সকলকে সজাগ দৃষ্টি রাখার ব্যাপারে পরামর্শ প্রদান করা হয় | (সকল)/উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি ও সংশ্লিষ্ট (সকল) বিয়ানীবাজার, সিলেট |
| ০৬ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | প্রকল্প বাস্তবায়ন অফিসার সভাকে জানান যে, চলতি ২০২১-২০২২ অর্থ বছরের টিআর/কাবিটা ১ম পর্যায় শতভাগ কাজ সমাপ্ত হয়েছে এবং কাবিখা ৯০% শেষ হয়েছে। টিআর ২য় পর্যায় ৮০% শেষ হয়েছে। এছাড়া উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসের কাজ স্বাভাবিক ভাবে চলছে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগের চলমান প্রকল্প গুলোর কাজের গুনগতমান বজায় হচ্ছে কিনা তা সঠিকভাবে মনিটরিং ও পরিদর্শন করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ০৭ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় তাঁর বিভাগের কার্যপত্র উপস্থাপন করেন। তিনি জানান যে, বিয়ানীবাজার উপজেলায় ১০ টি ইউনিয়নে মাননীয় প্রধান মন্ত্রীর ১০/- টাকা কেজি মূল্যের খাদ্য বান্ধব কর্মসূচীর চাল স্ব-স্ব ইউনিয়ন ডিলারদের মধ্যে সরবরাহ করা হয়েছে। ডিলারগণ সপ্তাহে ০৩ দিন অর্থাৎ সোম, মঙ্গল ও বুধবার কার্ডধারী উপকারভোগীদের মধ্যে সরবরাহ করবেন। এতদবিষয়ে স্ব-স্ব ইউপি চেয়ারম্যান বৃন্দকে সার্বিক সহযোগিতার জন্য সভায় অনুরোধ জানানো হয় এবং এ কার্যক্রম মার্চ/২০২২ হতে এপ্রিল/২০২২ পর্যন্ত চলবে। দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিক চলমান রয়েছে। | উপজেলা খাদ্য বিভাগের কার্যক্রম যথাযথ নির্দেশনা অনুযায়ী চলমান রাখার বিষয়ে গুরোত্ব আরোপ করা হয়। টিসিবি'র পণ্য বিক্রয়ের নিমিত্তে তালিকা প্রণয়নের কার্যক্রম চলমান রয়েছে। উক্ত পণ্য বিক্রির জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যানগনকে সার্বিক সহযোগিতা করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও চেয়ারম্যান (সকল) |
| ০৮ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে ২০২১-২২ অর্থবছরে বয়স্ক, বিধবা ও স্বামী পরিত্যাক্ত ভাতা ও অসচ্ছল প্রতিবন্ধীদের টাকা ছাড়করণের কাজ চলমান রয়েছে। | উপজেলা সমাজসেবা বিভাগের কার্যক্রম যথাযথ নির্দেশনা অনুযায়ী চলমান রাখার বিষয়ে গুরোত্ব আরোপ করা হয়। | চেয়ারম্যান (সকল) ইউপি/ উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিয়ানীবাজার। |
| ০৯ | পৌরসভা | মেয়র, বিয়ানীবাজার পৌরসভা সভাকে জানান যে, বিয়ানীবাজার পৌর এলাকায় যানজট নিরসনে বিয়ানীবাজার পৌরসভা হতে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। বাজারের অস্থায়ী দোকানগুলো সরানোর প্রচেষ্টা অব্যাহত আছে। এছাড়া ইতোমধ্যে পৌর এলাকার পানি নিষ্কাশনের ড্রেনগুলোর ময়লা আবর্জনা পরিষ্কার পরিচ্ছন্ন ও নিষ্কাশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। তাছাড়া গত বর্ষা মৌসুমে অধিক বৃষ্টিপাতের ফলে পৌর এলাকার ক্ষতিগ্রস্থ রাস্তা গুলো সংস্কারের কাজ অব্যাহত আছে। তিনি পৌর এলাকার উন্নয়ন কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন। | (ক) পৌর শহরের ড্রেনগুলোর ময়লা আবর্জনা পরিষ্কার করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে পৌর মেয়রকে অভিনন্দন জানানো হয়। পৌর মেয়রের কার্যক্রমে সকলকে সহযোগিতা করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) সিএনজি যত্রতত্র পার্কিং করা থাকে বলে যানজট তৈরী হয়। যানজট নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।<br>(গ) শহরে রাস্তার পাশে অবৈধ ভাবে ইট, পাথর, বালু রাখা হয়েছে। এর ফলে দুর্ঘটনা বৃদ্ধি পাচ্ছে। রাস্তার পাশে রক্ষিত ইট, বালু, পাথর সরানোর জন্য প্রচার/মাইকিং করতে হবে। পরবর্তীতে তাদেরকে আইনের আওতায় নিয়ে আসা হবে। | মেয়র, বিয়ানীবাজার পৌরসভা |
| ১০ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানানা যে, বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির আওতায় ১৫০ জন চাষীকে কারিগরি পরামর্শ প্রদান এবং ৪০ জন | উপজেলা মৎস্য বিভাগের কার্যক্রম গতিশীল রাখার বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়। প্রশিক্ষণ কার্যক্রম আরো জোরদার করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা। |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায় |
|---|---|---|---|---|
| | | চাষীকে মাছ চাষ বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়। ১৬১২৬ নামে নতুন হট লাইন নাম্বার চালু করা হয়। মৎস্য চাষ বিষয়ক যে কোন তথ্য বা সেবা এই নাম্বারে কল করে জানা যাবে। মৎস্য চাষীদের জন্য "মৎস্য চাষীর স্কুল" নামে নতুন একটি অ্যাপস চালু করা হয়। আগ্রহী কোন চাষী Google play store থেকে Download করে সহজেই মাছ চাষের বিভিন্ন প্রযুক্তি সম্পর্কে জানতে পারবে এবং সমস্যার সমাধান সম্পর্কে ধারনা পাবে। দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | প্রশিক্ষণের পূর্বে প্রতিটি ইউনিয়ন পরিষদে বিস্তারিত উল্লেখ করে পত্র দিতে হবে। | |
| ১১ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভাকে জানান যে, বিগতমাসে ১৬০টি কৃত্রিম প্রজনন, ১৭৩৮৩টি গবাদিপশু-পাখিকে টিকা প্রদান, ও ১০৭৬৩টি গবাদি পশু-পাখিকে চিকিৎসা প্রদান করা হয়, ১টি উঠান বৈঠকে ১২জন খামারিকে গবাদি পশু-পাখি পালন বিষয়ে পরামর্শ প্রদান করা হয়।<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভাকে আরও জানান যে, এন.এ.টি.পি-২ প্রকল্পের আওতায় ১২০জন খামারীকে গরু হৃষ্টপুষ্ট করণও গাভী পালন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। হাওর অঞ্চলে সমন্বিত প্রাণি সম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় ২টি ব্যাচে ৫০ জন খামারীকে তিন দিনব্যাপী আধুনিক প্রযুক্তিতে মুরগী পালন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রাণি পুষ্টি প্রকল্পের আওতায় প্রতিইউনিয়ন থেকে ৮জন সুফলভোগী নির্বাচনে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করেন। | প্রশিক্ষণ শুরুর পূর্বে প্রতিটি ইউনিয়ন পরিষদে বিস্তারিত উল্লেখ করে পত্র দিতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল |
| ১২ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বিয়ানীবাজার সভায় জানান যে, দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতাঃ মাতৃত্বকাল ভাতা কার্যক্রমের আওতায় অনলাইনে ডাটা এন্ট্রির কাজ সম্পূর্ণ হয়েছে।<br>প্রশিক্ষণঃ WTC প্রশিক্ষণ কার্যক্রমের আওতায় ৩০ জন সেলাই প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ চলমান রয়েছে।<br>বিউটিফিকেশন ও ফ্যাশন ডিজাইন এ ২৫ জন করে মোট ৫০ জনের তালিকা অনুমোদিত হয়ে মার্চ/২২ হতে জুন/২২ পর্যন্ত ব্যাচ চলমান রয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | উপজেলা মহিলা বিষয়ক বিভাগের চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়। প্রশিক্ষণ শুরুর পূর্বে সকল ইউনিয়ন পরিষদে প্রশিক্ষণার্থী প্রেরণের জন্য চেয়ারম্যানকে পত্র দিতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৩ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। জেলা মাসিক সমন্বয় সভা উপস্থাপনের নিমিত্তে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা প্রধানকৃত তথ্য ২০২১-২২ অর্থ বছরের<br>০১। যুব ঋন তহবিল (রাজস্ব ও উন্নয়ন)-৪৮৫০৮০০/-<br>০২। মোট যুব ঋন তহবিল (রাজস্ব ও উন্নয়ন)-৭০,৪৮,৭৭১/-<br>০৩। মোট ঋন বিতরণকৃত (রাজস্ব ও উন্নয়ন)- | এ বিষয়ে সভায় আলোচনান্তে যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম আরও গতিশীল করার ব্যাপারে সভায় গুরুত্ব আরোপ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, বিয়ানীবাজার, সিলেট। |

| নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ২৪৫১৭০০০/-<br>০৪। মোট ঋন আদায়কৃত (রাজস্ব ও উন্নয়ন)- ১২৮৯৩৬২৮/-<br>০৫। মোট ঋন আদায়যোগ্য (রাজস্ব ও উন্নয়ন)- ২২৬১৮২২৭/-<br>০৬। আদায়ের হার রাজস্ব খাত-৯০.৯০%<br>০৭। আদায়ের হার উন্নয়ন খাত-৫৯.৩৫% | | |
| ১৪ | পল্লী বিদ্যুৎ সমিতি | ভূমিহীন ও গৃহহীনদের পুনর্বাসনের জন্য কার্যক্রম চলমান রয়েছে। নির্মাণ কাজ সম্পন্ন হলে বৈদ্যুতিক সংযোগ প্রদান করতে হবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ডিজিএমকে অনুরোধ করা হয়। | নির্মাণ কাজ সম্পন্ন হলে বৈদ্যুতিক সংযোগ শতভাগ নিশ্চিত করতে হবে বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। বৈদ্যুতিক মিটার চুরি হলে মামলা করতে হবে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। ইতোমধ্যে পুনর্বাসিত পরিবারের তালিকা ডিজিএম, পল্লী বিদ্যুৎ বরাবর প্রেরণ করতে হবে। | ডিজিএম, বিয়ানীবাজার জোনাল অফিস, পল্লী বিদ্যুৎ সমিতি- |
| ১৫ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়।<br>"ক" শ্রেণীর পরিবার পুর্নবাসনের জন্য নির্মিতব্য ঘরের চাহিদা অনুসারে নলকূপ স্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, জনাস্বাস্থ্য বিভাগ, বিয়ানীবাজার |
| ১৬ | উপজেলা দারিদ্র্য বিমোচন কার্যালয় | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা সভাকে জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তিনি মার্চ-২০২২ মাস পর্যন্ত কার্যপত্র সভায় উপস্থাপন করেন।<br>১। মোট সদস্য সংখ্যা= ১৪৫ জন।<br>২। ক্ষুদ্র ঋণ =১০০.০০ লক্ষ<br>৩। নারী = ৫২.০০ লক্ষ<br>৪। প্রনোদনা = ৪৬.০০ লক্ষ<br>৫। ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ = ৭৫.০০ লক্ষ<br>আদায়ের হার :- ৯৮%<br>সেলপ= ৯৮%<br>ক্ষুদ্র = ৯০%<br>নারী = ৯৮%<br>প্রনোদনা = ১০০% | দারিদ্র্য বিমোচন কার্যালয়ের কার্যক্রমের মাধ্যমে অত্র উপজেলার অবহেলিত দারিদ্র্য জনগোষ্ঠিকে তাহার দপ্তরের সংশ্লিষ্ট সেবা যথাযথভাবে প্রদানের জন্য গুরুত্ব আরোপ করা হয়। প্রশিক্ষণ শুরুর পূর্বে প্রত্যেক ইউনিয়ন পরিষদে বিস্তারিত উল্লেখ করে পত্র দিতে হবে। | উপজেলা দারিদ্র্য বিমোচন অফিসার |
| ১৭ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।<br>২০২১-২০২২ অর্থ বছরে<br>ঋণ বিতরণ- ১০,০০০০০/- টাকা<br>ঋণ আদায়- ২,৫০,০০০/- টাকা<br>সঞ্চয় আদায়- ৩০,০০০/- টাকা | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়। প্রশিক্ষণ শুরুর পূর্বে সকল ইউনিয়ন পরিষদে বিস্তারিত উল্লেখ করে পত্র দিতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিয়ানীবাজার |
| ১৮ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা তাঁর বিভাগের কার্যপত্র সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা সমবায় বিভাগের চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা সমবায় অফিসার, বিয়ানীবাজার, |
| ১৯ | পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, তাঁর বিভাগ কর্তৃক বিভিন্ন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর বিভাগের মার্চ, ২০২২ মাসের কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি নিম্নরূপঃ-<br>০১. ঋণ আদায় হয়েছে : ৫২,২৮,০০০/- টাকা<br>০২. ঋণ বিতরণ হয়েছে : ৬,৩৭,৪৩৯/- টাকা | (ক) পল্লী সঞ্চয় ব্যাংক এর কার্যক্রম আরোও জোরদার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) ব্যাংকিং কার্যক্রমের অগ্রগতির উপর হালনাগাদ তথ্যাদি আগামী সভায় উপস্থাপন | উপজেলা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- | --- |
| | | ০৩. সঞ্চয় আদায় : ৬০,১১,১৬০/- টাকা | করতে হবে। | |
| ২০ | উপজেলা পরিসংখ্যান অফিস | সরকারের সিদ্ধান্ত মোতাবেক এ বছর প্রথম ডিজিটাল ডিভাইস ব্যবহার করে জনশুমারি পরিচালিত হবে। এ বিষয়ে সকলকে সহযোগিতা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। | জনশুমারি সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনার জন্য সকল পর্যায়ের জনপ্রতিনিধি, কর্মকর্তাগণকে সহযোগিতা প্রদান করতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা |
| ২১ | বিবিধ | ০১। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, জনাব আবুল কাশেম পল্লব, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট এর নভেম্বর, ২০২১ থেকে ফেব্রুয়ারি, ২০২১ পর্যন্ত সময়ের ভ্রমণ ভাতা বিল বাবদ সর্বমোট ২৯,০৪৮/- (উনত্রিশ হাজার আটচল্লিশ) টাকার ভ্রমণ ব্যয় উপজেলা রাজস্ব তহবিল থেকে পরিশোধের নিমিত্ত অনুমোদনের জন্য উপস্থাপন করেন।<br><br>০২। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, মেয়র বিয়ানীবাজার পৌরসভা কর্তৃক পৌরসভার অভ্যন্তরে উপজেলা কমপ্লেক্স বিভিন্ন অফিস/ ভবনের ২০২১-২০২২ অর্থ বছরের হোল্ডিংট্যাক্স বাবদ ১,৮৬,৩৭৫/- টাকা, সংরক্ষণ কর বাবদ ১,৮৬,৩৭৫/- টাকা ও বাতি কর বাবদ ৭৯৮৭৫/-টাকাসহ সর্বমোট = ৪,৫২,৬২৫/- (চার লক্ষ বায়ান্ন হাজার ছয়শত পঁচিশ) টাকা পরিশোধের লক্ষ্যে ৩০/১২/২০২০ ইং তারিখের ৩০৯ নং স্মারকমূলে একখানা পত্র প্রদান করেন। এ বিষয়ে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ৫(চ) অনুচ্ছেদ মোতাবেক হোল্ডিংট্যাক্স, সংরক্ষণ কর বাবদ ব্যয় পরিশোধের বিধান রয়েছে। বিষয়টি সভায় উপস্থাপন করা হয়।<br><br>০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, উপজেলা পরিষদের পুরাতন হলরুমে দীর্ঘদিন টিকা কার্যক্রম চলমান রাখায় দুইটি টেবিল নষ্ট হয়ে গেছে। তাছাড়া পর্যাপ্ত সংখ্যক টেবিল না থাকায় মাসিক সমন্বয় সভা ও অন্যান্য সভার কার্যক্রম চালিয়ে যাওয়া সম্ভব হচ্ছে না। তাছাড়া উপজেলা পরিষদ কার্যালয়ের জন্য ০৩টি আলমারি ও অফিস ফাইল রাখার জন্য ০২টি রেক প্রয়োজন। বিয়ানীবাজার উপজেলা পরিষদের নবনির্মিত সম্প্রসারিত ভবনে উপজেলা পরিষদ চেয়ারম্যানের অফিস, উপজেলা নির্বাহী অফিস, উপজেলা ভাইস চেয়ারম্যান দ্বয়ের অফিস কক্ষে অনার বোর্ড, নেইমপ্লেট এবং (উপজেলা পরিষদ কার্যালয়, বিয়ানীবাজার, সিলেট উন্নতমানের অক্ষর দিয়ে সম্পূর্ণ লিখা অনার বোর্ডএর উপরে বসানো)। উক্ত আসবাবপত্র ও আনুষাঙ্গিক দ্রব্যাদি ক্রয়ে কত টাকা ব্যয় হতে পারে সে বিষয়ে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করা হলে উপজেলা প্রকৌশলী জানান যে, বর্ণিত আসবাবপত্র ও আনুষাঙ্গিক দ্রব্যাদি ক্রয়ে আনুমানিক ১০,০০০০০/- (দশ লক্ষ) টাকা ব্যয় হতে পারে। বিষয়টি পরিষদ সভায় উপস্থাপন করা হয়। | ০১। সভায় আলোচনান্তে জনাব আবুল কাশেম পল্লব, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট এর নভেম্বর, ২০২১ থেকে ফেব্রুয়ারি, ২০২১ পর্যন্ত সময়ের ভ্রমণ ভাতা বিল বাবদ সর্বমোট ২৯,০৪৮/- (উনত্রিশ হাজার আটচল্লিশ) টাকার ভ্রমণ ব্যয় উপজেলা রাজস্ব তহবিল থেকে পরিশোধের নিমত্ত অনুমোদন প্রদান করা হয়।<br><br>০২। সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা কমপ্লেক্সের বিভিন্ন অফিস/ভবনের ২০২১-২০২২ অর্থ বছরের হোল্ডিংট্যাক্স বাবদ ১,৮৬,৩৭৫/- টাকা, সংরক্ষণ কর বাবদ ১,৮৬,৩৭৫/- টাকা ও বাতি কর বাবদ ৭৯৮৭৫/-টাকাসহ সর্বমোট = ৪,৫২,৬২৫/- (চার লক্ষ বায়ান্ন হাজার ছয়শত পঁচিশ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ৫(চ) অনুচ্ছেদ মোতাবেক পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>০৩। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদের হলরুমের জন্য ০২টি টেবিল, ০২টি আলমারি ও অফিস ফাইল রাখার জন্য ০২টি রেক এবং উপজেলা পরিষদের নবনির্মিত সম্প্রসারিত ভবনে উপজেলা পরিষদ চেয়ারম্যানের অফিস, উপজেলা নির্বাহী অফিস, উপজেলা ভাইস চেয়ারম্যানদ্বয়ের অফিস কক্ষে অনার বোর্ড, নেইমপ্লেট এবং (উপজেলা পরিষদ কার্যালয়, বিয়ানীবাজার, সিলেট উন্নতমানের অক্ষর দিয়ে সম্পূর্ণ লিখা অনার বোর্ডএর উপরে বসানো) ও আনুষাংগিক আসবাবপত্র ক্রয়ের লক্ষ্যে ১০,০০০০০/- (দশ লক্ষ) টাকার মধ্যে প্রাক্কলন প্রস্তুত পূর্বক সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য প্রাক্কলনসহ পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। মন্ত্রণালয়ের অনুমোদন স্বাপেক্ষে উপজেলা রাজস্ব তহবিল হতে ক্রয় পূর্বক কাজটি বাস্তবায়নের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |

| নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ০৪। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের পুরাতন হলরুমের সবগুলো স্পিকার নষ্ট হয়ে যাওয়ায় মাসিক সমন্বয় সভা ও অন্যান্য সভার কার্যক্রম চালিয়ে যাওয়া সম্ভব হচ্ছে না। কনফারেন্স রুমের জন্য নতুন স্পিকার ক্রয় করার প্রয়োজনীয়তা রয়েছে। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী জানান যে, উক্ত স্পিকার ক্রয় বাবদ আনুমানিক ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ব্যয় হতে পারে মর্মে বিগত ১০/০৩/২০২২ মাসের কার্যবিবরণীতে আনুমানিক ধরা হয়েছিল। কিন্তু বাস্তবে বাজার দর যাচায়ান্তে ভ্যাট ট্যাক্স সহ ১,৮৬,০০০/- (এক লক্ষ ছিয়াশি হাজার) টাকার প্রয়োজন হয়। এ বিষয়টি পরিষদ সভায় উপস্থাপন করা হয়। | ০৪। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে দ্রুততম সময়ে RFQ প্রক্রিয়ায় উপজেলা পরিষদের নতুন প্রশাসনিক ভবন এবং কনফারেন্স রুমের স্পিকার ক্রয় বাবদ ১,৮৬,০০০/- (এক লক্ষ ছিয়াশি হাজার) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে ক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | ০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, বিয়ানীবাজারের পানি উন্নয়ন বিভাগের কর্মকর্তা এবং সড়ক ও জনপথ বিভাগের কর্মকর্তাগন উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় অংশগ্রহনের জন্য বিশেষ ভাবে গুরোত্ব আরোপ করেন। | ০৫। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড সিলেট এবং নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, সিলেট মহোদয়গনকে পত্র প্রেরণ করে অবগত করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | |
| | | ০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, বিয়ানীবাজার উপজেলার বিভিন্ন ইউনিয়নের ১০ জন দুস্থ পুরুষ ও নারীর মাঝে এক বান্ডিল করে টিন বিতরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ০৬। এ ব্যাপারে বিশদ আলোচনা হয় উপস্থিত সকলেই একমত পোষণ করেন। তাছাড়া রাজস্ব তহবিল নির্দেশিকার ৩(ঘ) অনুচ্ছেদ মোতাবেক বিভিন্ন ইউনিয়নের ১০ জন দুস্থ পুরুষ ও নারীর মাঝে এক বান্ডিল করে টিন বাবদ ১,০৫,০০০/- (এক লক্ষ পাঁচ হাজার) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | ০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, বিয়ানীবাজার টু সিলেট সড়কটিতে ঝুঁকি নিয়েই চলছে যাত্রীবাহী যানবাহন। সড়ক ও জনপথ বিভাগের পক্ষ থেকে মাঝে মাঝে গর্তগুলো ভড়াট করলেও অল্প সময়ের মধ্যে তা আবার ভেঙে যাচ্ছে। ফলে এই সড়ক দিয়ে চলাচলকারী যাত্রীদের সীমাহীন দুর্ভোগ পোহাতে হচ্ছে। গাড়ীর সংখ্যা বৃদ্ধি পাওয়ায় রাস্তায় প্রচুর যানজট সৃষ্টি হয়। যেখানে ১০-১২ বৎসর আগে সিলেটে মাত্র ১ ঘন্টায় যাওয়া পৌছা যেত এখন সেখানে সময় লাগে প্রায় ২ ঘন্টা ৩০ মিনিট থেকে ৩ ঘন্টা। সড়ক ও জনপথ বিভাগের অধীনে ৫২ কিলোমিটার এ সড়কের দুই পাশের প্রশস্ততা বৃদ্ধি করে উন্নতীকরণের দাবি জানিয়েছেন এলাকাবাসী উপজেলা পরিষদে। জরুরী ভিত্তিতে রাস্তা প্রসস্ততা বৃদ্ধি করার জন্য গুরোত্ব আরোপ করা হয়। | ০৭। এ ব্যাপারে বিশদ আলোচনা হয় উপস্থিত সকলেই একমত পোষণ করেন। বিয়ানীবাজার টু সিলেট রাস্তার দুই পাশের প্রশস্ততা বৃদ্ধি করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| | | ০৮। উপজেলা প্রকৌশলী অদ্যকার সভায় জানান যে, উপজেলা পরিষদের নতুন হলরুমে সরকারি | ০৮। সিকিউরিটি লাইট বাবদ কাজের বিল ২০০০/- (দুই হাজার) টাকা সভায় সর্বসম্মতিক্রমে | |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | টিসিবি কার্যক্রমের মালামাল সংগ্রহ এবং এর কার্যক্রম চলমান আছে। কিন্তু হলরুমের আশেপাশে পর্যাপ্ত সিকিউরিটি লাইট না থাকায় অন্ধকার থাকে। ইহাতে টিসিবি কার্যক্রমের নিরাপত্তার জন্য সিকিউরিটি লাইট ক্রয় করে স্থাপন করা প্রয়োজন তাই কর্তৃপক্ষের নির্দেশনা অনুসারে সিকিউরিটি লাইট ক্রয় ও স্থাপন বাবদ জনাব শাহরুল ইসলাম ভ্যাট ট্যাক্স মজুরী সহ ২০০০/- দুই হাজার টাকার বিল দাখিল করেন। এবং তাহার আবেদন খানা সভায় উপস্থাপন করেন। | অনুমোদিত হয় এবং বিল বাবদ তহবিল থেকে ব্যয়ের সিদ্ধান্ত গৃহিত হয়। | |

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮.৪.২২

(আবুল কাশেম পল্লব)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ বিয়ানীবাজার, সিলেট।
তারিখ : ২৮/০৪/২০২২

স্মারক নম্বর : ০৫.৪৬.৯১১৭.০০০.০৬.০০৯.২২-
সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো।
০১। মাননীয় সংসদ সদস্য, সিলেট-৬ (বিয়ানীবাজার-গোলাপগঞ্জ)।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, সিলেট।
০৫। পুলিশ সুপার, সিলেট।
০৬। চেয়ারম্যান, বিয়ানীবাজার উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট।
০৭। মেয়র, বিয়ানীবাজার পৌরসভা বিয়ানীবাজার, সিলেট।
০৮। নির্বাহী প্রকৌশলী / সহকারী প্রকৌশলী,..........................................................সিলেট।
০৯। ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বিয়ানীবাজার,সিলেট।
১০। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট।
১১-২২। উপজেলা ........................................................ কর্মকর্তা (সকল), বিয়ানীবাজার, সিলেট।
২৩। অফিসার ইনচার্জ, বিয়ানীবাজার থানা, বিয়ানীবাজার , সিলেট।
২৪-৩৩। চেয়ারম্যান ..........................................................................ইউপি ( সকল ), বিয়ানীবাজার, সিলেট।
৩৪। সভাপতি, প্রেসক্লাব, বিয়ানীবাজার , সিলেট ।
৩৫। জনাব ..........................................................................বিয়ানীবাজার, সিলেট।

(মোঃ আশিক নুর)
উপজেলা নির্বাহী অফিসার
বিয়ানীবাজার, সিলেট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিয়ানীবাজার, সিলেট

বিষয় : **উপজেলা পরিষদের মার্চ-২০২২ মাসের সভার কার্যবিবরণী :**

সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন
তারিখ : ১০/০৩/২০২২
সময় : সকাল- ১০.০০ ঘটিকা
সভাপতি : জনাব আবুল কাশেম পল্টু, চেয়ারম্যান, বিয়ানীবাজার উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট

সভায় উপস্থিত সদস্যদের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বিয়ানীবাজার উপজেলা পরিষদের মার্চ-২০২২ মাসের সমন্বয় সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নোক্তভাবে সভার কার্যক্রম পরিচালনা করা হয় এবং সর্বসম্মত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

২। আলোচনা ও সিদ্ধান্তসমূহ :

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান তার বিভাগের চলমান কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এডিপি ২০২১-২২ অর্থ বছরের ২টি স্কীমের সংশোধনী প্রয়োজন মর্মে সভাকে অবহিত করেন।<br>সংশোধনী -০১ বাছাই কমিটি কর্তৃক পাশকৃত (২২ নং- স্কীম পূর্ব আঙ্গুরা মোহাম্মদপুর স্কুলের সামনা হইতে নজির উদ্দিনের বাড়ীর দিকে ইট সলিং) সংশোধনপূর্বক "আঙ্গুরা মোহাম্মদপুর এসটি মিয়ার বাড়ী হইতে নজির উদ্দিনের বাড়ীর দিকে সিসি ঢালাই" করার প্রস্তাব পেশ করা হয়।<br>সংশোধনী -০২ বাছাই কমিটি কর্তৃক পাশকৃত ৪২ নং স্কীম "বিলপার পুরাতন ইট সলিং হইতে লক্তিছড়া ব্রিজের দিকে ইট সলিং" প্রকল্প বাস্তবায়ন বিভাগের একটি HBB স্কীমের সাথে দ্বৈততা পরিলক্ষিত হয়েছে বিধায় উক্ত স্কীমটি বাতিল করার প্রস্তাব পেশ করেন। | (ক) ২২ নং স্কীমটি (পূর্ব আঙ্গুরা মোহাম্মদপুর স্কুলের সামনা হইতে নজির উদ্দিনের বাড়ীর দিকে ইট সলিং) সংশোধনপূর্বক বাস্তবায়নের নিমিত্তে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) দ্বৈততা পরিহারের নিমিত্ত ৪২ নং স্কীমটি বাতিল করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল |
| ০২ | শিক্ষা বিভাগ | প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, গত ২ মার্চ ২০২২ থেকে ১ম -৫ম শ্রেণির কার্যক্রম চলমান আছে। আগামী ১৫ মার্চ ২০২২ তারিখ থেকে প্রাক- প্রাথমিক শ্রেণির কার্যক্রম সপ্তাহে ২ দিন (রবিবার ও মঙ্গলবার) চলবে বলে সভায় জানানো হয়। তাছাড়া ১৭ মার্চ ২০২২ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্ম বার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২২ বিদ্যালয় পর্যায়ে যথাযোগ্য মর্যাদায় পালন করা হবে। ২৫ মার্চ গণহত্যা দিবস ও ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ পালন করার জন্য বিদ্যালয় পর্যায়ে নির্দেশনা দেয়া হয়েছে। বিভাগীয় কার্যক্রম যথারীতি চলছে। | মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক শিক্ষা কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। তাছাড়া প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের করোনা ভাইরাসের টিকা প্রদানের কার্যক্রম গ্রহণ করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার/ সংশ্লিষ্ট সকল |
| ০৩ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, করোনা ভাইরাস প্রতিরোধে স্কুল, মাদ্রাসা, কলেজ শিক্ষার্থীদের (১২-১৮ বৎসর) ২য় টিকা বিয়ানীবাজার উপজেলায় দেয়া হয়েছে মোট ২৮,৪১০ জনকে। মাধ্যমিক প্রতিষ্ঠানসমূহে পাঠদান সম্পূর্ণরূপে চালুর সিদ্ধান্ত আগামী সপ্তাহে নির্দেশনা আসতে পারে। বর্তমান মাউশি কর্তৃক নির্দেশিত নির্দেশনা অনুসারে পাঠদান কার্যক্রম চলমান রয়েছে। | মন্ত্রণালয়ের সিদ্ধান্তের আলোকে স্কুল খোলার পূর্ব প্রস্তুতি গ্রহণ করতে হবে। এ্যাসাইনমেন্ট মূল্যায়ন ও অনলাইনে পাঠদান কার্যক্রম জোরদার করতে হবে এবং শিক্ষার্থীদের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সেইসাথে এ্যাসাইনমেন্ট কার্যক্রম ও অনলাইন ক্লাস সমূহ চলমান রয়েছে। | | |
| ০৪ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর ফেব্রুয়ারি- ২০২২ মাসের অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, গত ২৬/০২/২০২২ তারিখে সমগ্র দেশে ১ কোটি ২০ লক্ষ ভ্যাকসিন দেওয়া হয়। সারা দেশের ন্যায় বিয়ানীবাজারে ১ম ডোজ ভ্যাকসিন দেওয়া হয় ৬৮% ।<br>চলতি মাসে<br>১। EOC কার্যক্রম ফেব্রুয়ারি/২২ মাসে ডেলিভারী ভর্তি- ১৯৪ জন, ডেলিভারী হয়েছে- ১২৮ জন, সিজারিয়ান- ০৩ টি, মাসিক গড় ডেলিভারী- ১৫৩ টি, ANC - ২৮৭ টি , PNC -১২৮ টি।<br>২। রোগী : ফেব্রুয়ারি/২২ মাসে বহির্বিভাগে রোগী- ৮১০৩ জন, অন্তঃবিভাগে-৪৬৪ জন, জরুরী বিভাগে-৩০০১ জন।<br>৩। কমিউনিটি ক্লিনিক ফেব্রুয়ারি/২২ মাসে কমিউনিটি ক্লিনিকে মোট ১৭৮৬৫ জন রোগীকে চিকিৎসা দেয়া হয়েছে।<br>৪। ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রে : ফেব্রুয়ারি/২২ মাসে রোগী ৫৬০১ জন।<br>৫। মোবাইল সার্ভিসঃ বিয়ানীবাজার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে জরুরী স্বাস্থ্য পরামর্শে জন্য মোবাইল সার্ভিস চালু করা হয়েছে ।<br>মোবাইল নং-০১৭৩০-৩২৪৭৫০;<br>৬। ইপিআই কভারেজ ফেব্রুয়ারি/২২ মাসে ৯৯%<br>৭। বেড অকুপেন্সী ফেব্রুয়ারি/২২ মাসে ৭৩% | (ক) উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে স্বাস্থ্য সেবার মান নিশ্চিত করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।<br>(খ) করোনা ভাইরাস সংক্রমণ রোধে সকলকে বাধ্যতামূলকভাবে মাস্ক পরিধান করতে হবে এবং স্বাস্থ্যবিধি প্রতিপালন করতে হবে। করোনা ভাইরাস প্রতিরোধী টিকার ২য় ডোজ প্রদানের প্রচার প্রচারণা বৃদ্ধি করতে হবে।<br>(গ) প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের করোনা ভাইরাসের টিকা প্রদানের বিষয়ে উপজেলা শিক্ষা অফিসারের পরামর্শক্রমে পরিকল্পনা প্রণয়ন করতে হবে।<br>(ঘ) সকল চেয়ারম্যান ও মেম্বারগণ প্রতিটি ওয়ার্ডে করোনা টিকার ২য় ডোজ গ্রহণ করার জন্য সাধারণ জনগনকে উদ্বোদ্ধ করবেন। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, বিয়ানীবাজার ও সংশ্লিষ্ট সকল। |
| ০৫ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভাকে জানান যে, রবি/২০২১-২২ অর্থবছরে অত্র উপজেলায় বোরো হয়েছে ৬২৫০ হেক্টর। ফসলের সার্বিক অবস্থা ভালো। | বোরো আবাদ সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সকলের সহযোগিতা কামনা করা হয়। | উপজেলা প্রশাসন/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/ ইউপি চেয়ারম্যান/ এসএএও (সকল) বিয়ানীবাজার, সিলেট |
| | | উপজেলা কৃষি অফিসার সভাকে জানান যে, সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় ২০২১-২২ অর্থবছরে বোরো মৌসুমে উন্নয়ন সহায়তার (ভর্তুকি) প্রদানের জন্য কম্বাইন হারভেষ্টার, রিপার, রাইস ট্রান্সপ্লান্টার, পাওয়ার থ্রেসার, মেইজ শেলার, ড্রায়ার যন্ত্র, পাওয়ার স্প্রেয়ার, পাওয়ার উইডার, সিডার বেডপ্লান্টার ও ক্যারেট ওয়াশার যন্ত্র বরাদ্দ প্রদান, সরবরাহ ও ব্যবহার পদ্ধতির নীতিমালা পাওয়া গেছে। | সংশ্লিষ্ট সকলের কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতা কামনা করা হয়। নীতিমালা অনুযায়ী সকল কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। কৃষি যন্ত্রপাতি সঠিকভাবে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রশাসন/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/ ইউপি চেয়ারম্যান/ এসএএও (সকল) বিয়ানীবাজার, সিলেট। |
| | | তিনি সভায় আরও জানান যে, অত্র উপজেলায় বোরো সহ | কৃষিকে উন্নত ও আধুনিকায়ন করার ব্যবস্থা গ্রহণ | উপজেলা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | অন্যান্য ফসলে সমকালীন চাষাবাদ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। সমকালীন চাষাবাদের আওতায় প্রতিটি ইউনিয়নের মাঠকে নির্বাচন করে কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। প্রনোদনা ও বীজ সহায়তায় বোরো হাইব্রিড ধানের সমকালীন চাষাবাদ প্রতিটি ইউনিয়নের বিভিন্ন স্থানে রোপন করা হয়েছে। উপজেলায় বিভিন্ন প্রকার রাসায়নিক সার ও বীজের পর্যাপ্ত মজুদ রয়েছে। বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে। | করতে হবে। পতিত জমি চাষাবাদ করার জন্য সাধারণ জনগণকে উদ্বুদ্ধ করতে হবে এবং জনপ্রতিনিধিগণ ভূমিকা পালন করবেন। উপজেলায় যাতে কোন প্রকার রাসায়নিক সার ও বীজের সংকট না হয় সে ব্যাপারে উপজেলা কৃষি অফিসার সহ সংশ্লিষ্ট সকলকে সজাগ দৃষ্টি রাখার ব্যাপারে পরামর্শ প্রদান করা হয় | প্রশাসন/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/ ইউপি চেয়ারম্যান/ এসএএও (সকল)/উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি ও সংশ্লিষ্ট (সকল) বিয়ানীবাজার, সিলেট |
| ০৬ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, টিআর/কাবিখা প্রকল্প গত মাসের ৩১ তারিখ পর্যন্ত মেয়াদ ছিলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগের চলমান প্রকল্প গুলোর কাজের গুনগতমান বজায় হচ্ছে কিনা তা সঠিকভাবে মনিটরিং ও পরিদর্শন করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ০৭ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় তাঁর বিভাগের কার্যপত্র উপস্থাপন করেন। তিনি জানান যে, বিয়ানীবাজার উপজেলায় ১০ টি ইউনিয়নে মাননীয় প্রধান মন্ত্রীর ১০/- টাকা কেজি মূল্যের খাদ্য বান্ধব কর্মসূচীর চাল স্ব-স্ব ইউনিয়ন ডিলারদের মধ্যে সরবরাহ করা হয়েছে। ডিলারগণ সপ্তাহে ০৩ দিন অর্থাৎ সোম, মঙ্গল ও বুধবার কার্ডধারী উপকারভোগীদের মধ্যে সরবরাহ করবেন। এতদবিষয়ে স্ব-স্ব ইউপি চেয়ারম্যান বৃন্দকে সার্বিক সহযোগিতার জন্য সভায় অনুরোধ জানানো হয় এবং এ কার্যক্রম মার্চ/২০২২ হতে এপ্রিল/২০২২ পর্যন্ত চলবে। । দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিক চলমান রয়েছে। | উপজেলা খাদ্য বিভাগের কার্যক্রম যথাযথ নির্দেশনা অনুযায়ী চলমান রাখার বিষয়ে গুরোত্ব আরোপ করা হয়। টিসিবি'র পণ্য বিক্রয়ের নিমিত্তে তালিকা প্রণয়নের কার্যক্রম চলমান রয়েছে। উক্ত পণ্য বিক্রির জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যানগনকে সার্বিক সহযোগিতা করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও চেয়ারম্যান (সকল) |
| ০৮ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ অর্থবছরে ভাতাভোগী ভাতা না পাওয়ার জন্য নিম্নোক্ত কারণগুলো সভাকে অবহিত করেন।<br>১। কোন একাউন্ট খোলা নেই বা মোবাইল সীমটি চালু নয়।<br>২। নিয়মিত ভাতা পাচ্ছেন এমন একাউন্টে ইএফটি প্রসেসের কোন ধাপে একাউন্টের রাইটিং নম্বর বা একাউন্ট তথ্য মিসিং হয়েছে। বা এম আই এস নাম্বার ভুল রয়েছে।<br>৩। কেওয়াইসি মানে এন.আই.ডি কার্ডের সাথে মোবাইল সীম এর তথ্য হাল নাগাদ নেই।<br>৪। এন.আই.ডি সার্ভারে রক্ষিত নামে ত্রুটি থাকলে ভাতা মোবাইল একাউন্টে প্রবেশ করবে না।<br>৫। মোবাইল সীমের সাথে ব্যক্তির ফিংগারের মিল না থাকলে টাকা আসবে না।<br>৬। এম আই এস যখন হয় তখন ভাতাভোগীর আইডি কার্ডের বয়স কম ছিল বা ত্রুটি ছিল।<br>৭। সীমের যান্ত্রিক কোন ত্রুটি থাকলে।<br>৮। এন.আই.ডি কার্ডে ভুল থাকলে।<br>৯। একই ব্যক্তির একাধিক নগদ নম্বর থাকিলে টাকা | (ক) বিভিন্ন ভাতা ভোগীগণের সমস্যা দ্রুত সমাধান করতে হবে।<br>(খ) উত্তরাধিকারী সনদ প্রদানের ক্ষেত্রে আরো সতর্ক হতে হবে।<br>(গ) ভাতা ভোগীগণ কারো সাথে তাদের পাসওয়ার্ড বা পেন শেয়ার না করার জন্য বলা হলো।<br>(ঘ) উপকার ভোগীর তালিকা প্রতিটি ইউনিয়নে প্রেরণ করতে হবে।<br>(ঙ) কোন ভাবেই কোন উপকার ভোগীদের একাউন্টের বিপরীতে অফিসের কোন কর্মকর্তা বা কর্মচারীর মোবাইল নাম্বার দেয়া যাবে না। এ ব্যাপারে কোনরুপ তথ্য পাওয়া গেলে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। | চেয়ারম্যান (সকল) ইউপি/ উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিয়ানীবাজার। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | যাবেনা। | | |
| ০৯ | পৌরসভা | মেয়র, বিয়ানীবাজার পৌরসভা সভাকে জানান যে, বিয়ানীবাজার পৌর এলাকায় যানজট নিরসনে বিয়ানীবাজার পৌরসভা হতে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। বাজারের অস্থায়ী দোকানগুলো সরানোর প্রচেষ্টা অব্যাহত আছে। এছাড়া ইতোমধ্যে পৌর এলাকার পানি নিষ্কাশনের ড্রেনগুলোর ময়লা আবর্জনা পরিষ্কার পরিচ্ছন্ন ও নিষ্কাশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। তাছাড়া গত বর্ষা মৌসুমে অধিক বৃষ্টিপাতের ফলে পৌর এলাকার ক্ষতিগ্রস্থ রাস্তা গুলো সংস্কারের কাজ অব্যাহত আছে। তিনি পৌর এলাকার উন্নয়ন কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন। | (ক) পৌর শহরের ড্রেনগুলোর ময়লা আবর্জনা পরিষ্কার করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে পৌর মেয়রকে অভিনন্দন জানানো হয়। পৌর মেয়রের কার্যক্রমে সকলকে সহযোগিতা করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) সিএনজি যত্রতত্র পার্কিং করা থাকে বলে যানজট তৈরী হয়। যানজট নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।<br>(গ) শহরে রাস্তার পাশে অবৈধ ভাবে ইট, পাথর, বালু রাখা হয়েছে। এর ফলে দুর্ঘটনা বৃদ্ধি পাচ্ছে। রাস্তার পাশে রক্ষিত ইট, বালু, পাথর সরানোর জন্য প্রচার/মাইকিং করতে হবে। পরবর্তীতে তাদেরকে আইনের আওতায় নিয়ে আসা হবে। | মেয়র, বিয়ানীবাজার পৌরসভা |
| ১০ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানানা যে, বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির আওতায় ১৫০ জন চাষীকে কারিগরি পরামর্শ প্রদান এবং ৪০ জন চাষীকে মাছ চাষ বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়। ১৬১২৬ নামে নতুন হট লাইন নাম্বার চালু করা হয়। মৎস্য চাষ বিষয়ক যে কোন তথ্য বা সেবা এই নাম্বারে কল করে জানা যাবে। মৎস্য চাষীদের জন্য "মৎস্য চাষীর স্কুল" নামে নতুন একটি অ্যাপস চালু করা হয়। আগ্রহী কোন চাষী Google play store থেকে Download করে সহজেই মাছ চাষের বিভিন্ন প্রযুক্তি সম্পর্কে জানতে পারবে এবং সমস্যার সমাধান সম্পর্কে ধারনা পাবে। দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | উপজেলা মৎস্য বিভাগের কার্যক্রম গতিশীল রাখার বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়। প্রশিক্ষণ কার্যক্রম আরো জোরদার করতে হবে। প্রশিক্ষণের পূর্বে প্রতিটি ইউনিয়ন পরিষদে বিস্তারিত উল্লেখ করে পত্র দিতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা। |
| ১১ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভাকে জানান যে, বিগত মাসে ১৭৮ টি কৃত্রিম প্রজনন, ২১৯০৮ টি গবাদিপশু-পাখিকে টিকা প্রদান, ও ১০৭৬৫ টি গবাদি পশু-পাখিকে চিকিৎসা প্রদান করা হয়, ৮টি উঠান বৈঠকে ৯৮জন খামারিকে গবাদি পশু-পাখি পালন বিষয়ে পরামর্শ প্রদান করা হয়।<br><br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভাকে আরও জানান যে, এ.আই.ই.টি প্রকল্পের আওতায় ৪০জন দুগ্ধ খামারীকে তিন দিনব্যাপী কৃত্রিম প্রজনন ও ভ্রূণ স্থানান্তর বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়। আধুনিক প্রযুক্তিতে গরু হৃষ্টপুষ্টকরণ প্রকল্পের আওতায় ২টি ব্যাচে ৫০ জন খামারীকে তিন দিন ব্যাপী আধুনিক প্রযুক্তিতে হৃষ্টপুষ্টকরণ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়।<br><br>খামার স্থাপন ও দুধ উৎপাদন বৃদ্ধিতে ঘাস চাষের গুরুত্ব সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। প্রাণিপুষ্টি প্রকল্পের আওতায় প্রতি ইউনিয়ন থেকে ৮জন সুফলভোগী নির্বাচনে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করেন। | (ক) "প্রাণিসম্পদ প্রদর্শনী /২০২২ " যথাযথভাবে উদযাপনের বিষয়ে সকলেই সার্বিক সহযোগিতা প্রদান করবে। প্রশিক্ষণসহ অন্যান্য কার্যক্রম দ্রুত সম্পাদন করতে হবে।<br>(খ) প্রশিক্ষণ শুরুর পূর্বে প্রতিটি ইউনিয়ন পরিষদে বিস্তারিত উল্লেখ করে পত্র দিতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল |
| ১২ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বিয়ানীবাজার সভায় জানান যে, দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতাঃ<br>মাতৃত্বকাল ভাতা কার্যক্রমের আওতায় অনলাইনে ডাটা এন্ট্রির কাজ সম্পূর্ণ হয়েছে।<br>প্রশিক্ষণঃ WTC প্রশিক্ষণ কার্যক্রমের আওতায় এপ্রিল/২২—জুন/২২ সেশনের ১৪ তম ও ১৫ তম ব্যাচের জন্য আগামী ১০/০৩/২২ সকাল ৯.০০ টা থেকে | উপজেলা মহিলা বিষয়ক বিভাগের চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়। প্রশিক্ষণ শুরুর পূর্বে সকল ইউনিয়ন পরিষদে প্রশিক্ষণার্থী প্রেরণের জন্য চেয়ারম্যানকে পত্র দিতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ২৬/০৩/২০২২ তারিখ বিকাল ৫.০০ টা পর্যন্ত প্রকল্পের প্রশিক্ষণার্থীদের ভর্তি সংক্রান্ত ওয়েব সাইট http://iga.dwa.gov.bd খোলা থাকবে। নির্ধারিত সময়ের মধ্যে আগ্রহী প্রশিক্ষণার্থীদের অনলাইনে আবেদন গ্রহণের জন্য অনুরোধ করা হলো। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | | |
| ১৩ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। ফেব্রুয়ারি, ২০২২ মাসের যুব উন্নয়ন অধিদপ্তর, বিয়ানীবাজার, সিলেটের কার্যক্রম :<br>১১টি ব্যাচ ৩০ জন করে (৩০×১১) = ৩৩০ জন<br>এছাড়া ১৭জন যুব ও মহিলাদের মধ্যে ফেব্রুয়ারি মাসে ৮,৫০,০০০/- (আট লক্ষ পঞ্চাশ হাজার) টাকা বিতরণ করা হয়েছে।<br>আরও তিনটি ব্যাচ ৩০ জন করে (৩০×৩) = ৯০ জনের প্রশিক্ষণ চলমান রয়েছে। | এ বিষয়ে সভায় আলোচনান্তে যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম আরও গতিশীল করার ব্যাপারে সভায় গুরুত্ব আরোপ করা হয়। পারিবারিক হাঁস-মুরগি পালন, গাভী পালন, গরু মোটাতাজা করণ, নার্সারি, পোষাক তৈরি। ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণ শুরুর পূর্বে সকল ইউনিয়ন পরিষদে প্রশিক্ষণার্থীদের অংশগ্রহণের নিমিত্ত সকল চেয়ারম্যানকে পত্র দিতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, বিয়ানীবাজার, সিলেট। |
| ১৪ | পল্লী বিদ্যুৎ সমিতি | ভূমিহীন ও গৃহহীনদের পুনর্বাসনের জন্য কার্যক্রম চলমান রয়েছে। নির্মাণ কাজ সম্পন্ন হলে বৈদ্যুতিক সংযোগ প্রদান করতে হবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ডিজিএমকে অনুরোধ করা হয়। | নির্মাণ কাজ সম্পন্ন হলে বৈদ্যুতিক সংযোগ শতভাগ নিশ্চিত করতে হবে বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। বৈদ্যুতিক মিটার চুরি হলে মামলা করতে হবে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম, বিয়ানীবাজার জোনাল অফিস, পল্লী বিদ্যুৎ সমিতি- |
| ১৫ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়।<br>'ক' শ্রেনীর পরিবার পুর্নবাসনের জন্য নির্মিতব্য ঘরের চাহিদা অনুসারে নলকূপ স্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ, বিয়ানীবাজার |
| ১৬ | উপজেলা দারিদ্র্য বিমোচন কার্যালয় | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা সভাকে জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তিনি জানুয়ারি-২০২২ মাস পর্যন্ত কার্যপত্র সভায় উপস্থাপন করেন।<br>১। মোট সদস্য সংখ্যা= ৯৪৫ জন।<br>২। ক্ষুদ্র ঋণ =৮০.০০ লক্ষ<br>৩। সেলপ = ৬০.০০ লক্ষ<br>৪। নারী = ৪৫.০০ লক্ষ<br>৫। প্রনোদনা = ৩৫.০০ লক্ষ<br>আদায়ের হার :-<br>সেলপ= ৯৮%<br>ক্ষুদ্র = ৯০%<br>নারী = ৯৮%<br>প্রনোদনা = ১০০ % | দারিদ্র্য বিমোচন কার্যালয়ের কার্যক্রমের মাধ্যমে অত্র উপজেলার অবহেলিত দারিদ্র্য জনগোষ্ঠিকে তাহার দপ্তরের সংশ্লিষ্ট সেবা যথাযথভাবে প্রদানের জন্য গুরুত্ব আরোপ করা হয়। প্রশিক্ষণ শুরুর পূর্বে প্রত্যেক ইউনিয়ন পরিষদে বিস্তারিত উল্লেখ করে পত্র দিতে হবে। | উপজেলা দারিদ্র্য বিমোচন অফিসার |
| ১৭ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।<br>২০২১-২০২২ অর্থ বছরে<br>ঋণ বিতরণ- ১০,০০০০০/- টাকা<br>ঋণ আদায়- ২,৫০,০০০/- টাকা<br>সঞ্চয় আদায়- ৩০,০০০/- টাকা | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়। প্রশিক্ষণ শুরুর পুর্বে সকল ইউনিয়ন পরিষদে বিস্তারিত উল্লেখ করে পত্র দিতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিয়ানীবাজার |
| ১৮ | সমবায় | উপজেলা সমবায় কর্মকর্তা তাঁর বিভাগের কার্যপত্র সভায় | উপজেলা সমবায় বিভাগের চলমান কার্যক্রম | উপজেলা |

| | | | | |
|---|---|---|---|---|
| | বিভাগ | উপস্থাপন করেন। তিনি জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়। | সমবায় অফিসার, বিয়ানীবাজার, |
| ১৯ | পল্লী সঞ্চয় ব্যাংক | আমার বাড়ী আমার খামার প্রকল্পের সমন্বয়কারীর প্রতিনিধি সভায় জানান যে, তাঁর বিভাগ কর্তৃক বিভিন্ন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর বিভাগের ডিসেম্বর ২০২১ মাসের কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি নিম্নরূপঃ-<br>০১. ঋণ আদায় হয়েছে : ৩৯৫৪০০০/- টাকা<br>০২. ঋণ বিতরণ হয়েছে : ৬০০৫০০০/- টাকা<br>০৩. সঞ্চয় আদায় : ৫,৭৮,৯৬১/- টাকা | (ক) পল্লী সঞ্চয় ব্যাংক এর কার্যক্রম আরোও জোরদার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(খ) ব্যাংকিং কার্যক্রমের অগ্রগতির উপর হালনাগাদ তথ্যাদি আগামী সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২০ | পল্লী বিদ্যুৎ সমিতি | ভূমিহীন ও গৃহহীনদের পুনর্বাসনের জন্য কার্যক্রম চলমান রয়েছে। নির্মাণ কাজ সম্পন্ন হলে বৈদ্যুতিক সংযোগ প্রদান করতে হবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ডিজিএমকে অনুরোধ করা হয়। | নির্মাণ কাজ সম্পন্ন হলে বৈদ্যুতিক সংযোগ শতভাগ নিশ্চিত করতে হবে বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। বৈদ্যুতিক মিটার চুরি হলে মামলা করতে হবে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম, বিয়ানীবাজার জোনাল অফিস, পল্লী বিদ্যুৎ সমিতি- |
| ২১ | বিবিধ | ০১। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা'র স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৫.১৮.১৯৩.২২-১৪৬, ০৮/০৩/২০২২ তারিখের পত্রের আলোকে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২২ (২৬ মার্চ, ২০২২) যথাযথ মর্যাদায় উদযাপনের জন্য ২০২১-২২ অর্থবছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে অতিরিক্ত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয় করার প্রশাসনিক অনুমোদন পাওয়া যায়।<br>০২। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, "মুক্তির উৎসব ও সুবর্ণজয়ন্তী মেলা" আগামী ১৭-২৩ মার্চ, ২০২২ পর্যন্ত সারা দেশের ন্যায় বিয়ানীবাজার উপজেলায় "মুক্তির উৎসব ও সুবর্ণজয়ন্তী মেলা" অনুষ্ঠিত হবে। উক্ত মেলায় মুক্তিযুদ্ধের ইতিহাস ও মুক্তিযুদ্ধের মাধ্যমে অর্জিত বাংলাদেশের ৫০ বছরের সাফল্য ও অর্জনকে তুলে ধরতে হবে। মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে উপজেলা প্রশাসন কর্তৃক বিস্তর কর্মসূচী গ্রহণ করা হয়েছে। যথাযোগ্য মর্যাদায় উদযাপনের নিমিত্ত সকলের উপস্থিতি ও সহযোগিতা কামনা করেন।<br><br>০৩। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ উদযাপন উপযাপন উপলক্ষে উপজেলা প্রশাসন কর্তৃক বিস্তর কর্মসূচী গ্রহণ করা হয়েছে। উক্ত দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের নিমিত্ত সকলের উপস্থিতি ও সহযোগিতা কামনা করেন। তিনি আরও জানান যে, রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকার ৫(খ) অনুচ্ছেদ মোতাবেক মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন করার নিমিত্ত ব্যয় নির্বাহের লক্ষ্যে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা উত্তোলনের প্রস্তাব পেশ করেন।<br><br>০৪। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিয়ানীবাজার এর সরকারি জীপ গাড়ী নং সিলেট-ঘ-১১-০২৩১ এর যন্ত্রপাতি ক্রয় ও মেরামতের জন্য আঞ্চলিক মোটরযান পরিদর্শকের প্রতিবেদন এবং উপজেলা পরিষদের বিগত ১৫/১১/২০২১ ইং তারিখের | ০১। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে উপজেলা রাজস্ব তহবিল থেকে ব্যয় নির্বাহের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>০২। মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী যথাযোগ্য মর্যাদায় উদযাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>০৩। মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ যথাযোগ্য মর্যাদায় উদযাপনে সকল প্রকার সহযোগিতা করবেনমর্মে উপস্থিত সকলকেই একমত পোষণ করেন। তাছাড়া রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকার ৫(খ) অনুচ্ছেদ মোতাবেক মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন করার নিমিত্ত ব্যয় নির্বাহের লক্ষ্যে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা উত্তোলন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>০৪। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা'র স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৬.১৮.২৩৫.১৪.১৫০, তারিখ : | |

| | | | |
|---|---|---|---|
| | সিদ্ধান্তের আলোকে ০৩(তিন) সদস্য বিশিষ্ট কমিটি গঠনক্রমে প্রাক্কলন প্রস্তুত পূর্বক জাতীয় ও স্থানীয় পত্রিকায় দরপত্র বিজ্ঞপ্তি নং- উপজেকা/বিবা/২০২১-২২/৩৫, তারিখ: ২৩/১১/২০২১ প্রকাশিত হয়। প্রকাশিত বিজ্ঞপ্তির আলোকে যথাযথভাবে গত ১৪/১২/২০২১ ইং তারিখ উপজেলা দরপত্র মুল্যায়ন কমিটি কর্তৃক প্রাপ্ত দরপত্র সমূহ যাচাই-বাছাই পূর্বক সর্বনিম্ন দরদাতা মেসার্স রিপন অটোমোবাইল, কলেজ রোড (বালিকা স্কুলের সামনে) বিয়ানীবাজার সিলেট এর দাখিলকৃত দর ৩,৩৪,৩০০/- (তিন লক্ষ চৌত্রিশ হাজার তিনশত) টাকা বিবেচিত হওয়ায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদানের সুপারিশ করা হয়।<br>স্থানীয় সরকার বিভাগ কর্তৃক গাড়ী মেরামত বিষয়ে জারীকৃত পত্রের নির্দেশনা অনুযায়ী উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট এর জীপ গাড়ী নং- সিলেট-ঘ-১১-০২৩১ এর যন্ত্রপাতি ক্রয় ও মেরামতের জন্য স্থানীয় সরকার বিভাগের পূর্বানুমতি গ্রহণের লক্ষ্যে সংশ্লিষ্ট কাগজাত সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্রের আলোকে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা'র স্মারক নং- ৪৬.০০.০০০০.০৪৬.১৮.২৩৫.১৪.১৫০, তারিখ ০৪ ০৭/০৩/২০২২ মূলে প্রস্তাবিত যন্ত্রাংশ যথাক্রমে: ১। জীপ গাড়িটির ইঞ্জিন অভার হোলিং (প্রয়োজনীয় যন্ত্রাংশসহ), ২। টায়ার (ডানলপ), ৩। ফুয়েল ফিল্টার, ৪। এয়ার ফিল্টার, ৫। মবিল ফিল্টার, ৬। শক অবজারভার, ৭। প্রেসার প্লেট, ৮। ক্লাচ প্লেট, ৯। রিলিজ বিয়ারিং, ১০। স্প্রিং মেইন লিফ-, ১১। পিষ্টন ও রিং , ১২। ইঞ্জিন বেল্ট , ১৩। রোকার , ১৪। আংশিক ডেন্টিং ও সম্পূর্ণ পেইন্টিং উপজেলা রাজস্ব তহবিলের অর্থ থেকে ৩,৩৪,৩০০/- (তিন লক্ষ চৌত্রিশ হাজার তিনশত) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে ক্রয়পূর্বক স্থাপনের প্রশাসনিক অনুমোদন পওয়া যায়। এমতাবস্থায়, উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট এর জীপ গাড়ী নং-সিলেট-ঘ-১১-০২৩১ এর যন্ত্রপাতি ক্রয় ও মেরামতের পরবর্তী কার্যক্রম গ্রহণের বিষয়ে সভায় প্রস্তাবনা উপস্থাপন করেন। | ০৭/০৩/২০২২ মূলে প্রাপ্ত নির্দেশনা অনুসরণ পূর্বক উপজেলা দরপত্র মুল্যায়ন কমিটি কর্তৃক সর্বনিম্ন দরদাতা মেসার্স রিপন অটোমোবাইল, কলেজ রোড (বালিকা স্কুলের সামনে) বিয়ানীবাজার সিলেট বরাবর কার্যাদেশ প্রদান করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। পাশাপাশি জীপ গাড়ী নং সিলেট-ঘ-১১-০২৩১ এর যন্ত্রপাতি ক্রয় ও মেরামত কাজ সম্পাদন পূর্বক ৩,৩৪,৩০০/- (তিন লক্ষ চৌত্রিশ হাজার তিনশত) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে উপজেলা রাজস্ব তহবিল থেকে ব্যয় নির্বাহের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | ০৫। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের পুরাতন হলরুমে দীর্ঘদিন টিকা কার্যক্রম চলমান রাখায় অনেকগুলো চেয়ার নষ্ট হয়ে গেছে। তাছাড়া পর্যাপ্ত সংখ্যক চেয়ার না থাকায় মাসিক সমন্বয় সভা ও অন্যান্য সভার কার্যক্রম চালিয়ে যাওয়া সম্ভব হচ্ছে না। | ০৫। এ ব্যাপারে বিশদ আলোচনা হয় আনুমানিক ৪৫-৫০ টি ভিজিটর চেয়ার উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে দ্রুততম সময়ে RFQ প্রক্রিয়ায় ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নের জন্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার ভিতরে ব্যয় সীমাবদ্ধ রেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | ০৬। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের পুরাতন হলরুমের সবগুলো স্পিকার নষ্ট হয়ে যাওয়ায় মাসিক সমন্বয় সভা ও অন্যান্য সভার কার্যক্রম চালিয়ে যাওয়া সম্ভব হচ্ছে না। কনফারেন্স রুমের জন্য নতুন স্পিকার ক্রয় করার প্রয়োজনীয়তা রয়েছে। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী জানান যে, উক্ত স্পিকার ক্রয় বাবদ আনুমানিক ১,৫০,০০০/- (এক লক্ষ | ০৬। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে দ্রুততম সময়ে RFQ প্রক্রিয়ায় উপজেলা পরিষদের নতুন প্রশানিক ভবন এবং কনফারেন্স রুমের স্পিকার ক্রয় বাবদ ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে ক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত ফার্নিচার ক্রয় কাজটি | |

| | | | |
|---|---|---|---|
| | | পঞ্চাশ হাজার) টাকা ব্যয় হতে পারে। বিষয়টি পরিষদ সভায় উপস্থাপন করা হয়। | আরএফকিউ পদ্ধতিতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | | ০৭। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, অনেকদিন যাবৎ উপজেলা পরিষদ হল রুমে রং করা হয় না। । এ বিষয়ে উপজেলা প্রকৌশলী জানান যে, উক্ত হল রুমের রং করা বাবদ আনুমানিক প্রায় ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা ব্যয় হতে পারে মর্মে সভায় উপস্থাপন করেন। উল্লেখিত কাজটি দ্রুত সম্পাদনের লক্ষে তিনি প্রস্তবনা উপস্থাপন করেন। | ০৭। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের হল রুমে রং করণ কাজটি ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে অনুমোদিত। উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ৫(ক) অনুচ্ছেদ এর আলোকে উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহ পূর্বক বাস্তবায়নের জন্য অনুমোদন দেওয়া হয়। |
| | | ০৮। চেয়ারম্যান, মুন্নাপুর ইউপি সভায় জানান যে, তাহার ইউপির আওতাধীন দামা নিদনপুর গ্রামীন রাস্তা পাঁকাকরণ, মাটিকাটা গ্রামীন পাঁকা রাস্তা কার্পেটিং, মোল্লাগ্রাম গ্রামীন পাঁকা রাস্তা কার্পেটিং এবং ইউনিয়ন অফিস হইতে কালিবাড়ী রাস্তা পর্যন্ত সকল রাস্তা কার্পেটিং করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় প্রস্তাবনা পেশ করেন। | ০৮। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে উল্লেখিত সকল রাস্তাগুলো সরেজমিন পরিদর্শন পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। |
| | | ০৯। উপজেলা প্রকৌশলী অদ্যকার সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবনের পানির লাইন মেরামত করার প্রয়োজন দেখা দেয়। ইহা জরুরী ভিত্তিতে মেরামত করা আবশ্যক হওয়াতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জনাব মোঃ শাহাবুল ইসলাম, কার্যসহকারী, এলজিইডি কর্তৃক পানির লাইন মেরামত কাজ সম্পন্ন করেন। উক্ত মেরামত কাজের মজুরী ও খুচরা সরঞ্জাম ক্রয় বাবদ ১৬,৫০০/- (ষোল হাজার পাঁচশত) টাকার বিল চাহিয়া চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিয়ানীবাজার বরাবর একখানা আবেদন দাখিল করেন। তাহার আবেদনখানা সভায় উপস্থাপন করেন। | ০৯। এ ব্যাপারে আলোচনান্তে, উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবনের পানির লাইন মেরামতকরণ কাজের বিল বাবদ ১৬,৫০০/- (ষোল হাজার পাঁচশত) টাকা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং বিলটি উপজেলা রক্ষণাবেক্ষণ তহবিল হতে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | | ১০। উপজেলা প্রকৌশলী অদ্যকার সভায় জানান যে, উপজেলা পরিষদের পুরাতন অফিস ভবনের পানির মটর মেরামত করার প্রয়োজন দেখা দেয়। ইহা জরুরী ভিত্তিতে মেরামত করা আবশ্যক হওয়াতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জনাব মোঃ শাহাবুল ইসলাম, কার্যসহকারী, এলজিইডি কর্তৃক পানির মটর মেরামত কাজ সম্পন্ন করেন। উক্ত মেরামত কাজের মজুরী ও খুচরা সরঞ্জাম ক্রয় বাবদ ৩০০০/- (তিন হাজার) টাকার বিল চাহিয়া চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিয়ানীবাজার বরাবর একখানা আবেদন দাখিল করেন। তাহার আবেদনখানা সভায় উপস্থাপন করেন। | ১০। এ ব্যাপারে আলোচনান্তে, উপজেলা পরিষদের পুরাতন অফিস ভবনের পানির মটর মেরামতকরণ কাজের বিল বাবদ ৩০০০/- (তিন হাজার) টাকা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং বিলটি উপজেলা রক্ষণাবেক্ষণ তহবিল হতে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | | ১১। উপজেলা প্রকৌশলী অদ্যকার সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে নিয়োজিত আনসারদের বাসভবনে সিলিং ফ্যান মেরামত করার প্রয়োজন দেখা দিলে কর্তৃপক্ষের নির্দেশক্রমে পি সি মোঃ আব্দুল্লাহ , ক্যাম্প ইনচার্জ সিলিং ফ্যান মেরামত কাজ সম্পন্ন করেন। উক্ত মেরামত কাজের বিল বাবদ ১১০০/- (এক হাজার একশত) টাকার বিল চাহিয়া উপজেলা নির্বাহী অফিসার বরাবরে একখানা আবেদন দাখিল করেন। তাহার আবেদনখানা সভায় উপস্থাপন করেন। | ১১। এ ব্যাপারে আলোচনান্তে, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে নিয়োজিত আনসারদের বাসভবনে সিলিং ফ্যান মেরামতকরণ কাজের বিল বাবদ ১১০০/- (এক হাজার একশত) টাকা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং বিলটি উপজেলা রক্ষণাবেক্ষণ তহবিল হতে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | | ১২। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, স্কুলের ছাত্র/ছাত্রীদের করোনা ভাইরাস প্রতিরোধী টিকা প্রদানের জন্য এসি রুমের প্রয়োজন হয়। বিয়ানীবাজার উপজেলার | ১২। এ ব্যাপারে বিশদ আলোচনা হয় উপস্থিত সকলেই একমত পোষণ করেন। তাছাড়া রাজস্ব তহবিল নির্দেশিকার ৩(ঘ) অনুচ্ছেদ মোতাবেক এসি স্থাপনের জন্য ৮১,১৬৫/- (একাশি হাজার |

| | | | |
|---|---|---|---|
| | স্কুল, কলেজ, মাদ্রাসাসহ প্রায় ৩০ হাজার ছাত্র/ছাত্রীর টিকা কার্যক্রম তাৎক্ষনিকভাবে পরিচালনার নিমিত্ত উপজেলা পরিষদ হলরুমে এসি স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী জানান যে, উক্ত হল রুমের এসি স্থাপন বাবদ অনুমানিক প্রায় ৮১,১৬৫/- (একাশি হাজার একশত পয়ষট্টি) টাকা ব্যয় হতে পারে মর্মে সভায় উপস্থাপন করেন। উল্লেখিত কাজটি দ্রুত সম্পাদনের লক্ষে তিনি প্রস্তবনা উপস্থাপন করেন। | একশত পয়ষট্টি) টাকার ভিতরে ব্যয় সীমাবদ্ধ রেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৭/০৪/২২
(আবুল কাশেম পল্লব)
চেয়ারম্যান
বিয়ানীবাজার উপজেলা পরিষদ
বিয়ানীবাজার, সিলেট।

স্মারক নম্বর : ০৫.৪৬.৯১১৭.০০০.০৬.০০৯.২২-
তারিখ : ০৭/০৪/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো।

০১। মাননীয় সংসদ সদস্য, সিলেট-৬ (বিয়ানীবাজার-গোলাপগঞ্জ)।
০২। সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, সিলেট।
০৫। পুলিশ সুপার, সিলেট।
০৬। চেয়ারম্যান, বিয়ানীবাজার উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট।
০৭। মেয়র, বিয়ানীবাজার পৌরসভা বিয়ানীবাজার, সিলেট।
০৮। নির্বাহী প্রকৌশলী / সহকারী প্রকৌশলী,.....................................................................সিলেট।
০৯-১৩। জেলা ................................................................. কর্মকর্তা, সিলেট।
১৪। সহকারী কমিশনার (ভূমি) বিয়ানীবাজার, সিলেট।
১৫। ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বিয়ানীবাজার,সিলেট।
১৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট।
১৭-৪০। উপজেলা ................................................................. কর্মকর্তা (সকল), বিয়ানীবাজার, সিলেট।
৪১। অফিসার ইনচার্জ, বিয়ানীবাজার থানা, বিয়ানীবাজার , সিলেট।
৪২-৫২। চেয়ারম্যান ,.....................................................................................ইউপি ( সকল ), বিয়ানীবাজার, সিলেট।
৫৩। সভাপতি, প্রেসক্লাব, বিয়ানীবাজার , সিলেট।
৫৪। জনাব .....................................................................................বিয়ানীবাজার, সিলেট।

(মোঃ আশিক নূর)
উপজেলা নির্বাহী অফিসার
বিয়ানীবাজার, সিলেট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিয়ানীবাজার, সিলেট

## উপজেলা পরিষদের ফেব্রুয়ারি-২০২২ মাসের সভার কার্যবিবরণী :

সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন
তারিখ : ১০/০২/২০২২
সময় : সকাল- ১০.০০ ঘটিকা
সভাপতি : জনাব আবুল কাশেম পল্লব, চেয়ারম্যান, বিয়ানীবাজার উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট

সভায় উপস্থিত সদস্যদের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বিয়ানীবাজার উপজেলা পরিষদের ফেব্রুয়ারি-২০২২ মাসের সমন্বয় সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরন করা। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নোক্তভাবে সভার কার্যক্রম পরিচালনা করা হয় এবং সর্বসম্মত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

২। আলোচনা ও সিদ্ধান্তসমূহ :

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান তার বিভাগের চলমান কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাছাড়া উপস্থিত ইউপি চেয়ারম্যানগণ তার বিভাগের উন্নয়নমূলক কার্যক্রমে তালিকা প্রাপ্তির জন্য সভায় অনুরোধ করেন। | বর্ষা মৌসুমের পূর্বে বাস্তবায়াধীন প্রকল্পের কাজ সম্পন্ন করতে হবে। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের কে উন্নয়নমূলক প্রকল্পের তালিকা প্রদান করতে হবে। | উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল |
| ০২ | শিক্ষা বিভাগ | প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, প্রাক প্রাথমিক থেকে শুরু করে পঞ্চম শ্রেণি পর্যন্ত বই বিতরণ শতভাগ সম্পন্ন হয়েছে। তাছাড়া সরকারের নির্দেশনা মোতাবেক স্কুলে সরাসরি পাঠ দান বন্ধ রয়েছে। পরবর্তী নির্দেশনা মোতাবেক ব্যবস্থা গ্রহন করতে হবে। | উপজেলা শিক্ষা বিভাগের কার্যক্রমের উপর উপস্থিত সদস্যবৃন্দ সন্তোষ প্রকাশ করেন। | উপজেলা শিক্ষা অফিসার/ সংশ্লিষ্ট সকল |
| ০৩ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, মাধ্যমিক পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ (স্কুল,কলেজ,মাদ্রাসা) পর্যায়ে ২৬,১১২ জন শিক্ষার্থীদের কোভিড ভ্যাকসিন দেয়া হয়েছে। যে সব শিক্ষার্থী প্রথম ডোজ টিকা গ্রহণ করতে পারেনি তাদের সংখ্যা অনুমানিক ৩০০০ জন। তাদেরকে ২য় ডোজ টিকা দেওয়ার সময় প্রথম ডোজ টিকা দেওয়ার সুযোগ দেওয়া হবে।<br>প্রতিষ্ঠানসমূহের পাঠদান ২১ শে ফেব্রুয়ারি পর্যন্ত বন্ধ রয়েছে। তবে অনলাইন ক্লাস ও এ্যাসাইন্সেন্ট কার্যক্রম চলমান রয়েছে। | মন্ত্রণালয়ের সিদ্ধান্তের আলোকে স্কুল খোলার পূর্ব প্রস্তুতি গ্রহণ করতে হবে। এ্যাসাইনমেন্ট মূল্যায়ন ও অনলাইনে পাঠদানকার্যক্রম জোরদার করতে হবে এবং শিক্ষার্থীদের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, |
| ০৪ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, সরকার ২৬ ফেব্রুয়ারি, ২০২২ এর মধ্যে ১ কোটি মানুষকে করোনা ভাইরাস প্রতিরোধী টিকা প্রদান করা হবে। সে লক্ষ্যে বিয়ানীবাজারে প্রায় ৫৫ হাজার মানুষকে টিকা প্রদান করতে হবে। সে লক্ষ্যে ইউপি চেয়ারম্যান, মেম্বার, বিভিন্ন সংস্থা ওয়ার্ড ও ইউনিয়ন আওয়ামীলীগের সদস্যদের সার্বিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হয়। প্রতিদিন কী পরিমান লোককে টিকা প্রদান করা হয়েছে তার তথ্যাদি প্রদানের জন্য অনুরোধ করা হয়। তাছাড়া এ কার্যক্রমে প্রচার প্রচারনা চালাতে হবে। মসজিদের মাইকে বলতে হবে এবং মাইকিং করানোর জন্য চেয়ারম্যানদের অনুরোধ জানানো হয়।<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা,উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জানুয়ারি-২০২২ মাসের অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। তা পর্যালোচনাক্রমে সভায় সন্তুষ প্রকাশ করা হয়। | উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে স্বাস্থ্য সেবার মান নিশ্চিত করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।<br>করোনা টিকা নেয়ার কার্যক্রম বৃদ্ধি করার লক্ষ্যে প্রচার প্রচারণা বৃদ্ধি করতে হবে।<br>সিভিল সার্জন কার্যালয়ের পরিপত্র অনুযায়ী সকল নীতিমালা অনুসরন করার জন্য সভায় গুরুত্বআরোপ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, বিয়ানীবাজার ও সংশ্লিষ্ট সকল। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ১। EOC কার্যক্রম জানুয়ারি/২০২২ মাসে ডেলিভারী ভর্তি- ২৩৮ জন, ডেলিভারী হয়েছে ১৫১ জন, সিজারিয়ান- ০৮, মাসিক গড় ডেলিভারী- ১৫১ টি, ANC - ৩২৫ টি, PNC- ১৬৫ টি।<br>২। রোগী : জানুয়ারি /২০২২ মাসে বহির্বিভাগে রোগী- ৮৩৫৯ জন, অন্তঃবিভাগে- ৫০৮ জন, জরুরী বিভাগে- ১৫২৬ জন।<br>৩। কমিউনিটি ক্লিনিক জানুয়ারি /২০২২ মাসে কমিউনিটি ক্লিনিকে মোট রোগী দেখা হয়েছে ১৭৩৩২ জন<br>৪। ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রে : জানুয়ারি /২০২২ মাসে রোগী ৭২৩১ জন।<br>৫। মোবাইল সার্ভিসঃ বিয়ানীবাজার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে জরুরী স্বাস্থ্য পরামর্শে জন্য মোবাইল সার্ভিস চালু করা হয়েছে।<br>মোবাইল নং-০১৭৩০-৩২৪৭৫০;<br>৬। ইপিআই কভারেজ জানুয়ারি /২০২২ মাসে ১০০%<br>৭। বেড অকুপেন্সী জানুয়ারি /২০২২ মাসে ৭০.৭১% | | |
| ০৫ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। জানুয়ারি,২০২২ মাসের যুব উন্নয়ন অধিদপ্তর, বিয়ানীবাজার, সিলেটের কার্যক্রম :<br>দুটি ব্যাচ ৩০ জন করে (৩০+৩০) = ৬০ জন মহিলা প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। আরও দুটি ব্যাচ ৩০ জন করে (৩০+৩০) = ৬০ জন প্রশিক্ষণের অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। | এ বিষয়ে সভায় আলোচনান্তে যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম আরও গতিশীল করার ব্যাপারে সভায় গুরুত্ব আরোপ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, বিয়ানীবাজার, সিলেট। |
| ০৬ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বিয়ানীবাজার সভায় জানান যে, দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতাঃ মাতৃত্বকাল ভাতা কার্যক্রমের আওতায় অনলাইনে ডাটা এন্ট্রির কাজ সম্পূর্ণ হয়েছে।<br>প্রশিক্ষণঃ WTC প্রশিক্ষণ কার্যক্রমের আওতায় জানুয়ারি/২২--মার্চ/২২ মাস পর্যন্ত ৩০ জনের সেলাই প্রশিক্ষনার্থীর প্রশিক্ষণ চলমান।<br>বিউটিফিকেশন ও ফ্যাশন ডিজাইন এ ২৫ জন করে মোট ৫০ জনের জানুয়ারি/২২-মার্চ/২২ মেয়াদে প্রশিক্ষণ চলমান রয়েছে।<br><br>এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | উপজেলা মহিলা বিষয়ক বিভাগের চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ০৭ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভাকে জানান যে, রবি/২০২১-২১ অর্থবছরে অত্র উপজেলায় বোরো ধান আবাদ সম্পন্ন হয়েছে ৬২৫০ হেক্টর। বোরো আবাদ সন্তোষজনক ও রোগ পোকা মাকড়ের আক্রমণ নেই। এছাড়া রবি শস্য (সরিষা, ফরাস) সহ অন্যান্য ফসল উত্তোলন ও কর্তন চলমান। | রবি শস্য দ্রুত কর্তনের ব্যাপারে মাঠ পর্যায়ে কর্মরত এসএএওদের কৃষককে প্রয়োজনীয় পরামর্শ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রশাসন/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/ ইউপি চেয়ারম্যান/ এসএএও (সকল) |
| | | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, রবি/২০২০-২১ মৌসুমে অত্র উপজেলায় ফসল ভিত্তিক ১ম ও ২য় বরাদ্দে মোট ১৬১০ জন (উফশী-৮০০ ও রবি প্রনোদনা- | প্রণোদনা কর্মসূচি সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সকলের সহযোগিতা কামনা করা হয়। | উপজেলা প্রশাসন/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/ ইউপি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৮১০) ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার সহায়তা প্রদানের লক্ষ্যে প্রণোদনা কর্মসূচি বিতরণ সম্পন্ন করা হয়েছে। ২০২১-২২ অর্থবছরে রবি/২০২১-২২ মৌসুমে বোরোধানের হাইব্রিড জাতের বীজ ব্যবহারের মাধ্যমে উৎপাদন বৃদ্ধির জন্য কৃষকদের মাঝে বিনা মূল্যে বীজ সহায়তা কর্মসূচী বাস্তবায়নের নিমিত্তে ক্ষুদ্র, প্রান্তিক, মাঝারি ও বড় ৩৫৪০ জন কৃষকদের মাঝে ০২ কেজি হাইব্রিড বীজ সহায়তা হিসাবে সর্বমোট ৭০৮০ কেজি হাইব্রিড বীজ বিতরণ সম্পন্ন হয়েছে । উক্ত সরকারি সহযোগিতায় বিতরণকৃত ফসল মাঠে রোপন কার্যক্রম শেষ হয়েছে। | | চেয়ারম্যান/ এসএএও (সকল) বিয়ানীবাজার, সিলেট |
| | | উপজেলা কৃষি অফিসার সভাকে আরও জানান যে, অত্র উপজেলায় বিভিন্ন প্রকার রাসায়নিক সার ও বীজের পর্যাপ্ত মজুদ রয়েছে। বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে। | অত্র উপজেলায় যাতে কোন প্রকার রাসায়নিক সার ও বীজের সংকট না হয় সে ব্যাপারে উপজেলা কৃষি অফিসার সহ সংশ্লিষ্ট সকলকে সজাগ দৃষ্টি রাখার ব্যাপারে পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি ও সংশ্লিষ্ট (সকল) বিয়ানীবাজার, সিলেট |
| ০৮ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় তাঁর বিভাগের কার্যপত্র উপস্থাপন করেন। তিনি জানান যে, বিয়ানীবাজার পৌরসভায় কোভিড-১৯ সংক্রমের কারণে নিম্ন আয়ের মানুষের খাদ্য সহায়তা প্রদানে বিয়ানীবাজার পৌরসভায় ০৪ (চার) জন ওএমএস ডিলারদের মাধ্যমে শুক্রবার ব্যাতিত সপ্তাহে ০৬ (ছয়) দিন প্রতি ডিলার ০১ মেঃটন চাল ও ০১ মঃ টন করে আটা বিক্রয় কর্যক্রম চলমান রয়েছে। একজন ভোক্তা প্রতিদিন প্রতিকেজি চাল ৩০/- টাকা এবং প্রতি কেজি আটা ১৮/- টাকা দরে সর্বোচ্চ ০৫ (পাঁচ) কেজি করে ক্রয় করছেন । আমন সংগ্রহ চলমান রয়েছে এবং এ সংগ্রহ কার্যক্রম আগামী ২৮-০২-২০২২ পর্যন্ত চলমান থাকবে।<br>খাদ্য শস্য লক্ষ্য মাত্রার বিপরীতে কতটুকু অর্জন তার তথ্য নিম্নরূপ | উপজেলা খাদ্য বিভাগের কার্যক্রম যথাযথ নির্দেশনা অনুযায়ী চলমান রাখার বিষয়ে গুরোত্ব আরোপ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট সকল। |

| পন্য | লক্ষ্য মাত্রা | অর্জন |
|---|---|---|
| বোরো ধান | ৮৬০ মেঃ টন | ৮৬০ মেঃ টন |
| চাল | ২১১ মেঃ টন | ২১১ মেঃ টন |
| আমন ধান | ৪৮৩ মেঃ টন | ৭৫ মেঃ টন |
| চাল | ১৪ মেঃ টন | ১৪ মেঃ টন |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ অর্থবছরে বয়স্ক, বিধবা ও স্বামী পরিত্যাক্ত ভাতা ও অসচ্ছল প্রতিবন্ধী ভাতা ধাপে ধাপে সকল ভাতা ভোগীদের নগদ একাউন্ট নাম্বারে চলে আসবে। আইবাসের সমস্যার কারণে সবাইকে একসাথে দেওয়া সম্ভব হচ্ছে না। এছাড়া সকল ইউপি চেয়ারম্যানগনের মাধ্যমে মৃত মুক্তিযোদ্ধা ভাতার জন্য উত্তরাধিকারী সনদ পত্র দেওয়ার ক্ষেত্রে সবকিছু যাচাই বাছাই করে প্রত্যয়ন দেওয়ার জন্য সম্মানিত চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | বিভিন্ন ভাতা ভোগীগণের সমস্যা দ্রুত সমাধান করতে হবে। উত্তরাধিকারী সনদ প্রদানের ক্ষেত্রে আরো সতর্ক হতে হবে। | চেয়ারম্যান (সকল) ইউপি/ উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিয়ানীবাজার। |
| ১০ | পৌরসভা | মেয়র, বিয়ানীবাজার পৌরসভা সভায় অনুপস্থিত। | মেয়র, বিয়ানীবাজার পৌরসভা বা তাঁর প্রতিনিধি সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | মেয়র, বিয়ানীবাজার পৌরসভা |
| ১১ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানানা যে, মৎস্য বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। অত্র অর্থ | উপজেলা মৎস্য বিভাগের কার্যক্রম গতিশীল রাখার বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়। প্রশিক্ষণ | উপজেলা মৎস্য কর্মকর্তা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বছরে APA এর আওতায় এ পর্যন্ত ১৩০জন চাষীকে কারিগরি পরামর্শ প্রদান করা হয়েছে।এবং ৪০জন চাষীকে আধুনিক পদ্ধতিতে মাছ চাষের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়। মুজিব বর্ষ উপলক্ষে প্রতি মাসে ১টি করে মোট ৬ টি বিশেষ পরামর্শ দিবসের আয়োজন করা হয়। মৎস্য চাষী ও মৎস্যজীবীদের সাথে মোট ৪টি সচেতনতামূলক সভার আয়োজন করা হয়। তাছাড়া জলাশয় শুকিকে যেন কোন ইজারা প্রাপ্ত সমিতি মাছ আহরণ না করে সে বিষয়ে সভায় অনুরোধ জানানো হয় এবং সকলের সহযোগিতা কামনা করা হয়। | কার্যক্রম আরো জোরদার করতে হবে। | |
| ১২ | প্রানিসম্পদ বিভাগ | উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, আগামী ১৬ ই ফেব্রুয়ারি "প্রানিসম্পদ প্রদর্শনী /২০২২" অনুষ্ঠিত হবে। "প্রানিসম্পদ প্রদর্শনী /২০২২" উপলক্ষ্যে বিয়ানীবাজার উপজেলার পিএইচজি হাই স্কুল মাঠে ৩০ টি স্টল দিয়ে মেলার আয়োজন করা হবে তিনি আরও বলেন যে, এ প্রদর্শণীর লক্ষ্য প্রানিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্পের সামগ্রিক লক্ষ্য হলো প্রানিসম্পদের উৎপাদন বৃদ্ধি, দুগ্ধজাত পণ্যের বাজার সৃষ্টি, ক্ষুদ্র খামারী ও উদ্যোক্তাদের প্রতিকূল পরিবেশ মোকাবেলার সক্ষমতা সৃষ্টি, জনসাধারণকে উন্নত জাতের পশু ও হাঁস মুরগী প্রদর্শন করা, বিজ্ঞান ভিত্তিক লালন-পালন কৌশল অবহিত করা, উন্নত জাতের পশু-পাখি পালনের আধুনিক ব্যবস্থাপনা বিষয়ে পরামর্শ প্রদান করা এবং সর্বোপরি জনসাধারণের জন্য নিরাপদ প্রাণীজ আমিষ সরবরাহ নিশ্চত করা। | "প্রানিসম্পদ প্রদর্শণী /২০২২ " যথাযথ ভাবে উদযাপনের বিষয়ে সকলেই সার্বিক সহযোগীতা প্রদান করবে। প্রশিক্ষণসহ অন্যান্য কার্যক্রম দ্রুত সম্পাদন করতে হবে। | উপজেলা প্রানি সম্পদ কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল |
| ১৩ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা তাঁর বিভাগের কার্যপত্র সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা সমবায় বিভাগের চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা সমবায় অফিসার, বিয়ানীবাজার, |
| ১৪ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী তাঁর বিভাগের কার্যপত্র সভায় উপস্থাপন করেন। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ, বিয়ানীবাজার |
| ১৫ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় অনুপস্থিত। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার বা তার প্রতিনিধি সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিয়ানীবাজার |
| ১৬ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, টিআর/কাবিখা প্রকল্প গত মাসের ৩১ তারিখ পর্যন্ত মেয়াদ ছিলো। কিন্তু বর্তমানে কোন পরিপত্র না থাকায় তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>চারখাই ইউনিয়নের শিকারপুর গ্রামে আশ্রয়ন প্রকল্পে এখনো বৈদ্যুতিক সংযোগ মিটার স্থাপন করা হয়নি তাই সভায় বৈদ্যুতিক সংযোগ মিটার স্থাপন দ্রুত দেওয়ার জন্য গুরুত্ব আরোপ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগের চলমান প্রকল্প গুলোর কাজের গুনগতমান বজায় হচ্ছে কিনা তা সঠিকভাবে মনিটরিং ও পরিদর্শন করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১৭ | বন বিভাগ | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন কেন্দ্র কর্মকর্তা তাঁর বিভাগের কার্যপত্র সভায় উপস্থাপন করেন। | উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্রের চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়। | বন বিভাগ, সিলেট। |
| ১৮ | উপজেলা দারিদ্র্য বিমোচন কার্যালয় | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা সভাকে জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তিনি জানুয়ারি-২০২২ মাস পর্যন্ত কার্যপত্র সভায় উপস্থাপন করেন।<br>১। মোট সদস্য সংখ্যা= ৯৪৫ জন। | দারিদ্র্য বিমোচন কার্যলয়ের কার্যক্রমের মাধ্যমে অত্র উপজেলার অবহেলিত দারিদ্র্য জনগোষ্ঠিকে তাহার দপ্তরের সংশ্লিষ্ট সেবা যথাযথভাবে প্রদানের জন্য গুরুত্ব আরোপ করা হয়। | উপজেলা দারিদ্র্য বিমোচন অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ২। যুব ঋণ =১০.২৫ লক্ষ<br>৩। সেলপ = ৫৬.০০ লক্ষ<br>৪। নারী = ৪২.০০ লক্ষ<br>৫। প্রনোদনা = ১৪.৫০ লক্ষ<br>আদায়ের হার :-<br>সেলপ= ৯৮%<br>যুব = ৮৫%<br>নারী = ৯৮%<br>প্রনোদনা = ১০০ % | | |
| ১৯ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।<br>২০২১-২০২২ অর্থ বছরে<br>ঋণ বিতরণ- ১০,০০০০০/- টাকা<br>ঋণ আদায়- ২,৫০,০০০/- টাকা<br>সঞ্চয় আদায়- ৩০,০০০/- টাকা | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিয়ানীবাজার |
| ২০ | পল্লী বিদ্যুৎ সমিতি | ভূমিহীন ও গৃহহীনদের পুনর্বাসনের জন্য কার্যক্রম চলমান রয়েছে। নির্মাণ কাজ সম্পন্ন হলে বৈদ্যুতিক সংযোগ প্রদান করতে হবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ডিজিএমকে অনুরোধ করা হয়। | নির্মাণ কাজ সম্পন্ন হলে বৈদ্যুতিক সংযোগ শতভাগ নিশ্চিত করতে হবে বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম, বিয়ানীবাজার জোনাল অফিস, পল্লী বিদ্যুৎ সমিতি- |
| ২১ | পল্লী সঞ্চয় ব্যাংক | আমার বাড়ী আমার খামার প্রকল্পের সমন্বয়কারীর প্রতিনিধি সভায় জানান যে, তাঁর বিভাগ কর্তৃক বিভিন্ন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর বিভাগের ডিসেম্বর ২০২১ মাসের কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি নিম্নরূপঃ-<br>০১. ঋণ আদায় হয়েছে : ৩৯৫৪০০০/- টাকা<br>০২. ঋণ বিতরণ হয়েছে : ৬০০৫০০০/- টাকা<br>০৩. সঞ্চয় আদায় : ৫,৭৮,৯৬১/- টাকা | (ক) আমার বাড়ী আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক এর কার্যক্রম আরোও জোরদার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) ব্যাংকিং কার্যক্রমের অগ্রগতির উপর হালনাগাদ তথ্যাদি আগামী সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার |
| ২২ | বিবিধ | ০১। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২২ উপলক্ষ্যে উপজেলা প্রশাসন কর্তৃক বিস্তর কর্মসূচী গ্রহণ করা হয়েছে। উক্ত দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের নিমিত্ত সকলের উপস্থিতি ও সহযোগিতা কামনা করেন।<br>০২। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, মুজিববর্ষ উপলক্ষে প্রকৃত ভূমিহীন ও গৃহহীন পরিবার নির্বাচন করে জমি ও গৃহ প্রদান করা হবে। এক্ষেত্রে ভিক্ষুক, প্রতিবন্ধী, বিধবা, স্বামী পরিত্যক্তা, ষাটোর্ধ প্রবীন ব্যক্তিগণকে অগ্রাধিকার দেওয়া হবে। একইসাথে উপকারভোগী নির্বাচনে সর্বোচ্চ সততা ও নৈতিকতা বজায় রাখতে হবে। তাছাড়া উক্ত উপজেলাকে ভূমিহীন মুক্ত ঘোষনা করার জন্য প্রতিটি ইউনিয়ন পরিষদ থেকে ভূমিহীন ও গৃহহীনদের তালিকা দ্রুত পাঠানোর জন্য অনুরোধ করা হয়।<br>০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিয়ানীবাজার সভায় জানান যে, বিয়ানীবাজার উপজেলার অভ্যন্তরে ছোটবড় অনেক খাল রয়েছে। এরমধ্যে উল্লেখযোগ্য হলো সুনাখাল ও মুড়িয়া হাওর। তাছাড়া আশপাশ হাওরের খেতের ফসলী জমি পানিতে তলিয়ে যায়। এ বিষয়ে সম্মানিত ইউপি চেয়ারম্যানগণও সহমত পোষণ করেন। মোল্লাপুর, মুড়িয়া, তিলপাড়া, মাথিউরা এবং কুড়ারবাজার ইউনিয়নের হাওর এলাকার পানি সুনা নদী দিয়ে প্রবাহিত হয়ে থাকে। এই সুনাখালের উপরও একাধিক বাঁধ স্থাপন করে মাছ আহরণ করছে। ফলে বর্ণিত ইউনিয়ন গুলোর হাওরের ফসলী জমিতে চাষাবাদ হচ্ছেনা। এতে কৃষকগণের ব্যাপক ক্ষতি সাধিত হচ্ছে। এ বিষয়ে সভার সকলের দৃষ্টি আকর্ষণ করেন।<br>০৪। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, মিসেস | ০১। শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২২ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>০২। প্রতিটি ইউনিয়ন পরিষদ হতে ভূমিহীন ও গৃহহীন পরিবারের তালিকা দ্রুত পাঠাতে হবে।<br>০৩। সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে বিয়ানীবাজার উপজেলাধীন সকল খালের উপর নির্মিত অবৈধ বাঁধ উচ্ছেদ করণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। পাশাপাশি মোল্লাপুর, মুড়িয়া, তিলপাড়া, মাথিউরা এবং কুড়ারবাজারের ইউপি চেয়ারম্যানগণ সভার রেজুলেশন উপজেলা পরিষদ কার্যালয়ে জমা দেওয়ার জন্য অনুরোধ করা হয়।<br>০৪। সভায় আলোচনান্তে মিসেস রোকসানা বেগম, | |

| | | | |
|---|---|---|---|
| | | রোকসানা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট এর জুন, ২০২১ থেকে অক্টোবর, ২০২১ পর্যন্ত সময়ের ভ্রমন ভাতা বিল বাবদ সর্বমোট ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার ) টাকার ভ্রমণ ব্যয় উপজেলা রাজস্ব তহবিল থেকে পরিশোধের নিমিত্ত অনুমোদনের জন্য উপস্থাপন করেন। | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট এর জুন, ২০২১ থেকে অক্টোবর, ২০২১ পর্যন্ত সময়ের ভ্রমণ ভাতা বিল বাবদ সর্বমোট ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার ) টাকার ভ্রমণ ব্যয় উপজেলা রাজস্ব তহবিল থেকে পরিশোধের নিমত্ত অনুমোদন প্রদান করা হয়। |
| | | ০৫। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, জনাব মোহাম্মদ জামাল হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট এর জুন, ২০২১ থেকে অক্টোবর, ২০২১ পর্যন্ত সময়ের ভ্রমণ ভাতা বিল বাবদ সর্বমোট ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার ) টাকার ভ্রমণ ব্যয় উপজেলা রাজস্ব তহবিল থেকে পরিশোধের নিমিত্ত অনুমোদনের জন্য উপস্থাপন করেন। | ০৫। সভায় আলোচনান্তে জনাব মোহাম্মদ জামাল হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট এর জুন, ২০২১ থেকে অক্টোবর, ২০২১ পর্যন্ত সময়ের ভ্রমণ ভাতা বিল বাবদ সর্বমোট ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকার ভ্রমণ ব্যয় উপজেলা রাজস্ব তহবিল থেকে পরিশোধের নিমত্ত অনুমোদন প্রদান করা হয়। |
| | | ০৬। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বিয়ানীবাজার উপজেলা কমপ্লেক্স এর অভ্যন্তরে ঝোপ-ঝাড়, গাছের ডালপালা ও ড্রেণ পরিষ্কার করা প্রয়োজন। উক্ত কাজ বাস্তবায়নের লক্ষ্যে সভায় প্রস্তাবনা পেশ করেন। | ০৬। এব্যাপারে ব্যাপক আলোচনান্তে উপজেলা কমপ্লেক্স এর অভ্যন্তরে ঝোপ-ঝাড়, গাছের ডালপালা ও ড্রেণ পরিষ্কার পরিচ্ছন্ন কাজটি ২০,০০০/- (বিশ হাজার) টাকা ব্যয় সীমাবদ্ধ রেখে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত কাজের ব্যয়িত টাকা উপজেলা রাজস্ব তহবিল থেকে নির্বাহের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | | ০৭। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের নিরাপত্তার স্বার্থে উপজেলা পরিষদের অভ্যন্তরে স্থাপিত ক্লোজ সার্কিট ক্যামেরা গুলোর মধ্যে উপজেলা সমাজসেবা কার্যালয়ের সম্মুখের এবং উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবনের সম্মুখের ক্লোজ সার্কিট ক্যামেরাগুলো বৈদ্যুতিক গোলযোগের কারণে বিকল হয়ে যায়। উক্ত বিকল হয়ে যাওয়া ক্যামেরাগুলো তাৎক্ষনিক মেরামত কাজ করানোর প্রয়োজনীয়তা দেখা দিলে ক্লোজ সার্কিট ক্যামেরা সরবরাহকারী প্রতিষ্ঠান এস.আর.এন্টারপ্রাইজ, বিয়ানীবাজার, সিলেট এর মাধ্যমে মেরামত কাজ সম্পন্ন করা হয়। উক্ত মেরামত কাজের বিল বাবদ জনাব সাইফুল ইসলাম, প্রোপাইটার এসআরএন্টারপ্রাইজ, বিয়ানীবাজার, সিলেট কর্তৃক ২০,০০০/- (বিশ হাজার) টাকার বিল চেয়ে একখানা আবেদন দাখিল করেন। দাখিলকৃত বিলটি পরিশোধের নিমিত্ত সভায় উপস্থাপন করা হয়। | ০৭। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০১০ এর ৩(গ) অনুচ্ছেদ অনুযায়ী উপজেলা পরিষদের নিরাপত্তার স্বার্থে উপজেলা পরিষদের অভ্যন্তরে ক্লোজ সার্কিট ক্যামেরার মেরামত কাজের বিল বাবদ ২০,০০০/- (বিশ হাজার) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের ✗ সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮.২.২২

(আবুল কাশেম পল্লব)
চেয়ারম্যান
বিয়ানীবাজার উপজেলা পরিষদ
বিয়ানীবাজার, সিলেট।
তারিখ : ১০/০২/২০২২

স্মারক নম্বর : ০৫.৪৬.৯১১৭.০০০.০৬.০০৯.২২-
সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো।
০১। মাননীয় সংসদ সদস্য, সিলেট-৬ (বিয়ানীবাজার-গোলাপগঞ্জ)।
০২। সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, সিলেট।
০৫। পুলিশ সুপার, সিলেট।
০৬। চেয়ারম্যান, বিয়ানীবাজার উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট।

০৭। মেয়র, বিয়ানীবাজার পৌরসভা বিয়ানীবাজার, সিলেট।
০৮। নির্বাহী প্রকৌশলী / সহকারী প্রকৌশলী...............................................................সিলেট।
০৯-১৩। জেলা ..................................................................... কর্মকর্তা, সিলেট।
১৪। সহকারী কমিশনার (ভূমি) বিয়ানীবাজার, সিলেট ।
১৫। ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বিয়ানীবাজার,সিলেট।
১৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট।
১৭-৪০। উপজেলা ..................................................................... কর্মকর্তা (সকল), বিয়ানীবাজার, সিলেট।
৪১। অফিসার ইনচার্জ, বিয়ানীবাজার থানা, বিয়ানীবাজার , সিলেট।
৪২-৫২। চেয়ারম্যান ...............................................................................ইউপি ( সকল ), বিয়ানীবাজার, সিলেট।
৫৩। সভাপতি, প্রেসক্লাব, বিয়ানীবাজার , সিলেট ।
৫৪। জনাব ...............................................................................বিয়ানীবাজার, সিলেট।

২৩/২/২২
(মোঃ আশিক নূর)
উপজেলা নির্বাহী অফিসার
বিয়ানীবাজার, সিলেট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
বিয়ানীবাজার, সিলেট।

**বিষয় : উপজেলা পরিষদ সমন্বয় সভার (জানুয়ারি ২০২২) কার্যবিবরণী।**

সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন
তারিখ : ১৩/০১/২০২২ খ্রি.
সময় : সকাল ১০.০০ ঘটিকা
সভাপতি : জনাব আবুল কাশেম পল্লব, চেয়ারম্যান, বিয়ানীবাজার উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট।

সভায় উপস্থিত সদস্যদের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) পরিশিষ্ট "ক" তে সংযুক্ত করা হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বিয়ানীবাজার উপজেলা পরিষদের জানুয়ারি-২০২২ মাসের সমন্বয় সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নোক্তভাবে সভার কার্যক্রম পরিচালনা করা হয় এবং সর্বসম্মত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

**২। আলোচনা ও সিদ্ধান্তসমূহ :**

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশল বিভাগ | ০১। উপজেলা প্রকৌশলী সভায় তাঁর বিভাগের কার্যপত্র উপস্থাপন করেন। তিনি জানান যে, তাঁর বিভাগের কাজ স্বাভাবিকভাবে চলছে। এডিপি এর টেন্ডার প্রক্রিয়া ইতোমধ্যে শেষ হয়েছে। এই সপ্তাহে চুক্তিপত্র সম্পন্ন করে সংশ্লিষ্ট ঠিকাদারকে কার্যাদেশ প্রদান করা হবে। চলতি বছরের এডিপি প্রকল্পের কার্যক্রম যথাসময়ে সম্পাদিত হবে। | উপজেলা প্রকৌশল বিভাগের কার্যক্রমের উপর উপস্থিত সদস্যবৃন্দ সন্তোষ প্রকাশ করেন। উপজেলা প্রকৌশল বিভাগ কর্তৃক চলমান কার্যক্রম বর্ষা মৌসুম শুরু হওয়ার পূর্বেই সম্পন্ন করার লক্ষ্যে সভায় গুরুত্ব আরোপ করা হয়। | উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল |
| ০২ | শিক্ষা বিভাগ | প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, প্রাক প্রাথমিকের এক বিষয় ও প্রথম থেকে দ্বিতীয় শ্রেণির সকল বই প্রেস কর্তৃক সরবরাহ করা হয়েছে। প্রাক-প্রাথমিকের আমার বাংলা বই ও অনুশীলনী খাতা সহ ১ম ও ২য় শ্রেণির বই পাওয়া যাওয়ায় গত ০৯/০১/২০২২ খ্রি: তারিখে বিদ্যালয় পর্যায়ে বিতরণ কার্যক্রম শেষ হয়েছে। | স্বাস্থ্য বিধি মেনে বিদ্যালয়ে নির্ধারিত রুটিন অনুযায়ী পাঠদান কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। শিশু জরীপ অনুযায়ী ভর্তি কার্যক্রম চলমান রাখতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার/ সংশ্লিষ্ট সকল |
| ০৩ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক কর্মকর্তা সভায় জানান যে, বিগত ০৮/০১/২০২২ তারিখ হতে শিক্ষার্থীদের কোভিড ভ্যাকসিন উপজেলা হতে দেয়া হয়েছে। মাধ্যমিক স্তরের বিনামূল্যে পাঠ্যপুস্তক মাদ্রাসায় সম্পূর্ণরুপে বিতরণ করা হয়েছে। হাই স্কুলে বিনামূল্যে প্রায় ৯০% বই বিতরণ করা হয়েছে, বাকীগুলো প্রাপ্তি সাপেক্ষে বিতরণ করা হবে। এছাড়া দাপ্তরিক কার্যসমূহ স্বাভাবিক চলছে। | সরকার কর্তৃক সময়ে সময়ে শিক্ষা কার্যক্রমের বিষয়ে জারীকৃত নির্দেশনা অনুযায়ী মাধ্যমিক শিক্ষা কার্যক্রম সম্পন্নের জন্য সভায় গুরুত্ব আরোপ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
